



সিগ্নেট প্ৰেস ৰুলিকাতা

প্ৰকাশক मिनौ পর্মার গুপ্ত দিগ্নেট প্রেস ১০া২ এলগিন রোড কলিকাতা ২০ প্রচ্ছদপটের ছবি শভু সাহা মুদ্রক রামকৃষ্ণ ভট্টাচার্য প্রভু প্রেস ৩০ কর্ম ওআলিস স্ট্রিট প্রজ্জদপট ছাপিয়েছেন গদেন এণ্ড কোম্পানি ১ শর্ট ক্লিট বাধিয়েছেন বাসন্তী বাই ডিং ওয়ার্কস ৬১৷১ মির্জাপুর ব্রিট সর্বস্থত সংর্কিত

দাম আড়াই টাকা



## শ্রীস্থরেশ চক্রবর্তী বন্ধুবরেষু

ট্রেনের গতি মহুর হইয়া আসিয়াছে…

ত্ই ধারে অসংখ্য লাইনের জটিল সমাবেশ; নানা প্রকার ইঞ্জিন,
যাত্রী ও মালগাড়ির উচ্ছুখল জটলা। থানিকক্ষ্ণ চাহিয়া দেখিতে
দেখিতে মনে কেমন একটা আনন্দমিশ্রিত আতঙ্ক জাগে।
মাহুষের স্বষ্ট এই যম্বের জগতে মাহুষকেই একান্ত অসহায়,
নগন্ত মনে হয়।

ধীর মহৃণ গতিতে ট্রেন চলিয়াছে। পায়ের নিচ দিয়া শাখা লাইনগুলি থাকিয়া থাকিয়া বিশাল কৃষ্ণকায় অজগর সর্পের মতো কিলবিল করিয়া ক্রভবেগে সরিয়া যাইতেছে। দ্রের ইঞ্জিনের তীক্ষ হুইস্ল, গাড়ির সঙ্গে গাড়ির ধাকা, ট্রেনের গন্তীর চক্রধানি—সমন্ত মিলিয়া এক অপরূপ শব্দ-লোক—মামুষের কণ্ঠ সেধানে যেন অর্থহীন।

বিশাল বিদ্বয়-ভোরণের মতো স্টেশনের পশ্চিমের ওভারহেছ ব্রিজ অভার্থনা করিবার জন্ম দাঁড়াইয়া আছে। সশন্ধ সমারোহে তাহার নিচ দিয়া ট্রেন পার হইয়া গেল। ট্রেনের গৃতি এবার আরও মৃত্। কুলির দল প্লাটফর্মের ধারে সাগ্রহ প্রতীক্ষায় নিশ্চল হইয়া দাঁড়াইয়া আছে। স্টেশনের বিরাট জঠরে ট্রেন প্রবেশ করিতেতে।

:(२৫)

সবে সকাল হইয়াছে। হাওড়া স্টেশনের ভিতরে এখনও আবছা অন্ধকার। শুধু উর্ধের স্কাইলাইটগুলা প্রভাত-স্থের আলো লাগিয়া স্ফটিকের মডো ঝলমল করিতেছে।

এ-যুগের মান্নবের সময় নাই, মনও বুঝি অসাড়। নহিলে বিশাল কৌশনের একটি অপরূপ মহিমা তাহার মনকেও স্পর্শ করিত। প্রয়োজনের থাতিরে গড়া একটি ইমারত রূপে নয়, প্রয়োজনের অতিরিক্ত একটি বাঞ্চনা দিয়া, ইট-কাঠ ও ধাতৃ নির্মিত এই আয়তন তাহার মনকে দো । দিতে পারিত।

এখানে আছে দবই, মন্দিরের ধ্যানময় গান্তীর্য, অস্বচ্ছ আলোয় বহু মানুষের মিলনের রহস্ত — বন্ধ-জগতের এই দেউলে আদিয়া গতির দেবতার মৃত-রূপ অন্তত্তব করিয়া বিশ্বয়ে আননেদ শুরু হইবার কথা।

কিন্ত শুধু প্রাণধারণের ব্যস্তভায় মাছ্যেরে সভাই আর সময় নাই। পুরাতন দেবতাকে সে অবহেলা করিয়াছে, নৃতন দেবতাকে খুজিয়া পায় নাই।

ট্রেন আদিয়া শাগিল। চারিধারে প্ল্যাটকর্ম হঠাং জনসমাগমে, কোলাহলে মুখর হইয়া উঠিয়াছে।

ংউন যেন জীবনের রূপক। অসংখ্য মাতৃষ কয়েকটি ঘণ্টার জ্ঞা একতা হইয়াছিল। পরিচয় সম্পূর্ণ হইতে না হইতেই স্মাবার স্বাই পৃথক হইয়া পড়িতেছে।

কুলিরা মোট লইবার বাস্ততায় হুড়াহড়ি করিতেছে। কি জানি কেন, ট্রেনটা আজ প্রায় থালিই আদিয়াছে। কামরাগুলা হইতে একটি ছুটির বেশি লোক বাহির হফুনা। ইন্টার-ক্লাশের একটি ছোট কামরায় কয়েকটা কুলি প্রবেশ করিবার জন্ম ঠেলাঠেলি করিতেছিল। কামরায় একটি মাত্র লোক। ট্রেন থামিলেও, তাহার যেন নামিবার ব্যস্ততা নাই। অর্থহীন দৃষ্টিতে সামনের প্ল্যাটফর্মের দিকে চাহিয়া সে বেঞ্চির উপর বসিয়াছিল।

একজন কুলি ভিতরে ঢুকিয়া বাঙ্কের উপর হইতে একটা বড় ট্রাঙ্ক একেবারে নিচে নামাইয়া ফেলিয়া বলিল—"বাবু, গাড়ি হবে তো ?"

লোকটির যেন চমক ভাঙিল। হঠাৎ উঠিয়া পড়িয়া কামরার থোলা দরজা দিয়া দে নিচে নামিয়া গেল।

ভদ্রলোকের কাণ্ড দেখিয়া কুলি তো অবাক। মোট-ঘাটের থোঁজ না লইয়া সে সটান চলিয়া যাইতেছে!

পিছন হইতে কুলির ডাকে লোকটি ফিবিয়া দাঁড়াইল। মোট-ঘাট কোথায় লইয়া যাইবে কুলি তাহাই জিজ্ঞানা করিতেছে।

মোট-ঘাট ! ভর্দলোক যেন অত্যন্ত বিপন্ন বোধ করিয়া চারিদিকে চাহিল, তারপর বিরক্তির স্বরে বলিল, "আমার তো মোট-ঘাট নেই !"

কুলিরা ম্থ-চাওয়াচাওয় করিতেছিল। এমন ব্যাপার তাহাদের কুলিজীবনে বড় একটা ঘটে নাই নিশ্চমই। ব্যাপারটাম তাহাদের যে স্থবিধা আছে, এটুকু অহমান করিতে তাহাদের তেমন দেরি হইল না। তবু একজন একেবারে নিশ্চিম্ত হইবার জন্মই বোধ হয় জিজ্ঞাসা করিল, যে এ সমস্ত মাল তাঁহার কি না।

मारलव मरश এकि वर् द्वांक निर्देश नामारना इडेशार्इ, स्मिल्क

ভাকাইয়া লোকটি ঘাড় নাড়িল। কুলিরা যেন এইবার যাইবার অহমতি দিয়া বলিল, "তব যাইয়ে!" লোকটি আবার ফিরিল। বাত্রীদের ভিড়ে অদৃশ্য না হওয়া পর্যন্ত কুলিরা একটু শক্ষিত ও সন্দিশ্ধভাবে তাহার যাওয়া হয়তো লক্ষ্যও করিল। লক্ষ্য করিবার বিশেষ কিছু নাই। সাধারণ ভদ্রলোকের মতো চেহারা, মুখে-চোখে অস্বাভাবিক কোনো ছাপ নাই। একটু কেমন যেন অক্যমনস্ক, কেমন একটু উ আস্ত ভাব। কুলিদের পক্ষে অবশ্য অত-ধানি বোঝা সন্তব নয়।

বে-ওয়ারিশ মালপত্র সব পড়িয়া ছিল। একজন কুলি তাহার সঙ্গীকে ইশারা করিয়া কাছে ডাকিয়া কানে কানে কি বলিল।

জিনিসপত্র এমন বেশি কিছু নয়। একটা বড় টিল টাফ আগেই নামান হইয়াছে। কামরার ভিতর হইতে একটা মাঝারি গোছের চামড়ার স্থটকেশ ও একটা ছোট ব্যাগ বাহির হইল।

মালগুলা লইয়া তাহারা তৎক্ষণাং সরিয়াই পড়িত হয়তো। কিন্তু কুলিদের মধ্যে একজনের হঠাং খটকা লাগিল। লোকটার বয়স হইয়াছে—মনেক দিন ধরিয়া স্টেশনে কুলিগিরি করিবার দক্ষন অনেক কিছু সে জানে।

অপেক্ষাকৃত অল্লব্যক্ষ কুলিটি মাথায় মোট লইবার জন্ম চাদরের বিড়ে ঠিক করিয়া বাঁবিতেছিল। বুড়া তাহার গায়ে হাত দিয়া তাহার দৃষ্টি আকর্ষণ করিয়া যাহা বলিল তাহার ম<sup>র্ক্ত</sup> এই, যে, ব্যাপারটা তাহার সন্দেহজনক মনে হইতেছে। এ মালপত্র রেল-পুলিশে জমা দেওয়াই উচিত।

ছোকরা কুলি ইহাতে অবশ্য চটিল, এবং বৃড়ার ভয়কে উপহাস

করিয়াই মোট-ঘাট মাথায় তুলিবার উত্তোগ করিয়া জানাইল—

এমন দাও ফ্সাইয়া দিতে সে বাজী নয়।

কিন্তু বৃড়া এবার যাহা বলিল তাহাতে দাঁও মারিবার উৎসাহ আর তাহার রহিল না। সভাই লোকটা কি আর অকারণে মালপত্ত ফেলিয়া পলায়ন করিয়াছে! এডক্ষণে মনে হইল, যেন পিছন হইতে ডাকিবার পর লোকটা একটু ভীতভাবেই ফিরিয়া দাঁড়াইয়াছিল। বৃড়া কুলির কথাটাকে হাসিয়া উড়াইয়া দিবার প্রবৃত্তি আর তাহার হইল না। হয়তো সভাই এই মালপত্তের ভিতর সন্দেহজনক কিছু আছে। তাহারা চুরি করিতে গিয়া বিপদে পড়িবে। বুড়া কুলি এরকম ব্যাপার আগেও অনেক দেখিয়াছে। প্রকাও টাকটার ভিতর সন্তিই একটা মাহুষের লাশ যে নাই, এ-কথা কে বলিতে পারে! স্ক্রেগা থাকিলে, এসব মালপত্ত কেলিয়াই তাহারা পলায়ন করিত। কিন্তু অকান্ত কুলিরা তাহাদের মাল নামাইতে দেখিয়াছে; এ-অবস্থায় একেবারে সমন্ত দায়িত্ব এড়ান অসন্তব। ভয়ে ভয়ে মাল লইয়া তাহারা রেল-পুলিশের আফিসেই পৌছাইয়া দিয়া আদিল।

বে-ভ্যাবিশ মালের তালিকাভুক্ত হইয়া এখনো সে সমস্ত জিনিসপত্র রেলগুদামে পড়িয়া আছে না নিলামে উঠিয়া বিক্রি হইয়া গিয়াছে, আমরা বলিতে পারি না। পুলিশ সন্দেহজ্রমে সে-সব জিনিস খুলিয়া দেখিয়াছিল কি না এং দেখিলে কি-ই বা পাইয়াছিল, তাহাও আমাদের অজ্ঞাত। ট্রাঙ্কের রহস্তের কিনাবা হয় নাই।

## তুই

যাত্রীদের ভিড়ের ভিতর যে-ভদ্রলোক অদৃশ্য হইয়া গিয়াছিল, স্টেশনের বিশাল হল্-এ আবার তাহার দেখা পাওয়া গেল। অক্তমনে নিচের দিকে চাহিয়া স্টেশনের পূর্বতোরণের দিকেই সে চলিয়াছে।

প্ল্যাটফর্মের পেটের কাছে তাহাকে থানিকক্ষণের জন্ম একটু বিত্রত হইতে দেখা গিয়াছিল। কিন্তু শেষ পর্যন্ত এ-পকেট ও-পকেট খুঁজিয়া একটা টিকিট দে খুঁজিয়া পাইল। টিকিটটি না দেখিয়াই সে কালেক্টারের হাতে দিয়াছিল। একবার তাহার উপর চোখ বুলাইয়াই রেলকর্মচারীটিও তাহাকে ছাড়িয়া দিয়াছিল। কেইই টিকিটটি লক্ষ্য ভালো করিয়া করে নাই। করিবার কথাও নুষ। কিন্তু করিলে হয়তো এ-কাহিনী এত জটিল নাও হইতে পারিত।

সকালের প্রথম রৌজ পূর্বভোরণ দিয়া তখন বাঁকাভাবে ফেঁশনের মহণ সম্মধীত মেঝের উপর আসিয়া পড়িয়া গলিত রোপোল মতো দেখাইতেছে। চাহিতে চাহিতে চোধ ঝলসিয়া ধায়। লোকটি নিচের দিকে বোধ হয় চাহিয়া থাকিতে না পারিয়া মুখ ছুলিল। তীত্র আলোয় ধাঁধা লাগিয়া সমস্ত ফেঁশন অন্ধকার মনে হইল, কিন্তু তবু তাহার মনের অন্ধকারের কাছে তাহা

বুঝি কিছুই নয়। এ-অন্ধকারে তবু ঝাপসাভাবে সমস্ত জিনিস চেনা যার; কিন্তু মনের পট তাহার একেবারে গাঢ় নিশ্ছিত্র বিশারণের কালিতে লেপিত হইয়া আছে। অতীতকে চিনিবার এতটুকু চিহ্ন তাহার কোথাও নাই।

লোকটির সম্বন্ধে সত্যকথা এইবার বলা যাইতে পারে। কিছুক্ষণ আগে অকক্ষাৎ মাথার ভিতর অভুত একটি যন্ত্রণার সঙ্গে সঙ্গে নিজেকে সে টেনের একটি কামরায় আবিদ্ধার করিয়াছে।

ভিমে বিস্মায়ে শুদ্ধ হইয়া সে দেখিয়াছে, পরিচিত সব ফেঁশন পার হইয়া টেন হাওড়ার দিকে চলিয়াছে। আশপাশের জগতকৈ তাহার চেনাই মনে হইয়াছে। মনে হইয়াছে এই পথ দিয়া যাত্রা তাহার আজ নৃতন নয়। আগেও সে এই সমস্ত পল্লী, প্রান্তর, কলকার্থানার মাঝ্যান দিয়া গিয়াছে।

কিন্তু কবে ? কেমন করিয়া পরিচিত এই পৃথিবীর ভিতর হঠাৎ আত্মপরিচয় সম্পূর্ণরূপে বিশ্বত হইয়াছে ভাবিয়া অন্তরের মধ্যে সে ভয়ে শিহরিয়া উঠিয়াছে। মাথার য়য়ণার অপেকা এ-য়য়ণা যেন আবো তীব্র। সমস্ত ইভিহাস যেন ভাহার শ্বতির দ্বারপ্রাক্তে অপেকা করিয়া আছে, একটু চেন্তা করিলেই যেন ভাহাদের নাগাল পাওয়া যায়, কিন্তু পারা যাইতেছে না। কঠিন পাষাণ-দ্বার অটল ভাবে দাঁড়াইয়া, কোথাও ভাহার এতটুকু ছিল্ল নাই, প্রাণপণে ভাহাকে এতটুকু নড়াইবার উপায় নাই।

লোকটি ঘামিয়া উঠিয়াছিল আতত্ত্ব। একবার মনে হইয়াছে, মনের এ সাময়িক অসাড়তা মাত্র। একটু চুপ করিয়া থাকিলেই কাটিয়া যাইবে। কামরার থোলা জানালায় প্রথল হাওয়ায় মাথা রাথিয়া সে চুপ করিয়া বসিয়া রহিল। কিছু বৃথা! পিছনের গাঢ় অন্ধকার তেমনি তুর্ভেত হইয়া রহিল। সে-অন্ধকার বিদীর্ণ করিয়া অতীতের কানো আলোর রেথার প্রবেশ করিবার যেন সাধ্য নাই।

অন্বিরভাবে উঠিয়া পড়িয়া কামরার ভিতর এইবার সে পায়চাঝি করিতে লাগিল। ট্রেন ক্রমশই হাওড়ার দিকে অগ্রসর হইতেছে। জানালা দিয়া টেনিগ্রাফ-পোস্টে দেখা গেল আর মাত্র আট মাইল বাকি। সত্যই কি শ্বতি তাহার একেবারে নই হই গিয়াছে! বিশাল পৃথিবীর মাঝে শিশুর মতো অসহায় হইয়া আবা কি তাহাকে জীবনের নৃতন পাতা খুলিতে হইবে ?

পাষচারি করিতে করিতে ক্লান্ত হইয়া এক সময়ে আবার সে বেঞ্চির উপর বসিয়া পড়িল। মাথার যন্ত্রণাটা একটু কমিয়াছে বটে; কিন্তু মনের অসহু অস্বতি সেই পরিমাণে বাড়িয়াছে।

মনের এই আতক্ষের ভিতর গুছাইয়া চিস্তা করা সম্ভব নয়। তব্ সে একবার বিশৃষ্থল ভাবনাগুলিকে বশে আনিবার চেষ্টা করিল। এই টেনে তাহার থাকিবার নিশ্চয়ই একটা কারণ আছে। কোথায় যাইবার জন্ম কি কারণে টেনে উঠিয়াছিল, তাহা শ্বরণ করিতে পারিলেই বহস্ত অনেকটা পরিস্থার হইয়া যায়।

বে সব স্টেশন পার হইষা গিয়াছে তাহার নামগুলি সে শাণ করিবার চেষ্টা করিল। বিশেষ কিছুই মনে হইল না। শ্রীরামপুরের আগে আর কোনো স্টেশনের কথাই তাহার মনে নাই। শ্রীরামপুরে নিশ্চয়ই সে ওঠে নাই। শ্ররণশক্তি তাহার সে পর্যন্ত বেশ প্রথব আছে; কিন্তু তাহার পরেই অক্ককার। সেই অক্কারের ভিতর ইইতে এই ট্রেনের সঙ্গে নৃতন জীবনে নবজাত শিশুর মতো সে বাহির ইইয়া আসিয়াছে। গভীর হতাশায় সে চোথ বৃজিল। ট্রেন তথন স্টেশনে প্রবেশ করিতেছে।

হাওড়া ফেশন হইতে বাহিব হইয়া কোন দিকে যাইবে, কিছুই সে ঠিক করিতে পারিল না। বিশাল নগর নিলা হইতে জাগিয়া প্রভাতের আলোয় ব্যস্ত হইয়া উঠিয়াছে। গলার ছই পারে মার্যুবের স্রোত—কোথাও বা আবর্ত। হঠাৎ দেখিলে মনে হয়, এই জনতাই যেন সভা, উহার ভিতর প্রত্যেকটি মার্যুবের পৃথক সত্তা যেন নাই। কিন্তু তাহা তো ঠিক নয়। প্রভাকটি মার্যুব্ এক-একটি বিভিন্ন কাহিনীর ধারা ব্হন করিয়া চলিয়াছে। রাত্রির স্বয়ুপ্তির মাঝে তাহার মতো ইহারা কেহই সে-কাহিনীর বেই হারাইয়া বসে নাই। মার্যুবের এই অরণ্যে সেই ভুধু নামহীন, গোত্রহীন।

হঠ: ২ লোকটির টিকিটের কথা মনে পড়িল।

টিকিটে তো নিশ্চয়ই কোন স্টেশন হইতে উঠিয়াছিল তাহা লেখা আছে। সে নাম দেখিলেও বেন হয় সব কথা তাহার শ্বরণ হইতে পারে। আকস্মিক উল্লাস কিন্তু পর মূহুর্তেই গভীর হতাশায় পরিণত হইল। টিকিট তো বে না দেখিয়াই প্রাটফর্মের দারে দিয়া আসিয়াছে। এতক্ষণে যাত্রীদের পার করিয়া দিয়া টিকিট-কালেক্টার নিশ্চয় চলিয়া গিয়াছে। যদি তাহাকে খুঁজিয়া বাহির করা সম্ভবও হয়, তব্ও এত লোকের ভিতর তাহার টিকিটের কথা স্বরণ করিয়া সে নিশ্চয় রাথে নাই। উদ্বেশ্রবিহীন ভাবে অগ্রসর হইতে হইতে লোকটি হাওড়ার পোলের উপর আসিয়া উঠিল। মন তাহার একেবারে তথন দমিয়া গিয়াছে। নিজের পরিচয় খুঁজিয়া পাইবার সা সেপ্রায় ছাড়িয়াই দিয়াছে। নগরের এই উদ্বেলিত জনসম্প্রের মাঝে সে একেবারে নিংসল, স্বতম্ভা। এই নিংসল্বার মতো কাবহ স্বস্থুভি বৃঝি স্বার কিছু নাই। মনের ভিতরকার বিরাজ স্প্রতাম বেন স্থাস রোধ করিয়া দিতে চায়। বাহিরের পৃথিবীর এও বর্ণ, এত রূপ, কিছু তাহাতে কোনো সাস্থনা নাই—স্মৃতির ভাগুরে সে-রঙ মিলাইয়া সাজাইবার উপায় নাই বলিয়াই সমন্ত যেন স্বর্থহীন হইয়া গিয়াছে।

আশ্চর্যের বিষয় এই, যে, কিছুই তাহার অপরিচিত মনে হইতেছে না। এই হাওড়ার পোল দিয়া সে যেন কত বার যাতায়াত করিয়াছে। পোলের ওপারে কলিকাতার পাটের নামও যেন সে অরণ করিতে পারে, কিছু অরণ করিতে পারে ঠিকু বইএ-পড়া কাহিনীর মতো, কিছুর স্থিত তাহার ব্যক্তিগত যোগ যেন কোনোদিন ছিল না।

ভাষার এই দেহে এতদিন আর একটি মান্থ্য যেন বাদ করিছা
নিজের সমস্ত চিহ্ন বিলুপ্ত করিয়া চলিয়া গিয়াছে। ভাডার
বাড়ির মতো দে হঠাৎ এখানে আদিয়া উঠিয়াছে। ভারের
বাদিনার কোনো কথাই ভাষার জানিবার উপায় নাই।

নিজেকে সে এবার চিনিবার চেষ্টা করে। কতই বা ভাহার বয়স হইবে ? পোলে উঠিবার আগে রান্ডার ধারের একটি দোকানের আয়নায় নিজের চেহারা সে দেখিয়াছে; ত্রিশের বেশি ।
বয়দ হইয়াছে বলিয়া মনে হয় নাই। নিরপেক ভাবে বিচার করিলে,
চেহারাটা নিতান্ত খারাপও নয়। বেশভ্ষার দিকে তাকাইয়া মনে
হয়, তাহার দেহের ভৃতপূর্ব বাদিনার অবস্থাও নিতান্ত খারাপ
ছিল না। পকেটে একটা মনি-বাাগ হইতে গোটা পাঁচেক
দেশটাকার নোট ও খুচরা কয়েকটা টাকা বাহির হইয়াছে। সমন্ত
পকেট তয় তয় করিয়া খুজিয়া গত জীবনের চিহ্নস্বরূপ কোনো
কাগজপত্র সে পায় নাই। নিজের কথা আলোচনা করিয়া ইহার
বেশি কিছু সে জানিতে পারে না। এইটুকু পরিচয় লইয়াই নৃতন
পৃথিবীতে তাহাকে প্রাণধারণ করিবার চেষ্টা করিতে হইবে।
মরিবার উপায় নাই, ইচ্ছাও নাই। আজ হইতে স্বতম্ব একটি
সত্তা স্বষ্টি করিয়া মাছুয়ের মাঝখানে তাহাকে দিন কাটাইতে
হইবে। কিন্তু কেমন করিয়া ? ভবিয়তের কথা ভাবিয়া ভয়ে
সত্যই সে শিহরিয়া উঠে।

নিজেকে খুঁজিয়া বাহির করিবার সতাই কি আর কোনো পথ নাই? পথ চলিতে চলিতে তাহার আশা হয় হয়তো কোনো পরিচিত লোকের সহিত দেখাও হইয়া যাইতে পারে। সে না চিনিতে পারিলেও, সে-লোকটি হয়তো এখনে তাহাকে সম্বোধন করিয়া তাহার মনের যবনিকা অপসারিত করিয়া দিবে। উৎস্কক ভাবে পথিকদের মুখের দিকে সে তাকাইয়া দেখিতে দেখিতে অগ্রসর হয়। পথিকেরা উদাসীন ভাবে পথ কাটাইয়া চলিয়া যায়।

মন তাহার আবার নবোদ্যাটিত জীব<u>নের প্রথ</u>ম কয়েকটি মূহুর্তে

কিরিয়া পিয়া অতীতের ছিন্ন প্রত্ত সন্ধান করিবার চেষ্টা করে।

শ্রীরামপুরের আগের কোনো দেইশন হইতে সে কি
টেনে উঠিয়াছে ? কে বলিতে পারে, সেখানে তাহার স্ত্রীপুত্র

নিশ্চিন্ত মনে তাহার ফিরিবার প্রত্যাশায় আছে কিনা ? বাঙলার
কোন দ্ব নগরে, কোন অখ্যাত গ্রামে তাহার বসতি কে জানে!
কল্পনার নানা চিত্র সে মনে মনে রচনা করে। কল্পনার এই
উপকরণ মনের মধ্যে আছে দেখিয়া সে একটু বিস্মিতও হয়
সঙ্গেল সং

মনে জাগে—পানায় ঢাকা ঢোট একটি পুদ্বিগীকে ঘিরিয়া করেকটি থড়ের কুটির। পুকুরের চারিধারে থেজুর-গুঁড়ি দিয়া

— কয়েকটি ঘাট তৈয়ার হইয়াছে, তাহারই একটি ঘাটে চিবুক পর্যস্ত কস্তাপাড় শাড়ির লোমটা টানিয়া যুবতী-বধু বাসন ধুইতে আসিয়াছে, সঙ্গে সঙ্গে উলঙ্গ ত্রস্ত একটি শিশু। বধুটি বিব্রত হইয়া আছে। শিশু ও ঘোমটা একসঙ্গে তুই সামলাইয়া বাসন ধোয়া অত্যন্ত কঠিন ব্যাপার্। শিশুটি জলের সহিত মিতালি করিবার চেপ্তায় যায়ের কাছে বাধা পাইয়া তাহার মুখের ঘোমটা সক্ষইবার জন্ম ব্যন্ত হইয়া পড়িয়াছে।

অভুত! এত কিছু থাকিতে এই দৃষ্ঠ তাহার চোথে জাগিয়া উঠিল কেন, সে প্রথমটা ভাবিয়া পাইল না। তবে কি সতাই এই ছবিটির সহিত তাহার কোনো যোগ কোথাও আছে? কিছু এ স্থা-কল্লনা স্থায়ী হয় না। মনে পড়ে, উত্তরপাড়ার পর ট্রেনে আসিতে আসিতে এমনি একটি দৃষ্ঠ যেন সে দেখিয়াছে। কে জানে, হয়তো সত্যকার প্রিয়ক্তন তাহার কেহু নাই। সংসারে ১২ সতাই সে আত্মীয়স্বজনহীন। কিন্তু তবু এই ত্রিশ বছরের জীবনকে

কি স্ত্রে সে বাঁধিয়া রাখিয়াছিল ? কোথায় গেল এই ত্রিশ বংসরের ভাবনা-চিন্তা, আশা, স্বপ্ন, বেদনা। হয়তো আত্মপরিচয়ের সঙ্গে গভীর কোনো বেদনার ক্ষতত তাহার লুপ্ত হইয়া গিয়াছে বিশ্বতির অন্ধকারে। কি সে-বেদনা কে বলিবে ? বিত্যল্পতার মতো তীব্রপ্রভাময়ী কোনো নারী কি তাহার জীবনে আসিয়াছিল !—দেখিলে চক্ষ্ ধাঁধিয়া যায়, স্পর্শ করিবার স্পর্ধা করিলে সমস্ত জীবন পুড়িয়া ছারখার হয়! কিয়া অসহায় কোনো য়ৢত্য ? অন্ধকারের পার হইতে ছর্বল হাত বাড়াইয়া অতি প্রিয় কেহ কি তাহার সম্মৃথে জীবনের ছিয়প্রান্ত আঁকড়াইয়া ধরিবার ব্যর্প চেষা করিয়াছে—সে কি অসহায়ভাবে দাঁড়াইয়া তাহাই দেখিতে বাধ্য হইয়াছে মাত্র! তাহার অতীত জীবনে সেই মৃত্যুপথযাত্রীর শেষ আকৃতি কি সমস্ত আকাশ চিরদিনের মতো মান করিয়া রাখিয়াছিল ?

অসন্তব সব কল্পনা। কিছুই ইহার সত্য নয়। হয়তো অত্যন্ত সাধারণ তাহার জীবন ছিল। প্রতিদিন একটি পরিচিত পথে তাহার জীবন আবর্তিত হইয়াছে। রোমাঞ্চকর কোনো স্থুখ না থাক, উৎকট কোনো তঃখণ্ড ছিল না।

হয়তো কালও বাহির হইবার সময়ে স্ত্রী একট্ হাসিয়া বলিয়াছে
— "তোমার যা ভূলো মন, যা যা বল্লাম মনে থাকে েতা ?"

গভীর হইবার চেষ্টা করিয়া সে বলিয়াছে—"আর যা ভূলি, একটা জিনিস মনে থাকবে।"

श्वी को जूरनी स्टेश विनशाह-"कि ?"

এবার হাসিয়া ফেলিয়া সে বলিয়াছে—"ওই মুথখানা।"

স্ত্রী রাগের ভান করিয়া বলিয়াছে—"থাক থাক, ঢের আদিখ্যেতা হয়েছে! এ কালো-প্যাচার মতো মৃথ আবার ভোমার মনে থাকে! রান্তায়-ঘাটে কত স্থানর মৃথ দেখবে!"

কল্পনার স্রোত মাঝ পথে থামিয়া যায়। অবাক হইয়া লোকটি ভাবে, এ সে কি করিতেছে। স্মৃতিভ্রংশের সঙ্গে মন্তিদ্ধেরও তাহার কি বিক্যুর হইয়াছে। বিশ্বতির ঘনকৃষ্ণ যবনিকাকে কল্পনার রঙে চিহ্নিত ক্রিবার এ হাশুকর প্রয়াস তাহার কেন।

হাওড়ার পোল পার হইয়া এবার যে হারিসন রোডে পড়িয়াছে।
চলিবার কোনো উৎসাহ নাই কিন্তু থামিবেই বা কি জন্ম !
বাণিজ্যকেন্দ্রের ভিতর দিয়া এখানকার পথটি অর্থসম্পর্কে বণিকের
মনের মতোই নির্লজ্জভাবে কুঞ্জী। মান্তবের মনের সমস্ত স্নিশ্বভাকে
লুপ্ত করিয়া লোভ এখানে র্মেন সর্বগ্রাসী হইয়া আছে, আকাশ ও
স্থাকে আড়াল করিবার জন্ম তেমনি উদ্ধতভাবে কুংসিত বাড়িশুলি মাথা তুলিয়াছে।

লোকটির একবার ট্রাম বা বাদে চড়িয়া এই পথটুকু পার হইয়া যাইবার ইচ্ছা হইল। কিন্তু মনের এ-অবস্থায় হাঁটিয়া যাওয়া-টাই তবু একটু তৃপ্তিকর। পদব্রজে চলিতে চলিতেই তবু যেন একট স্পৃদ্ধলভাবে চিন্তা করা যায়।

ভিড়ের ভিতর দিয়া যাইতে যাইতে নিজের এই মনোভার কথা এবার দে ভাবিতেছিল। লোভের এই কুংসিত রূপের প্রতি এত দ্বণা তাহার আসিল কোথা হইতে ? এইটুকু নিশ্চরই সে পূর্ব-জীবন হইতে পাইয়াছে। প্রবৃত্তি ও প্রকৃতি তাহা হইলে তাহার বদলায় নহি—মনের পুরাতন কাঠামেই নৃতন চেতনা লইয়া তাহাকে কাজ করিতে হইবে। কিন্তু মনের কাঠামটিকে সম্পূর্ণভাবে চেনার স্থযোগও ভাহার যে নাই। ঘূটনা ও আবেপ্টনের
এমনি প্রতিক্রিয়ার জন্তই ভাহাকে অপেক্ষা করিয়া থাকিতে হইবে।
কিন্তু সভাই কি প্রকৃতি ও প্রবৃত্তি ভাহার অপ্রবিব্যতিত আছে?

অনেক ভাবিয়া চিস্কিয়া লোকটি মাত্রিমন বোজের এক হোটেলে আদিয়া উঠিয়াছে। এখনো কাছে টাকা আছে—কর্মেক-দিনের মতো বিশ্রাম করিবার ও চিস্কা করিবার সময়ও পাওয়া যাইবে। সে এই সময়ের মধ্যে তাহার ভার্যাকে অবিচলিতভাবে স্বীকার করিয়া লওয়া ছাড়া উপার নাই, বৃশ্বিয়াছে। যৌরনের মাঝামাঝি আদিয়া নৃতন করিয়া জীবনের পার্জায় তাহাকে নিজের কাহিনী রচনা করিতে হইবে—এই বৃঝি তাহার অদৃষ্ট। ইহার বিরুদ্ধে প্রতিবাদ করা নিজল।

হোটেলের থাতার তাহার নৃতন নামকরণ হইরাছে। মনে যাহা আসিয়াছিল, সেই নামই সে বলিয়াছে। হোটেলের লোক তাহাকে প্রভাত বস্তু বলিয়াই জানৈ।

হোটেলে থালি ঘর ছিল না। একেবারে চার তলায় একটি সংকীর্ণ ঘর প্রেলোতকে লইতে ইইয়াছে—ভাড়া সন্তা বলিনা সে আপত্তি করে নাই। পরে ঘর দেবিয়া স্থীই হইয়াছে। এই ঘরটি পাওয়ার ভিতরও বঝি ভাগ্যের হীত আছে।

চারতলার ছাদে ্রহ্<sub>া</sub>একটিমাত্র ঘর। জানালা খুলিলে উত্তরে

রাত হইয়াছে। নিদ্রিত নগরের দীপগুলি মেঘাচ্ছন্ন রাত্রির প্রণাঢ়
অন্ধকার ভেদ করিয়া তারকালোকে যেন তুর্বল মান্তবের প্রার্থনা
পৌছাইয়া দিতে চায়। কিন্ত তাহার বিশ্বতির মতোই দিগস্ভব্যাপী
মেঘপুঞ্বের ক্রম্ব্যবিকা তুর্ভেত।

প্রভাতের মনে হয়, সভাই বছদুরে কোনো বাভায়নপ্রাস্তে কোনো প্রভীক্ষানা বধ্ব নয়নও বেন দীপ হইয়া সংকেত করিতে চাহিতেছে। কাহার স্বামী ফিরিয়া আসে নাই—কোন শিশু-পুত্রের পিতা বিশ্বভিব পার হইতে পুত্রের কারায় সাড়া দিতে পারিতেছে না।

ঘুনাইবার জন্ম প্রজ্যেত সামনের জানালা বন্ধ করিয়া দেয়। আশা হয়, হয়তো কাল সকালে তক্রার ঘোরের সঙ্গে মনের এই কুয়াশাও কাটিয়া যাইবে। জীবনের ছিল্লফ্র সে খুঁজিয়া গাইবে।

## তিন

বাহিরের কলরবে প্রজোতের পরদিন সকালে খুম ভাঙে। কিছ বিছানা হইতে তাহার উঠিতে ইচ্ছা করে না। সে বৃক্তি পারে রাত্রির স্ব্ধি তাহার মনের বদ্ধ দার খুলিতে পারে নাই। স্থৃতির প্রকোষ্ঠ তার তেমনি শৃক্তই আছে।

নুতন জগতে সে একদিনের শিশু মাত্র। এই একদিনের সমস্ত কথা তাহার স্পষ্ট মনে পড়ে, কিন্তু তাহার পরেই অন্ধকার পটভূমি। সে-অন্ধকারে এতটুকু আলোর চিহ্ন কোথাও নাই। গাঢ় হতাশায় প্রত্যোতের মন ভরিয়া যায়। সকালে উঠিয়া সে কি-ই বা করিবে। দেহের প্রয়োজন মেটানো ছাড়া আর কিছুই তো করিবার নাই। বাঁচা মানে শুরু দেহের প্রয়োজন মেটানো যে নয়-এ-কথা আর কোনো প্রকারে ইহার চেয়ে গভীর ভাবে উপলব্ধি করিতে পারিত কিনা তাহার দন্দেহ হয়। স্মৃতির ধারাবাহিকতার সাহায্যে জীবনের একটি বিশিষ্ট রূপ দেওয়া ছাড়া আর কিছুতে অন্তিত্বের সার্থকতা আছে বলিয়া তাহার মনে হয় না। সে সার্থকতা হইতে দে বঞ্চিত। নিজেকে তাহার একান্ত নির্থক মনে হয়। মনের শুক্ত পট লইয়া শুধু বাঁচিবার অভ্যাদে জীবনধারণ করায় কোনো আনন্দই যে নাই। তাহার মনে হয়, স্মৃতি বিলুপ্ত হওয়ার সঙ্গে তাহার এ-অন্তিত্ব মুছিয়া গেলেই ভালো হইত, শৃত্য মনের ভার २(२৫) 39 তাহাকে বহন করিতে হইত না। সে এখন বেশ যেন বৃঝিতে পারিয়াছে, পুরাতন জীবনের সহিত তাহার আর পরিচয় হইবে না। তাহার এই দেহে আর একজন বছদিন বাস করিয়া গিয়াছে, এইটুকু মাত্র সে জানে। কিন্তু এই দেহে যাহার সমাধি হইয়াছে, বিশ্বতির অরগুলি ভেদ করিয়া তাহার সদ্ধান কোনোদিনই সে পাইবে না। নব-চেতনায় জীবন হয়তো দীঘই হইবে, ভাবিয়া তাহার ভয় হয়। পৃথিবীতে কিছুর সহিত যাহার সম্বন্ধ নাই, সে জীবন বহন করার মতো অভিশাপ তাহার মনে হয় বৃঝি আর কিছু নাই।

প্রভাতের মনে এই গভীর হভাশা কিন্তু স্থায়ী হয় না। বেলা বাড়িবার দক্ষে দক্ষে তাহার মন অনেকটা স্থির হইয়া আদে। বিচিত্র বর্ণসমারোহ লইয়া বর্তমান ধীরে ধীরে তাহার মনকে অধিকার করিতেছে। বিলুপ্ত অতীতের পদচ্চিহ্ন যুঁজিবার বার্থ-চেপ্তায় হয়রান হইয়া কোনো লাভ নাই বুঝিয়া তাহার মন একটু বুঝি প্রবাধ মানিয়াছে। বিশ্বতির যবনিকা কোনোদিন আপনা হইতে সরিয়া যায় ভালোই। আর যদি দে-সৌভাগ্য ভাহার না হয়, "তাহা হইলে দে বুঝিয়াছে, এই জীবনকেই তাহাকে গ্রহণ করিতে হইবে। দেই জন্মই তাহার প্রস্তুত্ত হওয়া প্রয়োজন। অতি প্রিয়্যজনের শোক্ত মাহ্মবকে ভূলিতে হয়। তাহাকে অবশ্বজারও বেশি কিছু করিতে হইবে—নিজের মৃত্যুর শোক তাহাকে প্রশাবত হেইবে। কিন্তু না ভূলিয়া আর উপায় কি! অন্ধ্বনারে প্রাণপণে হাতড়াইয়া ফিরিলেও কিছু মিলিবে, এমন ভরদা ভোনাই। তাহাকে নৃতন চেতনার জগতের সম্মুখীন হইতেই হইবে।

বিশ্বতিনিমগ্ন গতজীবন কবে জাগিয়া উঠিবে, তার নিক্ষ প্রতীক্ষায় না থাকিয়া, নৃতন করিয়া ভিত্তি গাঁথিবার চেষ্টা তাহাকে করিতেই হইবে।

ন্তন জীবনের প্রথম সমস্তা দেখা দেয়—অর্থের জভাব রূপে।
হাতে যাহা পুঁজি আছে তাহাতে হোটেলে বেশিদিন থাকা যাইবে
না। অন্তান্ত ভাবনার ভিতর জীবিকানির্বাহের চিস্তাই প্রভাতকুমারের কাছে বড় হইয়া ওঠে। এই ট্রাকা ফুরাইবার আগে কি
যে ব্যবস্থা করা যাইতে পারে তাহা এ-পর্যন্ত সে ভাবিয়া পায়
নাই। ব্যাকুল হইয়া খবুরের কাগজের বিজ্ঞাপন দেবিয়াছে, কয়েক
জায়গায় ছুটাছুটিও করিয়াছে; আশা কোথাও পায় নাই।

প্রতিদিন তাহার সঞ্চা ত্রাইয়া আসার সঙ্গে সংক প্রভাতের আশহার আর সীমা থাকে না। ঐ টাকা কটি শেষ হইলেই একেবারে সে নিরাশ্রয় হইবে। কোথাও গিয়া তাহার দাঁড়াইবার জায়গা নাই। কাহারও কাছে সাহায্য পাইবার আশা সে রাথে না। অপরিচিত পৃথিবীতে সে নিঃসহায়।

তাহাকে নৃতন করিয়া জীবন আরম্ভ করিতে হইবে, কিন্তু তাহার জন্ম প্রথম যাহা প্রয়োজন তাহাই সে সংগ্রহ করিবে কেমন করিয়া! পৃথিবীতে অসংখ্য মাহুষ পরস্পরের সহিত নানা সম্বন্ধে শাথায়-প্রশাথায় জড়াজড়ি করিয়া সমস্ত স্থান অধিকার করিয়া আছে—বাহির হইতে হঠাৎ আদিয়া তাহার ভিতর জায়গা পাওয়া যে অসভব।

জীবিকানির্বাহের জন্ম মারুষের সংসাবে একটা কাজ তাহার চাই। কিন্তু কি কাজের সে উপযুক্ত তাহা কয়দিনে প্রত্যোত ভাবিয়া পায় নাই। বিশ্বতজীবনে কি কাজ তাহার ছিল, কে জানে! নৃতন চেতনায় কোনো কিছুর প্রতিই অহরন্ধি সে এখনও খুঁজিয়া পাইতেছে না। শিক্ষাদীকার দিক দিয়া বিশেষ দরিত্র সে নয়। ভাহার আত্মবিশ্বতির একটি বহস্তময় দিক এই, বে নিজেব পরিচয় ছাড়া আর অনেক কিছুই তাহার মনে আছে। বিভার্জন সে বে একদিন করিয়াছিল, এ-বিষয়ে তাহার কোনো সন্দেহ নাই। সে-বিভা সে বিশ্বতিও হয় নাই।

কত বিষয়ে যে তাহার জ্ঞান আছে তাহার পরিচয় পাইয়া সে
নিজেই অবাক হইয়া যায়। নিজের কাছেই সে যেন একটা অন্ধবার
অনাবিষ্ণুত জগং। সে জগতকে সম্পূর্ণভাবে দেখা যায় না,
বাহিরের সংসাবের সঙ্গে তাহার যোগস্ত্রগুলিও লুপ্ত হইয়া
গিয়াছে—তবু সেই অন্ধকারের ভিতর হইতে ছাড়া-ছাড়া ভাবে
অনেক কিছু ভাদিয়া আদে।

কিন্তু এই অসংলগ্ন মনের ঐশ্বর্য-পরিচয় লইয়া সংসাবে নিজের ঠাই খুঁজিয়া লওয়া সহজু নয়। প্রত্যোত এখনও পর্যন্ত কোন দিক দিয়া অগ্রসর হইবে, তাহা ঠিক করিতে পারে নাই।

ক্ষদিন হইল, তাহার ঘবে আর এক ভদ্রলোকের সিট পড়িয়াছে। অত্যন্ত শীর্ণ ও থর্বকায় হওয়ার দক্ষন সহজে লোকটির বয়স বোঝা যায় না। মনে হয়, কৈশোর পার হইবার পর তারের দেহের বৃদ্ধি একেবারে স্থগিত হইয়া আছে। শুধু মূথের রেথাগুলি একটু কঠিন হইয়াছে-মাত্র।

তাহার ঘরের নিভৃত নির্জনতাটুকু দ্ব হওয়ায় প্রথম দিন ২০ লোকটিকে তাহার অত্যন্ত খারাপই লাগিয়াছিল। আলাপ করিবার্ক উৎসাহ তাহার হয় নাই। ভদ্রলোকের দিক হইতে আগ্রহ বেটুকু ছিল—ভাহার প্রদাসীত্তে সেটুকু বিফল হইয়াছে।

কিন্তু ক্রমশ বোঝা গেল, লোকটি অত্যন্ত নিরীহ প্রকৃতির। বিশেষ কোন হালাম নাই। যতকণ ঘরে থাকেন বইএর মধ্যে এমন করিয়া মগ্ন থাকেন, যে ঘরে লোক আছে বলিয়াই মনে হয় না।

ধীরে ধীরে একটু একটু করিয়া ছইজনের পরিচয় হইয়াছে। পরিচয় একতরকাই বলিতে হইবে। প্রভোত নিজের সম্বন্ধে যথাসম্ভব নীরবেই থাকিয়াছে। মিথ্যা একটা কাহিনী তৈরি করিয়া বলিতে তাহার ভালো লাগে না।

অমলবাবু কিন্তু একটু একটু করিয়া নিজের সম্বন্ধ অনেক কথাই বলিয়াছেন। অমলবাবু সেই ধরনের তুর্বলপ্রকৃতির মান্তব্ব, হঠাৎ দেখিলে যাহাদের অত্যন্ত আত্মন্ত্ব, অত্যন্ত চাপা বলিয়া মনে হয়। মনে হয়, আপনার চারিধারে তাহারা মৌনতার তুর্ভেত প্রাকার তুলিয়া নিজেদের মধ্যে বাস করিতে ভালোবাসে। কিন্তু তাহাদের এই আত্মন্তবার মূলে সঙ্কোচ ছাড়া আর কিছুই নাই। বাহির হইতে আঘাত পাওয়ার আশহাতেই তাহারা নিজেদের অনধিগম্য বলিয়া প্রমাণ করিতে চায়। কিন্তু মান্তবের সহাত্মভূতির এতটুকু উত্তাপে তাহাদের চারিধারের প্রাচীর তুষারের মতো গলিয়া যাইতে দেরি হয় না। বাহিরের কাঠিত্যের আড়ালে তাহাদের কোমল হলয় মাহুবের সমবেদনার জন্মই বুঝি লালায়িত হইয়া থাকে।

ন্তন জীবনে অমলবাবু প্রভোতের প্রথম আত্মীয়। এই রকম

ুকটি লোকের সহিত তাহার প্রথম পরিচয়ের প্রয়োজন বৃষ্ণি ছিল। এই নিরীহ লোকটির কাছে তাহার জীবনের ুটিনাটি বিবরণ শুনিতে শুনিতে প্রজ্যোতের প্রথম এক কাছে হয়। শুতির যে স্বর ছিল্ল হওয়ায় তাহার অন্তিম অর্থহীন হইয় আছে, এই লোকটির কাছে তাহার মৃল্য কিছুই নাই। অতীতের ধারা হইতে নিজেকে বিচ্ছিল্ল করিতে পারিলেই যেন অমলবার বাঁচেন। তাঁহার জীবন-কাহিনী অবশ্র মধুর নয়; কিন্তু তিক্ত হউক, কর্মণ হউক, এমনি একটি জীবনের ধারার সহিত সংলগ্ন হইতে পারিলে যে প্রজ্যোত নিশ্চিম্ত হইত। যে সংকীণ দ্বীপের মধ্যে সে নির্বাসিত হইয়াছে তাহার চারিদিকে শুধু দিক-চিহ্নহীন অন্ধান হত্তর সাগর। এই দ্বীপের ভ্যাবহ নির্দ্ধনতা সহ্য করিবার ক্ষমতা তার আছে কিনা সন্দেহ হয়। সমস্ত সংসার হইতে বিচ্ছিল্ল, স্মধ্যয়িত এই দ্বীপটি এখন হইতে তাহাকে একাকী সার্থকতায় শ্রামাল ব

অবশ্র মাহর মাত্রেই বৃঝি এমনি এক-একটি বিচ্ছিন্ন দ্বীপ, স্প্রের রহস্য সাগবে ঘেরা! প্রত্যেক নবজাত শিশুকেই অমনি একটি স্বতম্র বিচ্ছিন্ন জগং ধীরে ধীরে গড়িয়া তুলিতে হয়। কিন্তু তাহাদের শিছনে বহু মাহ্যের অভিজ্ঞতা সাহায্য করে। তাহাদের দ্বীপেন্মুন্তিকা বহু যুগের স্মৃতির ধারায় উর্বর করিয়া তোলে। চারিধ ... সেখানে পথচিহ্ন। তা ছাড়া নিজের জগতকে বীরে ধীরে চিনিবার সময় শিশু পায়। চেতনা যখন তাহার স্প্রিকৃট হয় তখন বাহিরের জগতের সহিত তাহার পরিচয় ও আলানপ্রদানের বহু ২২

পথ নির্মিত হইয়া গিয়াছে । নিজের গতি নিয়য়ত করিবার মতো নির্দেশ দে পাইয়াছে । তাহার ভবিয়তের ছক প্রায় কাটাই থাকে, একটু-আবটু অদল-বদল করা মাত্র তাহার প্রয়েজন । কিন্তু পূর্ণবিকশিত চেতনা লইয়া যে স্বতন্ত্র জগতে দে অকস্মাৎ ভূমিষ্ঠ হইল তাহা পৃথিবীর চলাচলের পথের একেবারে বাহিরে । একেবারে অনাথ হইয়া যে শিশু জন্মায়, তাহারও চারিধারে স্মৃতির ইতিহাদ সঞ্চিত হইয়া ওঠে । চেতনার সম্পূর্ণ স্ক্রণের পূর্বেই বাহিরের দঙ্গে তাহার নানা সম্বন্ধ নিরূপিত হয়য় যায় । মায়্রের পরিচয়ের গণ্ডির মধ্যে দে স্থান পায় । দেই অনাথ শিশুর চেয়েও প্রত্যোত হতভাগ্য । সংসারের মাঝে থাকিয়াও দে দব কিছুর বাহিরে । পৃথিবীর চেতনার সহিত তাহার সন্তার সংযোগ নাই ; যে-জীবন দে গড়িয়া তুলিতে চায় তাহার কোনো অবলম্বন দে পাইবে না । নবজাত শিশুর সমস্ত স্থোগ হইতে দে বঞ্চিত, শুধু তাহার অসহায় নিঃসম্বতা দে লাভ করিয়াচে ।

অথচ অমলবাবু এমনি নিঃদশ্বতাই যেন কামনা করেন। অতীতকে অশ্বীকার করিতে পারিলেই যেন তিনি বাঁচিয়া যান।

সকাল হইতে অমলবাৰু বাকা পেটরা গুছাইয় ছেন। প্রভোত জিজাসা করিয়া জানিয়াছে, তিনি আজ দেশে যাইটেন। কিন্দ্র থাইবার পর ঘরে আসিয়া দেখা পেল, মোট-ঘাট খুলিয়া ফেলিয়া অমলবাৰু বিষয়মূথে মাথায় হাত দিয়া নিজের বিছানায় বসিয়া আছেন। প্রত্যোত বিশ্বিত হইয়া তাকাইতেই অমলবাবু হতাল ভাবে বললেন—"না: যাব না: ঠিক করলাম।"

তারপর নিজের মনেই বলিলেন—"কি হবে গিছে আমি গিয়ে কিছু যে কিনারা করতে পারব না, তা তারাও জানে, আমিও জানি। তবু এ-প্রহসনে দরকার কি।"

প্রাতন হংথের ইতিহাস। কিন্তু অমলবাবু যেভাবে তাহা গ্রহণ করিয়াছেন তাহাতে নৃতনত্ব আছে। দেনার দায়ে দেশে তাঁহাদের সামান্ত জমিজমা বন্ধক পড়িয়াছে। এবার কিছু বাবস্থা করিছেন গামান্ত জমিজমা বন্ধক পড়িয়াছে। এবার কিছু বাবস্থা করিছেনা পারিলে নিলামে উঠিবে। অবস্থা অমলবাবুর সতাই থারাপ। বিধবা একটি অসহায়া ভগিনী তিনটি পুত্র-কল্পা লইয়া তাঁহাদের বাড়িতেই আশ্রয় লইয়াছে, তাহাদের সমস্ত থরচই চালাইতে হয়। স্মারও তিন ভাই বোন আছে—বোনটির বিবাহের বয়স প্রায় হইয়া আসিল। মাহিনার অভাবে ভাই ছটির স্থল বাওয়া বন্ধ হইয়াছে। মা হৃথে করিয়া লিখিয়াছেন, স্থলে না বাইছে পারিলে সারাদিন পাড়ার বদছেলের সঙ্গে মিলিয়া তাহারা একেবারে বকাটে হইয়া বাইবে ইত্যাদি।

উৎসাহ দিবার চেষ্টা করিয়া প্রজ্যোত বলিল—"তবু আপনার একবার যাওয়া দরকার। তারা একেবালে অসহায়।"

অমলবাবু যেন বিরক্ত হইয়া বলিলেন—"আর আমারই কে সহায় আছে।"

"তবু আপনি বাড়ির একমাত্র ভরসা !"

অমলবাৰু এবার মাথা তুলিলেন না, ক্লান্তকঠে বলিলেন—"ওই ২৪ কথা বাবা মরবার পর এই বারো বছর শুনে আসছি। ওই কথায় .

বিশ্বাস করে নিজের সমস্ত ভবিশুৎ ধীরে ধীরে বিসর্জন দিয়েছি;

কিন্তু এখন আর ভালো লাগে না, প্রভ্যোতবাবু! একটা সীমা

ছাড়িয়ে গেলে আত্মত্যাগও পাপ হয়ে দাঁড়ায়। মনে হয়, সেই
পাপই করেছি।"

প্রত্যোত চূপ করিয়া রহিল। অমলবাবু আবার বলিলেন—"অপরের জীবনের হিসেবের ভুল শোধরাতে নিজেকে সর্বস্থান্ত করে ফেলায় কোথায় মহন্ত আমি তো আর দেখতে পাই না। আমার নিজের জীবনের কোনো মূল্য কি নেই—নিজের প্রতি কোনো কর্তব্যই নেই বলতে চান! বাবা বেহিসাবী ভাবে থরচ করে দেনা করে গোছেন, তারই প্রায়শ্চিত্ত স্বরূপ আমাকে জীবনের সমন্ত সার্থকতা থেকে বঞ্চিত থাকতে হবে, এক মুমুষ্ অকর্মণা রুদ্ধের হাতে মেয়েকে সঁপে দিয়ে তিনি বে নির্ভিতা করে গোছন তারই ফলে আমার সমন্ত জীবন নই হয়ে বাবে—এর কি কোনো মানে হয় ?"

প্রজ্যোত বলিতে যাইতেছিল—"কিন্তু উপায় কি ?"

ভাহার ম্থের কথা কাডিয়া লইয়া অমলবাবু বলিলেন, "উপায় কি একেবারেই নেই! যদি সমস্ত ভুলে থাকতে পারতাম, নিজেকে বাঁচাবার জন্মে যদি অতীতের এই বেড়ি একেবারে ভেঙে ফেলতে পারতাম! জীর্ণ পুরাতন একটা সংসারকে, নিজের জীবন ছিন্নভিন্ন করে তালি দিয়ে বাঁচিয়ে রাখায় আমার কি সার্থকতা? কি লাভ হল এতে বলুন—তাদের ছুদশাও দ্র হল না, নিজেকেও ব্যর্থ করলাম!"

প্রভোত চুপ করিয়ছিল। অমলবাবু উঠিয়া পায়চারি করিতে করিতে উদ্তেজিতভাবে বলিতে লাগিলেন—"হুবেলা চারটে গ টিউশানি করি, পেলে পাঁচটাতেও আপত্তি নেই—আজ দশবছর ধরে এমনি করছি। সমস্ত মন একেবারে অসাড় হয়ে গেছে। অভ্যাসমতো প্রতিদিনের কাজ সেরে যাই, ভালো করে বেঁচে আছি কি না তাও বুঝতে পারি না। এই জীবনই কি আদর্শ বলে মনে করতে হবে। যে অতীত আমার সমস্ত ভবিশ্বতকে নিফল করে দিল তার ধারার সঙ্গে যুক্ত হয়ে থাকবার কি প্রয়োজন? কেন, তাকে অস্বীকার করবার আমাব উপায় নেই?" কিন্তু অস্বীকার করিবার উপায় বোধ হয় নাই। জিনিসপত্র ন্তন করিয়া গুছাইয়া অমলবাবু এক সময়ে আবার দেশের জন্মই রওনাহন।

অমলবাবৃত্ত এই মনোভাব প্রভোতের ভালো লাগে নাই। ইহার ভিতর কেমন একটা তুর্বল স্বার্থপরতার আভাসই সে পাইয়াছে। তাহার মনে হইয়াছে, প্রতিকূল অবস্থার বিরুদ্ধে সংগ্রাম করিবার শক্তি নাই বলিয়াই অমলবাবৃ নিজের অক্ষমতার এমনি কৈফিয়ৎ স্থিটি করিয়াছেন। তবু অমলবাবৃর কথায় একটা নৃতন দিক দেখিতে সে পায়। সতাই এদিকটি সে এ-পর্যন্ত ভাবিয়া দেখে নাই। অতীতের স্মৃতি যে ত্র্বহ ভার হইয়াও উঠিতে পারে, ইহা তাহার জানা ছিল না। সেদিক দিয়া স্তাই সে মৃক্ত, স্বাধীন। নিজের জীবন এখন হইতে ইচ্ছামতো গড়িবার পরিপূর্ণ স্বাধীন সে পাইয়াছে। কে জানে, পিছনের ইতিহাস তাহার ২৬

কেমন! অমলবাবুর চেয়েও হয়তো দেখানে ভয়াবহ জটিলতা আছে। সে-জটিলতা হইতে মৃক্ত হইবার চেট্টাতেই হয়তো তাহার সমস্ত শক্তি নিংশেষ হইয় যাইত, নিজেকে সার্থক করিবার অবসর আর তাহার মিলিত না! শ্বতির ধারা লুপ্ত করিয়া ভাগ্য-দেবতা তাহাকে সমস্ত বন্ধন হইতে মুক্ত করিয়া দিয়াছেন। পরের হিসাবের থাতার জের তাহাকে টানিতে হইবে না। একেবারে শুভ্র অকলম্ব পাতায় তাহার জীবন-কাহিনী রচনা করিবার সৌভাগ্য সে পাইয়াছে।

দেই কাহিনী কেমন করিয়া রচনা করিবে, তাহা অবশ্য ভাবিবার বিষয়। চারিধারে অধিকাংশ মান্ন্য বে-জীবন বাপন করিতেছে, ভাহার কথা ভাবিলে হতাশই ছইতে হয়। অভিত্যের নিমুত্য ভবের শুধু টি কিয়া থাকিবার জন্ম নির্লজ্জ ঠেলাঠেলি করাভেই ভাহাদের সমস্ত শক্তি তো বায় হইয়া বাইতেছে। তাহারও কি ভাই হইবে পু মূলের প্রয়োজনে মাটতে আবদ্ধ থাকিয়া উধ্ব আকাশে দুল ফুটাইবার অবকাশ কি তাহার মিলিবে না পু

এই ঠেলাঠেলির ভিড়ে তাহাকেও ভিড়িতে হইবে ভাবিয়া তাহাক
অত্যক্ত থাবাপ লাগে। অথচ তাহার বাঁচিয়া থাকিবার জন্ম ইহা না
করিলেও নয়! তবু সে মনে মনে শপথ করে, ইহার উর্ধেব সে
উঠিবেই। স্মৃতির পুরাতন পাতা যদি চিরদিনের মতো বন্ধ হইয়া
গিয়া থাকে, যদি সভ্যই বন্ধনহীন করিয়া ভাগ্য তাহাকে নৃতন
পৃথিবীতে জন্ম দিয়া থাকে, তাহা হইলে ভাগ্যের এ-দান সে
মাথা পাতিয়া লইয়া তাহার পরিপূর্ণ ম্যাদা সে রাথিবে।
আত্যবিস্মৃতি এই বুঝি প্রথম তাহার তেমন ভ্যাবহ বলিয়া মনে

হয় না। বন্ধনহীনতারও একটি সান্ধনা আছে। অমলবাবুর মতো অতীতের বিক্জে নিক্ষল আক্রোশ প্রকাশ করা সে পছন্দ করে না, কিন্তু পিছনের টান যেখানে অত প্রবল সেখানে সামনের দিকে অগ্রসর হওয়া যে অত্যন্ত কঠিন, ইহা তাহাকে স্বীকার করিতেই হয়। এ যেন জলা জমিতে ঘর বাধিবার চেট্রা। অর্ধেক উপকরণ ঘূর্বল মৃত্তিকাই গ্রাস করিয়া লয়। জীবনের পুঁজি যাহার অল্প, নৃতন আয়তন নির্মাণ করার বদলে নিজের সমাধিই তাহাকে শেষ পর্যন্ত রচনা করিতে হয়।

প্রভাতের মনে হয়, তাহার চারধারে কভু মাহর্ষই তো এমনি ভাবে ব্যর্থ হইয়া যাইতেছে। পৃথিবীকে মুক্তির ক্ষেত্র করিয়া এখনও মাহ্য গড়িতে পারে নাই। জীবনের নৃতন পথিককে পাথেয় স্বরূপ যাহা দেওয়া হয়, অতীতের ঝণ তাহার ক্ষেদ্ধে চাপাইয়া দেওয়া হয় তাহার চেয়ে অনেক বেশি। সে-ঝণ শোধ না করিলে নয়।

গত জীবনে হয়তো অমলবাব্র মতো দারিদ্রা তাহার পথের বাধা ছিল না। কিন্তু দারিদ্রোর চেয়েও জীবনসাধনার কঠিন অন্তরায় তা আছে। না, আত্মবিশ্বতির জন্ম বৃথা শোক আর সে করিবে না। হয়তো এই তাহার ভালো।

তাহার বন্ধনহীনতার এ-সাস্থনায় ভাগ্যদেবতা বোধ হয় খলক্ষ্যে হাসেন। প্রত্যোতের জীবনের ছক তিনি অনেক জটিল করিয়া কাটিয়াছেন।

দিন কয়েক বাদে সকাল বেলা প্রত্যোত দোতালার এক ভস্ত-২৮ লোকের খবরের কাগজ্ঞটা উল্টাইয়া দেখিতেছিল। কয়দিন ধরিষা

শ্বকাল বেলা খবরের কাগজ্ঞের বিজ্ঞাপন দেখাই তাহার কাজ

হইয়াছে। অনেক রকমের কর্ম-খালির বিজ্ঞাপন এ-পর্যন্ত তাহার

চোখে পড়িয়াছে। নিজের উপযুক্ত একটাও মনে না হইলেও,

দরখান্ত সে কয়েকটা করিতে ভোলে নাই, ফল অবশ্য এখনও কিছু

হইয়াছে বলা যাম না।

ম্যানেজারবাব বারান্দা দিয়া যাইতেছিলেন, তাহাকে দেখিয়া দাঁড়াইয়া বলিলেন—"আপনার একটা চিঠি আছে, প্রভাতবাব; আপনার ঘর বন্ধ দেখে দরজার ফাঁক দিয়ে ফেলে দিয়ে এলাম।" ম্যানেজারবার চলিয়া গেলেন। প্রস্তোত অবাক হইয়া কাপজ রাখিয়া দিল। ম্যানেজারবার তাহাকে পরিহাস করিয়াছেন বলিয়া মনে হইতেছিল। তাহার চিঠি ? তাহাকে কে চিঠি লিখিবে। এক সপ্তাহ পৃথিবীতে বাহার আয়ু, তাহার নামে কে চিঠি পাঠাইতে পারে! কোতৃহলী হইয়া প্রস্তোত উপরে উঠিয়া গেল।

ঘর খুলিবার পর দেখা গ্রেল, সত্যই তাহার নামে চিঠি আদিরাছে। আদিরাছে অমলবাব্র কাছ হইতে। তিনি লিখিয়াছেন,
যে হুই দিনের ছুটি লইয়া দেশে গিয়া তিনি জ্বরে পড়িয়াছেন।
জ্বরটা খারাপ বলিয়াই মনে হইতেছে। সারিয়া কিরিতে বোধ হয়
বিলম্ব হইবে। প্রজোত যদি দয়া করিয়া তাহার ছাত্রদের এই
কয়দিন পড়াইবার ভার লয়, তাহা হইলে তাহার বিশেষ উপকার
হয়। বদলি না দিয়া কামাই করিলে, কাজগুলি তাহার যাইতে
পারে। যে কয়দিন প্রজোত তাহার পরিবর্তে পড়াইবে, সে

কয়দিনের মাহিনা লইতে থেন সে দিধা না করে। অমলবার্ ছাত্রদের ঠিকানাও চিঠিতে জানাইয়াছেন। অমলবাব্র অস্থের সংবাদে ছু:খিত হইলেও, নি:সম্বল অবস্থায় এই স্থবিধাটুকু পাওয়ায় প্রভাোত খুশি না হইয়া পারিল না! অমলবাবুকে আখন্ত করিবার জন্ম একটা চিঠি লিখিয়া দিয়া সেই

मिनरे रम **छाँ**रात ছाত্রদের বাড়ি খুঁ জিতে বাহির হইল।

অমলবাবুর অহ্নথ একটু বেশি হইলেও, দিন সাতেকের বেশি তাঁহার বিলম্ব হইবে, প্রজ্যোত ভাবে নাই। কিছু সাত দিনের জায়গায় তুই সপ্তাহ কাটিয়া গেল, তিনি ফিরিলেন না। কয়দিনের পরিচয় হইলেও, অমলবাবুর জন্ম এবার প্রজ্যোত উদ্বিয় হইয়া উঠিল। একটা চিঠি দিবে কিনা ভাবিতেছে, এমন সময়ে সেখান হইতে যে-থবর আসিল তাহাতে সে অবাক হইয়া গেল। কাঁচা হাতের লেখা আঁকা-বাঁকা অক্ষরের একটি চিঠি। অমলবাব্র ভাই লিখিয়াহে, যে তাহার দাদার অহ্নথ অতান্ত গুরুতর। তুই জায়গায় আগের মাসের তাহার যে মাহিনা পাওনা আছে প্রজ্যাতবাবু যদি তাহা সংগ্রহ করিয়া পাঠাইয়া দেন, তাহা হইলে বড় ভালো হয়। পয়সার অভাবে দাদার চিকিৎসা হইতেছে না।

প্রত্যোত অত্যন্ত ব্যস্ত হইয়া উঠিল। এ-পর্যন্ত গভীর ভাবে ওই একটি লোকের সহিতই তাহার পরিচয় হইয়াছে। নিজের অজ্ঞাতে তাহার জীবনের এই প্রথম আত্মীয়ের উপর কতথানি অহুরাগ তাহার যে জনিয়াছে এই ব্যাপারে দে বুঝিতে পারিল। বাকি মাহিনা সংগ্রহ করিয়া পাঠাইতে সে দেরি করিল না; কিন্ত

পাঠাইবার পর তাহার মনে হইল, টাকাটা সে নিজে হাতে লইয়া গেলেও পারিত। অমলবাবুর বাড়ির অবস্থা সে যাহা শুনিয়াছে তাহাতে মনে হয় টাকা হইলেও তত্বাবধানের লোক মেলা তাহাদের হয়র। দেশ তাহাদের এমন কিছু দ্র নয়, একবার নিজে গিয়া অবস্থাটা দেখিয়া আদিলে ক্ষতি ছিল না। অমলবাবুর ভাইকে তাহার দাদার অবস্থা সত্তর জানাইবার জয়্ম সে চিঠি দিয়াছিল। দিন-তিনেকের মধ্যে তাহার কোনো উত্তর না পাইয়া সে একদিন সতাই রওনা হইয়া পড়িল। মাত্র কয়দিনের পরিচিত একটি লোকের জয়্ম তাহার এ-ব্যাকুলতা একটু বিয়য়কর ঠেকিতে পারে। কিছু ভাবিয়া দেখিলে বোঝা য়য়, প্রভ্যোতের নৃতন জাবনে এই সামান্ম পরিচয়ের মূল্য বয় কম নয়। তা ছাড়া এত লোক থাকিতে অমলবাবু তাহাকেই পত্র লিখিয়া নিজের কাজ দিয়া যে সাময়িক উপকার করিয়াছেন তাহার জয়্ম রুত্জ্রতাও ছিল।

#### চার

অমলবাবুর দেশের দেউশন রেলে মাত্র ঘণ্টা ছু-একের পথ। কিছু গ্রামে যাইবার জন্ম দেউশন হইতে মাইল তিনেক হাঁটিতে হয়। সকালে বাহির হইলেও, লোকের কাছে পথ জিজ্ঞাসা করিয়া অনেক ঘ্রিয়া যথন সে অমলবাবুর গ্রামে পৌছিল তথন বেলা প্রায় বারোটা।

অনলবাব্র জন্ত মন উদ্বিগ্ন হইলেও দীর্ঘ প্রামের পথ তাহার অভ্যন্ত ভালো লাগিয়াছে। সে ঠিক ধরিতে পারে না, কিন্তু মনে হয় এমনিতরো একটি প্রামের ছবি তাহার মনে কোধায় যেন আছে। দক্ষিণ বাঙলার এই প্রামিটির সৌন্দর্য, সভ্য কথা বলিতে গোলে, এমন কিছু নাই। প্রকৃতি এথানে শাসনের অভাবে যেন উল্টুগ্রন ও উদ্ধৃত হইয়া হীনবীর্য মাত্র্যের চিহ্ন মৃছিয়া ফেলিতে চায়। তাহার উল্টুগ্রনভায়ে কিন্তু অরণ্যের ভয়াল মহিমা নাই, আছে গুরু শ্রহীন প্রাচূর্য। মৃত্তিকা বে দেশে দরিক্র সেথানে তাহার কার্মণাই প্রকৃতিকে শাসনে রাখিয়া একটা সৌষ্ঠব দান করে। এথানকার সরস মাটিতে যেমন সেহের প্রাচ্গ্র, মান্ত্রের শাসনেরও তেমনি অভাব। চারিদিকে নোপরাড় আগাছার ক্রমণের আড়ালে মান্ত্রের বসতি অর্থলুপ্র হইয়া আছে। দিনের বেলায়ও সংকীর্ণ পথগুলি কেমন অন্ধ্রার মনে হয়়। সমস্ত প্রাম যেন কেমন অবসন্ধ ৩১

হইয়া ধুকিতেছে। তবু এই গ্রামটিই তাহার মনের কোথায় ় , যে সাড়া জাগায় সে বুঝিতে পারে না।

তুপুর বেলায় গ্রামের পথ একেবারে নির্জন। অমলবার্দের বাড়ি 
ঠিক কোনটা জানিবার জন্ম প্রজ্ঞোত কাছাকাছি কাহাকেও 
দেখিতে পাইতেছিল না। শাওলা-ঢাকা একটা পুকুরের পাশ দিয়া 
সরু পথ তুই দিকে চলিয়া গিয়াছে, কোন দিকে যাইবে ভাবিয়া 
প্রজ্ঞোত ইতস্তত করিতেছে, এমন সময়ে পুকুরের ভিতর একটি 
মাথা ভাদিয়া উঠিতে দেখা গেল। দশ বারো বছরের একটি 
ছেলের মাথা। পুকুরের ভিতর ডুব দিয়া দে কি করিতেছিল, 
কে জানে। শাঁতার কাটিয়া তীরে যখন দে আদিয়া উঠিল তখন 
দেখা গেল, হাতে ভাহার একটি বাশের চোঙা আছে, কিন্তু দেহে 
কোনো প্রকার বল্লের বালাই নাই। এত বড় ছেলেকে উলন্দ 
দেখিয়া প্রজ্যোত নিজেই একটু অপ্রস্তুত বোধ করিতেছিল। 
কিন্তু ছেলেটির জ্রুপে নাই। নির্বিকার চিত্তে তীরে উঠিয়া 
সে বাশের চোঙাটার একটা মুখ আগে মাটি দিয়া বন্ধ করিয়া 
ভাহার পর পাড়ের উপর রক্ষিত শুকনো কাপড়টা টানিয়া পরিবার 
ব্যবস্থা করিল।

এবার স্থবোগ ব্ঝিয়া প্রভোত জিজ্ঞানা করিল—"অমলবাবুর বাড়ি কোথা বলতে পার, থোকা •ৃ"

ছেলেট নিলিপ্তভাবে তাহার দিকে না চাহিয়াই বলিল—
"জানিনা!"

প্রজ্যেত একটু বিশ্বিত হইল। থানিক আগে পথের এক কৃষকের কাছে সে যেরপ নির্দেশ পাইয়াছে তাহাতে গ্রাম চিনিতে তাহার ৩(২৫) ভূল ইইবার কথা নয়। অমলবাবু এই গ্রামে নিশ্চয় থাকেন। অথচ এই গ্রামেরই একটি ছেলে তাহা জানে না, এমন কি হইতে পারে ? তবু সে সন্দেহভরে একবার জিজ্ঞাসা করিল—"এ গ্রামের নাম দারবাক তো ?"

ছেলেটি তাহার বাঁশের চোঙা লইয়া আবার ব্যন্ত হইয়া উঠিয়াছে। প্রয়োতের দিকে না ফিরিয়াই সে বলিল—"হাাগো।"

কাছাকাছি কেহ কোথাও নাই। ছেলেটির ঔলাসীত সত্তেও প্রতাতকে আবার জিজ্ঞাসা করিতে হইল, "অমলবারু এই গাঁরে থাকেন না ?"

তবু প্রস্থোতের তাহাকে ছাড়িলে চলে না। কাহারও সাহায্য না পাইলে, অমলবাবুর বাড়ি দে বাহির করিতে পারিবে না। অমলবাবু বেশির ভাগ কলিকাতায় থাকেন। সেই জন্ম তাঁহার নাম গাঁমের এ ছেলেটির অপরিচিত হইতে পারে ভাবিয়া দে এবার অক্য উপায় অবলয়ন করিল। অমলবাবুর ভাই তাহাকে যে চিঠি লিখিয়াছে তাহাতে নাম লেখা ছিল—বিমল।

সমবয়সী ছেলের নাম হয়তো ইহার জানা সম্ভব বলিয়া প্রত্যোত এবার জিজ্ঞাসা করিল, "আচ্ছা, এ গাঁয়ে বিমল বলে একটি ছেলেকে চেন, তার দাদার খুব অস্থ্য।"

মুহূর্তে যেন ভোজবাজি হইয়া গেল। ছেলেটির মুথ উৎস্ক-আনন্দে উজ্জ্বল হইয়া উঠিল। সে উৎসাহভরে কাছে আসিয়া বলিল— "বারে! বিমল তো আমার নাম, আমার ডাক নাম কিন্তু ক্যাড়া।" হাসি চাপিয়া প্রজ্ঞোত বলিল, "আ-চর্য তো ! আচ্ছা, তোমার

• দাদার নাম অমলবাবু নয় ?"

"তুমি নেবুদাকে খুঁজছ ? তাই বদলেই তো হত !" নাম ভল কবিবাৰ অপৰাধ শ্লীকাৰ কবিয়া প্ৰাজ্ঞা

নাম ভূল করিবার অপরাধ স্বীকার করিয়া প্রভোত বলিল— তোমার দাদা কেমন আছেন ?"

বিমল বলিল— "ভালো", এবং তাহার পর দাদার অস্থ্যের মতো দামান্ত ব্যাপার নিয়া মাথা না ঘামাইয়া জিজ্ঞাদা করিল— "তুমি আমার নাম জানলে কি করে ?"

প্রত্যোত এই তুরুহ প্রশ্নের যথাসম্ভব উত্তর দিবার চেষ্টা করিল—
"তুমি চিঠিতে নাম লিখেছিলে, মনে নেই!"

বিমল কিন্তু আকাশ হইতে পড়িল; বলিল—"বারে, আমি আবার চিঠি লিখলাম কবে ?" তাহার পর অসংকোচে প্রত্যোতের পিঠে একটা কিল বসাইয়া বলিল—"আমার সঙ্গে ঠাট্টা হচ্ছে, না!"

অগত্যা পকেট হইতে চিঠিটা প্রছোতকে বাহির করিতে হইল। কি ভাগ্যি চিঠিটা পকেটেই ছিল। নহিলে প্রমাণাভাবে বিমলের হাতে আন্ধ কি লাঞ্চনা পাইতে হইত, কে জানে!

বিমল সেটা নাড়িয়া চাড়িয়া দেখিয়া বলিল—"দুর, ও তো ছোড়-দির লেখা, আমি ওর চেয়ে ভালো লিখতে পারি। দিদিটা তো আচ্ছা পান্ধি, আমার নাম দিয়েছে!"

বিমলের উপর এটা যে অত্যস্ত অবিচার করা হইয়াছে, তাহা স্বীকার করিয়া প্রত্যোত জিজ্ঞাসা করিল—"তোমার দাদা এখন বেশ সেরেছেন তো?"

"গ্ৰা, আজ সকালে উঠে আমার কান মলে দিয়েছে তো!" দাদার

. অংশ্বভার সব চেয়ে বিশাস্যোগ্য প্রমাণ দিয়া বিমল জিজ্ঞাসা
করিল— "তৃমি দাদাকে দেখতে এসেছ বৃঝি! তৃমি দাদার বঙ্কু— •
না ?"

ষে দাদা হস্থ থাকিলেই কান মলিয়া দেয় তাহার বন্ধু বলিয়া পরিচয় দেওয়াটা গৌরবঞ্জনক কিনা বৃদ্ধিতে না পারিলেও, প্রয়োডকে কথাটা খীকার করিতে হইল।

কথা কহিতে কহিতে ভাহারা এক ধারের সরু পথ দিয়া অগ্রসর হইতেছিল। সামনে স্পারিগাছের সারের ফাঁক দিয়া একটি মাটির বাডি দেখা গেল।

বিমল উৎসাহভরে বলিল—"ওই তো আমাদের বাড়ি!" এবং তাহার পর হঠাৎ প্রভোতকে থামাইয়া গভীর কোনো গোপন কথা জিজাদা করিবার মতো চুপিচুপি বলিল—"আচ্ছা, তোমার নাম কি ॰"

নামটা ভানিয়া ত্'বার মুথে আবৃত্তি করিয়া বিমল যেন তেমন খুশি হইতে পারিল না—বলিল—"তোমার একটা ভালো নাম নেই —বেশ সোজা নাম!"

না ভাবিয়া-চিন্তিয়া নিজের নাম বাছিয়া লঞ্মার জন্ম এতদিনে বুঝি প্রভাতের অন্ধুশোচনা হইল। কে জানিত, বিমলের জিহ্বায় তাহার নাম একদিন উচ্চারণ করিতে কট হইবে—জানিলে এব সোজা নামই বাধিত।

সে হাসিয়া বলিল—"কি রকম নাম ভোমার পছন্দ?"
"বেশ সোজ। নাম ! বেমন আমার নেবৃদা, বাম্নদের বাড়ির রাঙাদা।"

প্রভোত বলিল—"তোমার যে নামে ইচ্ছে আমায় ডেক!"

বিমল প্রথমটা একটু অবাক হইল—"বারে তাও বৃঝি হয়! আমি
নাম দিলে তৃমি নেবে কেন ?"
 প্রভাত বলিল—"আমি যদি নিই তা হলে তো আর গোল
নেই।"

"বেশ তাহলে তোমায় রাঙাদা এলব !" প্রয়োত বলিল—"তাই।"

কেন যে দে নাম জানিবার জন্ত আগ্রহ প্রকাশ করিয়াছিল তাহা বাড়ির নিকটে আদিয়া বোঝা গেল। বাড়ির বাহিরের পথের উপর পাঁচ ছয় বছরের গুটি তিনেক ছেলে-মেয়ে থেলা করিতেছিল। অমলবাব্র বিধবা ভগ্নীর পুত্র-কন্তাই হইবে সন্তবত। বিমলের সহিত অপরিচিত লোককে আদিতে দেখিয়া ভাহারা থেলা ছাড়িয়া আগস্তকের দিকে কৌতুহলভরে চাহিয়া ছিল। কিস্তুবোঝা গেল, বিমলের নব আবিদ্ধারের দিকে চাহিবার অধিকারও তাহাদের নাই। একজনের মাথায় একটা চাঁটি মারিয়া সে বলিল— "হাঁ করে চেয়ে আছিস কেন ?" মার থাইয়া ছেলেমেয়গুলা দ্বে দরিয়া পোল। প্রজ্যোতের জামার আন্তিন ধরিয়া টানিতে টানিতে এবার বিজয়ী বীরের মতো বিমল আগাইয়া চলিল এবং দরজার কাছে দগুয়মানা চৌদ্ধ-পোনেরো বছরের একটি মেয়েকে চীৎকার করিয়া একেবারে চমকাইয়া দিয়া বলিল, "কে বলতো ছোড়িদি ?"

কিন্তু বিমলের আড়ষ্ট জিহ্বা হইতে নামটা বীহির হইবার পূর্বেই ছোড়দি দরজা ছাড়িয়া সবিয়া গিয়াছে। দরজার কাছে দাঁড়াইয়া পড়িয়া প্রত্যোত বলিল, "বাও, তুফি দাদাকে ধবর দাও গে যাও।"

প্রয়োতের এক হাত ধরিয়া টানিতে টানিতে বিফলনালল—"বাং, দাদা তো ওই ধারের ঘরে শুয়ে আছে, চল না।" বোঝা গেল, থবর দেওয়ার প্রয়োজন সে স্বীকার করে না।

প্রস্থোত হাসিয়া তাহাকে বাধা দিয়া বলিল—" না দিয়ে কি বৈতে আছে ৷ বাও, তুমি বলে এস গে !"

অগতা অনিচ্ছাদতেও বিমলকে বাইতে হইল। তাহার নব-পরিচিত বন্ধুকে দকলের দামনে অপ্রত্যাশিত ভাবে উপস্থিত করাইবার স্থবোগ হইতে বঞ্চিত হইয়া দে স্থী হয় নাই। একটু বিমর্থ মুখেই দে ভিতরে গেল।

প্রয়োত বাহিরে দাঁড়াইয়া অমলবাবুদের বাড়িট লক্ষ্য করিতেছিল।
থড়ে ছাওয়া মাটির বাড়ি। তাহাও জীর্ণ দশায় পড়িয়ডে। বাহিরে
লোকজন বদিবার একটা ব্যবস্থা বহু পূর্বে হয়তো ছিল, কিন্তু এখন
দেখানে ছ-একটি উইয়ে-থাওয়া ভয় য়ৢ৾টি দয়ল করিয়া দাওয়াটি
মাটির একটা টিপির আকার ধারণ করিয়া দাড়াইয়া আছে মাত্র।
দাসন্ত বাড়িটা ইটের দেওয়াল দিয়া ঘেরা ছিল। কিন্তু এখন
দেওয়ালের অধিকাংশ জায়গাই ভাপিয়া পড়িয়াছে এবং গাদের
তিনপুরু ভাওলা ধরিয়া ও অনেকপ্রকার গাছপালা জায়য়া ভেড্রা
এমন হইয়াছে, যে তাহার সাবেকী ইইকছের আর পারচয়
পাওয়া যায় না।

বিমল একটু বাদেই ফিরিয়া আসিয়া ক্ষুধ্বরে বলিল, "বললুম, ধবর দিতে হবে না! দাদা কি বারণ করলে ?"

প্রত্যোত অনুমতি না পাইবার আশঙ্কাতেই যে ভিতরে থবর না • मिया गाँटे कार्ट नार्टे, এ-विषय विभन निःमत्मरः। প্রত্যোত হাসিয়া বলিল—"কি জানি যদি করতো।" "হাঁ।, তা বঝি করে। তুমি তো দাদার বন্ধ।" এই যুক্তির সারবত্তা অশ্বীকার না করিতে পারিয়াই বোধহয় প্রত্যোত এবার নীরবে বিমলকে অমুসরণ করিল। বাহির হইতে বাডির ভিতরকার অবস্থা সম্বন্ধে যে-ধারণা হইয়াছিল প্রত্যোত দেখিল তাহা পরিবর্তন করিবার কোনো কারণ নাই। নাতিক্সত্র একটি কাঁচা উঠানের হুই ধারে হুইটি চালা। একদিকের চালায় তিনটি ও অপর দিকের চালায় তুইটি ঘর থাকিবার কথা, কিন্তু সংস্কারাভাবে একদিকের চালা পড়িয়া গিয়া ঘরগুলি ব্যবহারের অব্যোগ্য হইয়া গিয়াছে। অপর দিকের তিনটি ঘরের অবস্থাও বিশেষ ভালো নয়, তবে কোনোরকমে মাথা বাঁচাইয়া থাক। যায় বোধ হয় । জীর্ণ হইলেও বাড়িটি কিন্তু পরিষ্কার পরিজ্ঞ । মাটির উঠানটি তকতক খটুখটু করিতেছে, কোথাও একটি আগাছার চিহ্ন নাই। ছই দিকের চালার পাশের জায়গায় কয়েকটি পেপে গাছ দেওয়া হইয়াছে: ভাঙ্গা ঘরগুলির গা বাহিয়া ক্ষড়া গাছের লতা উঠিয়াছে ঝাঁকড়াভাবে। তাহাদের তলা পর্যন্ত নিখু তভাবে পরিষ্কার।

বিমলের পিছুপিছু একদিকের উচু দাওয়ায় উঠিয়া অমলের ঘরের দিকে যাইতে থাইতে প্রভোত দেখিল, মেটে ঘরের দেওয়াল হুইতে, দাওয়ায় মেঝেতে ও সমস্ত জিনিসপত্তে এ-বাড়ির একটি নিপুণ গৃহস্থালীর ছাপ আছে । দারিদ্র্য ইহাদের স্পষ্ট, কিন্তু

তাহাকে ইহারা নিজেদের শৈথিলো কুৎসিত হইতে দেয় নাই।
চালার একধারে অমলবাবুর ছোট একটি ঘর। দাওয়ার জাবেই
ধারে মোড় ফিরিয়া একটু প্রশন্ত হইয়াছে। সেই দাওয়ার জাবেই
একটা মাত্র পাতিয়া গায়ে একটা কম্বল জড়াইয়া ভালবাব্
অর্ধশায়িত অবস্থায় বসিয়া ছিলেন । প্রভ্যোতকে দেথিয়া প্রসম্মুধে
অভ্যর্থনা করিয়া বলিলেন—"আস্থন।"

প্রস্থোত সেই মাত্রের একধারেই বসিয়া পড়িবার পর তিনি আবার বলি: শন-শ্আপনি যে কট করে এতদ্র আসবেন তা ভাবিনি। আপনার পাঠানো টাকা তো আমরা পেয়ে গেছি।"

প্রভোত কুন্ঠিতভাবে হাসিয়া বলিল—"টাকা পাঠাবার পর আপনার কোনো থবর না পেয়ে একটু ভাবনা হল। চিঠিতে আপনার অস্থ্য যে রকম বেড়েছে থবর পেয়েছিলুম!"

অমলবাবু আর কিছু বলিলেন না, কৃতজ্ঞভাবে প্রছোতের দিকে চাহিয়া চূপ করিয়া রহিলেন।

অমলবাবু একটু হয়তো স্বস্থ হইয়াছেন; কিন্তু চেহারা দেখিয়া তাহা মনে-হয় না । কুদ্রকায় মাস্থাটি এই ক'দিনের রোগ ভোগ করিয়া শীর্থ হইয়া আরো যেন ছোট হইয়া গিয়াছে। সমস্ত মুখে অস্বাভাবিক রক্তহীনতার পাতৃরতা—চোথের কোণে গভীরভাবে কালি পড়িয়াছে। তাঁহার বসিবার ভঙ্গীটিতে পর্যন্ত দেহের গভীব অবসরতা পরিক্ষটি!

প্রত্যোত একটু দন্দিগ্ধভাবে জিজ্ঞাদা করিল—"আপনি এখন একটু ভালো বোধ করছেন ?"

"ভালো।" অমলবাব একটু হাসিলেন—"হাা, একটু ভালো

বই কি ! তবে উঠে হেঁটে বেড়াতে এখনও বোধ হয় অনেক দিন যাবে ! আপনারই মুশকিল ! যদি অস্ত্রবিধে বোধ করেন, না হয় ওসব টিউশনি ছেড়ে দিন । যা হবার হবে ।"

"না, না, আমি দে-কথা বলিনি। সত্যি কথা বলতে কি আমার টিউশনিগুলোনা পেলে এ-সময়ে বিপদেই পড়তে হত।"

বিষয়টা পাল্টাইয়া প্রজ্যোত জিজ্ঞাসা করিল, "এখানে আপনার চিকিৎসার একটু অস্থবিধে হচ্ছে বোধ হয়।"

অমলবাবু মান হাসিয়া বলিলেন—"না, অস্থবিধে কিসের । যাদের উপায় আছে তারাই অভাব বোধ করে । ভালো চিকিংসার উপায়ই নেই তো অস্থবিধে।"

এ-কথার উপর বলিবার কিছু নাই। প্রভাোত চুপ করিয়াই ছিল। হঠাং বাড়ির স্তন্ধতা ভঙ্গ করিয়া দরজার কাছে এক তীক্ষ চীংকার উঠিল। প্রথমটা দে সত্যই চমকাইয়া উঠিয়াছিল।

অমলবাবু ক্লান্ত দৃষ্টিতে তাহার দিকে চাহিয়া বলিলেন—"অন্থবিধে শুধু এই !"

প্রথম বিশ্বয়ের পর ব্যাপার ব্ঝিতে প্রভোভের বিলম্ব ইইল না। ব্রিয়াদে হাসিয়াফেলিল।

অমলবাবুর সব চেয়ে ছোট ভাইটি এভক্ষণ আত্মপ্রকাশ করে নাই,
এবার বিলম্বের ক্রটি হল শুদ্ধ পূর্ণ করিয়া, তীক্ষ টী কারে বাড়ি
মাথায় করিয়া দে সবেগে দৌড়াইতে দৌড়াইতে সামনের উঠানে
আসিয়া দেখা দিল—তাহার পশ্চাতে ধাবমান বিমল। ছোট
ভাইয়ের হাত হইতে, তাহার সশন্ধ প্রতিবাদ ও অক্সঞ্চালন
উপেক্ষা করিয়া কি একটা জিনিস কাড়িয়া

যাইবার উভোগ করিতেছিল। অমলবাব্ ডাকিলেন—"আড়া !" পলকের মধ্যে বিমলের আশ্চর্য রূপান্তর ঘটিয়া গেল; তাহার দ মুখে আর কথা নাই; দেহ নিশ্চল।

# "শুনে যাও!"

অমলবাবুর কঠম্বর ক্ষীণ; কিন্তু দেখা গেল, তাহার প্রভাব অসাধারণ। বিমল সামাত্ত একটু প্রতিবাদ করিবার চেষ্টায় মৃথ ভার করিয়া নিম্নস্বরে বলিল—"ও আমার লাটু চুরি করবে ক্ষেত্র আমি বলে সেই কোথায় লুকিয়ে রেখেছিলাম।"

# "শুনে যাও!"

বিমল এবার বোধ হয় প্রতিবাদ নিক্ষল ব্রিয়াই একলাফে দাওয়ায় উঠিয়া দাদার আদেশ প্রতিপালন করিল।

প্রজ্যেত অতিকটে হাসি চাপিয়া কি জিজ্ঞাসা করিতে যাইতে ছিল, কিন্তু ভাহার আগেই অমলবাবু বলিলেন—"কান াব এই খুঁটির কাছে দাভিয়ে থাক। কথা কইবে না।"

বিমল এ-আদেশ পালনে বিলম্ব করিল না—কিন্তু পৃথিবীতে তায়-অতায় বিচাবের একান্ত অভাব দেখিয়া, মূথ তাহার আদ্ধকার হুইয়া আসিয়াছে।

দাদার লাঞ্জনা অংচকে দেখিয়া খুশি হইয়। ছোট ভাইটি হ'
পড়িতেছিল। অমলবাবু ভাক দিয়া বলিলেন—"কমল!় এও এমে কান ধরে দাড়াও!"

মনে হইল বিমল স্টির গাঢ় ভমিস্রায় একটু জগলোর রেখা পাইয়াছে।

ত্ই ভাই খুঁটিতে ঠেদ দিয়া কান ধরিয়া দাঁড়াইল। অমলবাবু ৪২ অবসন্ন তিক্তম্বরে প্রভোতের দিকে ফিরিয়া বলিলেন—"বাড়ির এই স্থুখ!"

প্রজোত সত্যই এ-কথায় বিস্মিত হইল। এই প্রাণের প্রাচ্রে উচ্ছল, আনন্দে জ্বল ছেলেগুলির স্বাভাবিক আত্মপ্রকাশে স্থনী না হইয়া কেহ কি অপ্রসন্ধ হইতে পারে! এ তো অমলবাবুর সাধারণ কর্ম দেহের বিএক্তি নয়! মনে হয়, অমলবাবুর অন্তরের অনেক তলায় ইহার মূল আছে; তাঁহার দৃষ্টিই বিক্বত হইয়া গিয়াছে। কান ধরিয়া দাঁড়াইয়া থাকিতে থাকিতেই হঠাৎ একটা অত্যন্ত প্রয়োজনীয় ঘটনা মনে পড়াতেই বোধহয় উত্তেজিত হইয়া বিমল বলিল—"আজ বড় বাড়ির পুকুরে ওরা একটা ভোঁদড় ধরেছে, নেবুদা।" কমল তুই চোথ উত্তেজনায় বিস্ফারিত করিয়া মাথা নাড়িয়া বলিল—"আমিও দেখেছি, নেবুদা!" ভাহার পর ক্ষণেকের জন্ম কান হইতে হাত নামাইয়া, সে ঘটা হাত যত দূর সম্ভব প্রসারিত করিয়া ভোঁদড়ের আকারটাও দেথাইয়া বলিল—"এই এত বড়!" গোঁরব হরণের চেষ্টায় বিমল চটিয়া গিয়া বলিল—"হাঁা, তুই দেখেছিল! বল্ দেখি, ভোঁদড় কেমন করে ভাকে?"

কমল হারিবার পাত্র নয়। গলার স্বর মিহি করিয়া সে একেবারে ভোঁদড়ের ডাক অফুসরণ করিয়াই ফেলিল—"মিউ।—ঠিক বেড়ালের মতো, জানো নেবুদা।"

ছোট ভাইকে জিহ্বা প্রদর্শন করিয়া বিমল তাহার উক্তিকে অসার প্রতিপন্ন করিবার উদ্বোগ করিতেছিল, হঠাং দাদার চোথে চোথ পড়িয়া যাওয়ায় তৃজনেরই স্থালিত হাত সবেগে কর্ণে উঠিয়া গেল এবং মুখ হইয়া গেল অস্বাভাবিক রক্ম গম্ভীর।

# পাঁচ

অমলবাবু একটু ভালো আছেন। তাহার সাহায্য করিবার বিশেষ কোনো প্রয়োজন নাই। তবু ছুপুরে গৃহস্থের বাড়ি আসিয়া অমনি অমনি চলিয়া যাওয়া যায় না। অমলবাবুর অফুরোধ প্রভাত উপেক্ষা করিতে পারিল না। সে-বেলাটা তাহাকে থাকিয়াই যাইতে হইল।

ভাহাকে বাথিবার গরক্ত বিমল-কমলেরই বেশি । দাদা অক্সন্থ শরীর লইয়া থানিক বাদে প্রভাতের স্নানাহারের বন্দোবন্ত করিবার আদেশ দিয়া ঘরে উঠিয়া যাইতেই শান্তি হইতে অব্যাহতি পাইয়া ভাহারা একেবারে প্রছোভকে পাং াদিল। কমলের সহিত ভদ্রভা-সঙ্গত পরিচয়টা এখনও প্রছোভিত হয় নাই। কিন্তু ভাহাতে কি আদে যায়। প্রভোতের কোলের আহু সরিয়া আদিয়া, একেবারে ভাহার জামার পকেটে হাত চুক ইয়া দিয়া কমল বলিল— কি আছে দেখি ভোমার পকেটে • ত

বিমল হাঁটু গাড়িয়া পাশে আসিয়া বসিয়াছে। ত নাং কমলের হাতটা সবেগে সরাইয়া দিয়া সে মুক্তবির মতো এলিল—
"যাং, অমন করে বিরক্ত করে নাকি।" এবং তাহার পরেই কি
ভাবে বিরক্ত করিতে হয় তাহা প্রদর্শন করিবার জন্মই বোধহয়
প্রস্থোতের বৃক্-পকেট হইতে ব্যাগটা বাহির করিয়া লইয়া বলিল,

"তোমার এতে অনেক পয়সা আছে বৃঝি 📍"

•প্রত্যোত হাসিয়া বলিল—"হাঁ৷"

বিমল ব্যাগ সম্বন্ধে আবাে কিছু তথ্য হয়তাে সংগ্রহ করিত; কমল বাধা দিয়া বলিল—"তুমি যে ব্যাগ নিলে!"

বয়সের মর্যাদায় তাহাকে তাচ্ছিল্য করিয়া বিমল বলিল—"বেশ করেছি। রাঙাদাকে কে বাড়ি চিনিয়ে এনেছে ?"

এ-কথা অস্বীকার করিতে না পারিয়া, কমল ব্রহ্মান্ত প্রয়োগ করিল—"দাদাকে বলে দেব দেখবে ?"

পলকের মধ্যে ভোজবাজী হইয়া গেল। দেখা গেল: ব্যাপ যথাস্থানে ফিরিয়া গিয়াছে ও বিমল বলিতেছে—"আমি কি নিয়েছি নাকি •"

স্নান করিতে যাওয়ার সময়ে তুই ভাইয়ের উৎসাহের আর সীমা রহিল না। বিমল ইতিমধ্যে রাঙাদার কানে কানে অনেক মূল্যবান উপদেশ ও মধুর আশাস দিয়া তাহাকে প্রলুক্ক করিয়াছে। সে সব উপদেশ ও আশাসের মর্ম এই, যে স্নান করিতে যাইবার সময় কমলকে লইয়া যাওয়া কোনো মতেই যুক্তিস্থত নয়। কমল ছেলেনামূয, তাহার উপর সাতার জানে না। তাহাকে মলাইতে গিয়া তাহাদের সমস্ত মজাটাই নই হইবে। কমল সঙ্গে না গেলে তাহারা একটু দ্বে ভালো দীঘিতে স্নান করিতে যাইতে পারে। সেথানে সাতার কাটিবার অনেক বেশি স্থ্বিধা। তাছাড়া সেথানে যে শাপলা ফুটিয়া আছে রাঙাদা দেখিলে অবাক হইয়া ুষাইবে! তাহার কয়েকটা তুলিয়া আনিলেই বা ক্ষতি কি ?

তাহার ভেঁটের ধই যা মিটি—একবার খাইনে আর তুলিতে
পারা যায় না। রাঙাদাকে তাহা গাওয়াইবার বাবস্থা আদ্ধ সে
করিবে। কিন্তু কমল সঙ্গে গোলে এসব কিছুই হঠবে না; যদি বা
তাহাকে অত দ্ব লইয়া যাওয়া যায়, তাহা হইলেও ভাহার
স্বভাব অত্যন্ত মন্দ। শাপলা তুলিলে দাদাকে সে বলিয়া দিবেই।
প্রক্তোত একবার বৃষ্ধি বলিয়াছিল—"তুমি আবাহাত্রান করবে?
এধনি তো পুকুরে ভূবে এলে দেবলাম।"

এ-কথায় বিমলের ভাব দেখিয়া মনে হইল যে স্নান শব্দের অত সংকীর্ণ অর্থ ধরিয়া প্রভাতে একটা মারাত্মক ভূল করিয়াছে। জলে ডুব নানা কারণে দেওয়া যায়, কিন্তু সব সময়েই কি তাহা স্নানের গৌরব লাভ করে ? তাছাড়া দে তথন দেহই সিক্ত করিয়াছে— কাপড় তো তাহার শুক ছিল।

বিমলের চেষ্টা সত্তেও, কিন্তু কমলকে ঠেকানো গেল না।
মাথায় এক থামচা তেল দিয়া, কোথা হইতে একটা গামছা
•টানিয়া আনিয়া দে নাছোড়বাকা হইয়া রাঙাদার সৃদ্ধ লইল।

সমপ্ত কল্পনা এইভাবে মাটি কবিয়া দেওয়ার জন্ম বিমল তাহার উপর যে বেশ চটিয়াছে তাহার যথেই প্রমাণ অবিলম্পেই পাওয়া গোল। অর্থেক পথ বিমল ছোট ভাইকে ভংগিনা করিতে করিতে গোল—"তুই কি জন্মে আস্ছিন ? তুই সাঁতার জানিস ?"

কমল বেশি কথা বলিয়া শক্তি ক্ষয় করা সপ্তবত পছন্দ করে না। রাঙাদার একটা হাত শক্ত করিয়া ধরিয়া সে তথন নীরবে চলিয়াছে। বিমল এবার অন্য উপায় অবলম্বন করিল, বলিল—"চ-না, আজকে •জলে একটা কুমির এসেছে।"

এবার কমলের ম্থ ফুটিল—"ইস্ কুমির এসেছে ? কুমির এলে ভো ভোমাকেও ধরবে।"

"বড়দের ধবে না!" বলিয়া বিমল তাহাকে বুথাই নিঞ্জব কবিবার চেষ্টা করিল। তাহার বড়ত্ব সহল্পে অপমানজনক সন্দেহ প্রকাশ করিয়া কমল বলিল—"তুমি কি বড় নাকি ? তুমি কি নেবুদার মতো, রাঙাদার মতো বড়?"

একটা চড় দিয়াই এরপ অক্সায় সন্দেহ নিরাকরণ করা উচিত কিছু রাঙাদা যে ভাবে তাহার হাত ধরিয়া আছে তাহাতে সে সাধুইছে। আপাতত স্থগিত রাখিতে হইবে বুঝিয়া বিমল বলিল— "তুই আজ আমার মাছ থেতে পাবি নে! আমি ধরেছি জানিস?" "আমি থেতে চাইনি, ও বানমাছ তো সাপ! সাপ আবার থায় নাকি!"

বিনলের বাঁশ্বের চোঙার রহস্ত এতক্ষণে পরিষার হইল। সে তথন পুকুর ভইতে চোঙার দাহায্যে বানমাছ ধরিয়া আনিয়াছে। আগের দিনই সে চোঙা পুতিয়া রাথিয়া আদিয়াছিল।

কমলকে কাব্ করিবার জন্ম বিমল হয়তো ভিন্ন পদা খুঁজিত, কিন্তু তুই ভাইয়ের বাক-যুদ্ধের অপ্রীতিকর পরিণতি আল্ফা করিয়া প্রত্যোত হঠাৎ জিজ্ঞাসা করিল—"বিমল, তুমি স্কুলে যাও না ?"

विश्वन शब्दीतम् विजास स्थापन स्यापन स्थापन स्यापन स्थापन स्थापन

'তোমার পড়তে ইচ্ছে করে না •ৃ"

"थु—व करत !" विनिधारे भतकरण शामिशा रफिनिशा विभन विनिन— "দূর, মিছে কথা বললাম। আমার ভালো লাগে না পড়তে।" তাহার পর সে গভীর দার্শনিক মন্তব্য করিল—"কি হবে পড়ে ?" ফিরিবার সময়ে কিন্তু ছুই ভাষে গভীর ভাব হইয়া গিয়াছে দেখা গেল। স্থান কবিবার সময়ে ুই ভায়ে গামছা ছাঁকনি দিয়া গোটা কয়েক চিংড়ি ধরিয়া ফেলিয়াছে। এ যে অত্যস্ত মহার্ঘ জিনিস এবং আপাতত খাওয়ার জন্ম ব্যবহার করা যায় না, এ বিষয়ে তুজনের মধ্যে মতভেদ নাই এবং দেই জন্মই তু'জনের মিল হইয়াছে। শোনা গেল, এই চিংডিই তাহারা গোপনে পালন করিয়া বড় করিয়া তুলিবে, কাহাকেও কিছু জানিতে দিবে না। ভাহাদের যতে ও সেবায় ইহারাই যে একদিন মোচা-চিংডি হইয়। উঠिবে, ইহাতে তাহাদের কোনো मन्निर नारे। সেদিন দাদা ও मिनिया कि जामहर्येष्टे मा इंडेग्रा यांडेर्य। स्माहा-हि: जि शिज्यांव চক্রান্তে তাহার। রাঙালাকেও টানিয়া লইল এবং শপথ করাইল. যে যত দিন চন্দ্র ও সূর্য আকাশে আলোক বিতরণ করিবে ততদিন রাঙাদা কাহারও কাছে এ-কথা প্রকাশ করিবে না। করিলে... চোথ চুটা বড় করিয়া কমল বলিল—"করলে কি হবে জানো তো, রাঙাদা।"

অমলবাবুকে অনেক বলিয়া কহিয়া প্রছোত বিশ্রান করিতে রাঞ্চী করাইয়াছে। তাহার খাওয়াদাওয়ার তত্ত্বাবধান করিবার কোনো ৪৮

না জানিয়াই সভয়ে রাঙাদা শপথ গ্রহণ করিল।

প্রয়োজন নাই তাছাড়া তাঁহার তুই ভায়েরাই তো আছে !
অমলবাবু অপ্রসন্ধভাবে বলিয়াছেন—"ওরা তো আপনাকে

জালিয়ে খাচ্ছে! কি করব বলুন, ভয়ানক বেয়াড়া!"

প্রত্যোত তাড়াতাড়ি প্রতিবাদ করিয়া বলিয়াছে—"না, না, জালাবে কেন! সত্যি বলছি, আমার অত্যন্ত ভালো লেগেছে!"
"রোজ সইতে হলে আর লাগত না।" বলিয়া অমলবাবু ঘরে চকিয়াছেন।

অমলবাবুর মাণর সহিত ইতিমধ্যে প্রজোতের পরিচয় হইয়াছে। থাইবার সময়ে তিনিই সামনে আসিয়া বদিলেন। বয়স তাঁহার কম নয়; কিন্তু শোকে, তাপে, দারিজ্যের সহিত সংগ্রামে বয়সের অপেক্ষা যেন একটু বেশি স্থবির হইয়া পড়িয়াছেন। দেখিয়া শ্রাদ্ধার অপেক্ষা তঃখই যেন বেশি হয়। বাধকোর করুণ নিফ্লতা দারিজ্যের পটে মুর্যান্তিক ভাবে ফুটিয়া উঠিয়াছে।

পাশাপাশি তিনটি পি'জি পজিয়াছে। চিংজিমাছের চক্রান্ত সত্তেও, রাঙাদার কোন পাশে কৈ বসিবে তাহা লইয়া তুই ভায়ের মধ্যে বিচ্ছেদের স্থচনা গোড়ায় একটু বুঝি দেখা দিয়াছিল, কিন্তু শেষ পর্যন্ত একটা রফা হইয়া গিয়াছে। বিমল বসিয়াছে জান দিকে এবং বামের স্থান অধিকার করিয়াছে কমল।

অমলবাবুর দিদি ভিতর হইতে দেখাইয়া দিতেছিলেন। পরিবেশন ক্রিতেছিল তাঁহার ছোট বোন।

অমলবাবুর মা বলিলেন—"কিছুই নেই। তোমার খাওয়ার বড় কটুহল।"

কথাটা নিছক লৌকিকতা নয়। বলার ভিতর যে বেদনা আছে ৪(২৫) তাহা ব্ৰিতে পারিয়া প্রভোত তাড়াতাড়ি প্রতিবাদ করিয়া বলিল—"না, না, কট্ট কিছু নয়া আমরা এর বেশি আর কি শ্ ধাই।"

অমলবাবুর মা নিজের কথার স্ত্র ধরিয়াই বলিলেন—"লজ্জাও করে বাবা! অতিথি-সজ্জন এলেও একটার বেশি ছটো তরকারি, সাজিয়ে দিতে পারি না, এতে বড় লজ্জা করে। অবস্থা আমাদের বরাবরই বারাপ, কিন্তু এমন আব্ধুটে দশা কথনো হ<sup>ু</sup> "
প্রত্যোত অত্যন্ত কুঠিত বোধ করিতেছিল, এই সমস্ত ছৃঃধের কথা

প্রয়োত অত্যন্ত পুঞ্জ বোধ কারতে।ছণ, এই সমস্ত তুংখের কথা শোনাতেও লজ্জা আছে।

পাশ হইতে কমল হঠাৎ বলিল—"আমাদের একদিন লুচি হবে জানো রাঙাদা! সভিাকারের লুচি, নেমস্তর বাড়ির মতে।!" কমলের কথাও সেই একদিকেই যাইবে, কে জানিত!

বিমল তাহাকে ধমক দিয়া বলিল—"তুই থাম! তুই যেমন বোকা!—লুচি হবে! লুচি সেই একবছর ধরে হচ্ছে খার তুই থাছিস!"

ছেলেমাস্থাৰে কথায় হাসাই উচিত; কিন্তু হাসির বদলে প্রভাতের মুখ আবো গঞ্জীর হইয়া উঠিল। থালার উপর মাথা নোয়াইয়া সে তথন একটা কি বাছিবার ভান করিতেছে। অমলবাবুর মা এবার অভ কথা পাড়িলেন। জিজ্ঞাসা ক<sup>ি</sup> সন, "তোমার দেশ কোথা বাবা ?"

প্রভাতে আরো বিপদে পড়িল। এই অস্থবিধার কথা তাহার মনে আগে উদয় হয় নাই। মিথা কথা বলিতে তাহার ইচ্ছা করে না, অথচ একটা কিছু না বানাইয়া বলিলেও উপায় নাই। তাহার

. . ~

সত্য-কাহিনী সে কেমন করিয়া বলিবে ? বলিলে বিশ্বাসই বা কে

• করিতেছে।

মনগড়া ভাবে প্রজ্যোত একটা উত্তর দিল। কিন্তু বৃদ্ধার কৌতৃহল তাহাতে শাস্ত হইল না। খুঁটিয়া খুঁটিয়া তাহার সংসারের ও জীবনের অনেক কথাই তিনি জানিতে চাহিলেন। ভিতরে ভিতরে অন্তির হইয়া উঠিয়া প্রজ্যোত কোনো রকমে তাহার জ্বাব দিয়া গোল এবং সব শুদ্ধ মিলিয়া নিজের যে-পরিচয় সে দিল তাহা ভূল ক্রটি বাদ দিয়া অনেকটা এইরুপ। ছেলেবেলা হইতেই সে পিতৃমান্তহীন। মান্ত্র্য হইয়াছে সে দ্ব সম্পর্কের মাতৃলের আশ্রয়ে। বড় হইবার পর তাঁহারাও তাহাকে দ্বে সরাইয়া দিয়াছেন। বলিতে গোলে এখন সে একরকম সহায়সম্বলহীন। নিজের পায়ে কোনো রকমে দাঁড়াইবার চেষ্টা করিতেছে মাত্র! বদ্ধা হয়তে আরও কিছ জিল্লাসা করিতেন, কিন্তু বিমল তাহাকে

বৃদ্ধা হয়তো আরও কিছু জিজ্ঞাসা করিতেন, কিন্তু বিমল তাহাকে উদ্ধার করিল।

অমলবাব্র ছোট বোন বৃঝি অথল পরিবেশন করিতে আসিয়াছে।
মূথে একগাল ভাত লইয়া জড়িত খবে হঠাৎ বিমল বলিল—
"ছোড়দি তথন কি বলছিল জানো বাঙাদা? ছোড়দি, বলে দিই ?"
ছোড়দির চোথের তিরস্কার উপেক্ষা করিয়াই বিমল ঝড়ের বেগে
বলিয়া গেল, "আমি তোমায় রাঙাদা বলি কিনা। ছাড়দি তথন
ভাই ঠাট্টা করছিল। বলছিল—রাঙাদা আবার কি ? রাঙা ভো
লাল, রাঙা আবার কালো হয় নাকি !"

কথা শেষ করিবার পূর্বেই গালের ভাত লইয়া বিমল বিষম খাইল। প্রয়োতের সক্ষেমা তথন হাসিতেছেন। ্ পরিবেশনের পাত্র লইয়া সবেগে বিমলের ছোড়দি সেই যে ঘরে চুকিল তাহার পর আর তাহার দেখা নাই।
আনেকক্ষণ বাদে কোনো রকমে তাহাকে বাহির হইতে রাজী না
করাইতে পারিয়াই বোধ হয় মাধায় ঘোমটা টানিয়া অমলবাব্র
দিদিই আসিয়া পরিবেশনটুকু সারিয়া গেলেন।

বিকালবেলা বিদায় লইতে হইল। প্রক্ষোত সঙ্গে করিয়া কিছু
টাকা আনিয়াছিল, অমলবাবৃকে অনেক কঠে সে ভাষা গ্রহণ
করিতে রাজী করাইয়াছে। অমলবাবৃ কুন্তিভভাবে বলিয়াছেন—
"এ-ধার আমি হয়তো শোধ করতেও পারব না।"
প্রক্ষোত অন্ত কথা পাড়িয়া সে কথা চাপা দিয়াছে। "আপনি
কতদিনে কলকাভায় যেতে পারবেন ?"
"যে-রকম শরীর ফুর্বল তাতে হপ্তা-ভূএকের আগে কাজ করবার
উপযুক্ত হব বলে মনে হয় না; তবে সে শৌধিনভা আর ভো
আমাদের পোষায় না যে হস্ত না হলে কাজ করব না।
দিন দশেকের ভেতরেই বোধ হয় যাব। এ ক'টা দিন আপনি
চালিয়ে নিন।"

প্রভোত সেই আখাদ দিয়াই বাহির হইয়া আদিয়াছে বিমল
কমল কিন্তু তথনও তাহার দদ ছাড়ে নাই। প্রভোতের যাওয়ায়
ভাহাদের একেবারেই দম্বতি নাই। থাকিবার মহুরোধ করিয়
হায়রান হইয়া অবশেষে বিমল তাহাকে প্রলোভনও দেথাইয়াছে
যে, আজ রাত্রিটা থাকিলে কাল দকালে দে রাঙালাকে আশ্চর্য

এক জায়গায় মাছ ধবিবার জন্ম লাইয়ে অক্ষত। এ-জায়গা

তাহার নিজের আবিদ্ধার এবং অত্যন্ত গোপন। মাছ নাকি সেধানে
এত প্রচুর ও এমন স্থসভা, বে বঁড়ালিতে টোপ পর্যন্ত লাগাইবার
প্রয়োজন হয় না—অমনিই উঠিয়া আসে। রাভাদার থাতিবে
এরপ স্থানের অধিকার ছাড়িয়া দিতেও সে প্রস্তত।

প্রভোত সম্মেহে হাসিয়া বলিয়াছে—"আমি তো ভাই মাছ ধরতে জানি না; আর একবার এসে তোমার কাছে শিথবো।"

নিতাস্তই যথন বাঙাদা চলিয়া যাইবে তথন আর কি করিতে পারা যায়! তুই ভায়ে অনেক দূর পর্যন্ত প্রয়োভকে আগাইয়া দিয়া আদিল। সন্ধ্যা হইয়া আদিতেছে বলিয়া প্রয়োভ যথন কিছুতেই আর তাহাদের সঙ্গে আদিতে দিল না তথন এক জায়গায় দাঁড়াইয়া পড়িয়া বিমল বলিল—"আবার আসবে তো বাঙাদা?"

"আসব ভাই!"

"কবে আদবে ?"

কমল তাড়াতাড়ি বলিল—"কাল !"

"কাল নয় ভাই, পরে আসব! কেমন!"

"আছে। ।" বলিয়া বিমল চুপ করিল; তারপর হঠাৎ মৃথ কাঁদকাঁদ করিয়া বলিল—"দ্র, আমি বৃঝি কিছু বৃঝি না। সব মিথো কথা! তুমি আর আসবে না!"

মনে মনে কথাটাকে নিতান্ত সত্য বলিলা জানে বলিলাই বোধ হয় প্রজোতের মুখ দিলা কিছুতেই আর মিধ্যা আখাস বাহির হইতে চাহিল না। কাত্রভাবে থানিক তাহাদের দিকে নীরবে তাকাইলা থাকিয়া, সে হঠাং পিছু ফিরিয়া জোরে জোনে ্ কেলিয়া অগ্রসর হৈইয়া গেল। তুই ভাই হাত ধরাধরি করিয়া তথনও বিষয় মূথে দেদিকে চাহিয়া দাড়াইয়া আছে। প্রজোত কলিকাতার ফিরিরা আসিরাছে । অমলবাবুর বদলে
টিউশনি করিতে করিতে নিজের জন্ম কাজও খুঁজিতেছে ।
অমলবাবু শীঘ্রই সারিয়া ফিরিবেন, তাহার পর নিজের জীবিকানির্বাহের একটা উপায় তো তাহাকে করিতে হইবে । আপাতত
নব-জীবনের বড় বড় সমস্যা এই প্রাণধারণের স্থুল প্রয়োজনে
চাপা পডিয়া সিয়াচে।

এক এক সময়ে সে অবাক হইয়া ভাবে যে আর পাঁচজন সাধারণ মাহুষের সঙ্গে তাহার আর যেন কোনো প্রভেদ নাই। তাহাদের মতোই দিন-যাপনের স্থুল চিন্তাতেই সে তল্পয় হইয়া আছে। তাহার বাহিরে কিছু ভাবিবার সময়ই তাহার কই প বিস্থৃতির যে-প্রাচীর তাহার অভীত ও বর্তমানের মধ্যে ছর্লজ্য ভাবে দাঁড়াইয়া আছে তাহার কথা সব সময়ে তাহার স্মরণও থাকে না। তাহার পাশে তাহারই মতো অভাবের দারিজ্যের জ্রুটির তলে নিত্য যাহারা বাস করে তাহারাও, ত হাত একটা কিছু থাকিলেও, স্মরণ করিবার সময় পায় কোথায় পুদে হিসাবে তাহাদের সহিত প্রভেদ প্রত্যাতের ব্রিনাই।

কিন্তু প্রভেদ একটু আছে বই কি । অমলবাবুর ছোট ভাই ছটির কথা তাহার মনে পড়িয়া যায় । একদিনে তাহারা অমন করিয়া তাহার হ্বন্য অধিকার করিয়া বসিবে কে জানিত। অসহায় লতার মতো তাহার ক্ষিত মন একটা অবলধনের জন্ম ব্যাকুল হইয়া। আছে, তাহার চারিপাশের শৃত্য আকাশে সে হাতড়াইরা ফিরিতেছে একটা আশ্রয়ের জন্ম। নিফল জানিয়াও এতটুকু তৃণও সে উপেক্ষা করিতে পারে না। অত সহজে তাই বুঝি ওই ঘুটি শিশু তাহার হ্বন্যে প্রবেশ লাভ করিয়াছে। কিন্তু সে মনে মনে জানে, তাহার এ-আকুলতা নিফল। ভাগ্য তাহাকে ঘুনিবার শ্রোতে ভাসাইয়াছে; তীরের সহিত মিতালি করিনা শিশুড় গাঁথিবার চেটা তাহার বুথা। মাটির স্থির প্রব আশ্রয় তাহার জন্ম নহে, চারিটি শিশুহাতে ক্লের মৃত্তিকা তাহাকে যত মধুর হাতছানি দিয়াই ডাকুক না কেন, নদীশ্রোত ভাসাকে গাইতে হইবে। প্রভেদ এইখানে, এই নিরাশ্রয়তায়।

অমলবাব্ব দিন দশেকের ভিতর ফিরিবার কথা ছিল - তাঁহার ফুরিবার দিন তিনেক আগেই অপ্রত্যাশিতভাবে প্রত্যোত একটা কান্ধ পাইয়া গেল। কান্ধ অবস্থা ছেলে পড়াইবারই, কিন্তু মাহিনা ভালো: আপাতত অন্ধচিন্তাটা তাহার ঘূচিবে। মকঃস্বলের এক ধনী জমিদার তাঁহার ছেলেদের পড়াইবার জন্ম একজন গৃহ শিল ই চান। অমলবাব্র বদলে যে ছাত্রদের সে পড়াইতেছে তাহাত রই একজনের স্থপাবিশে কান্ধনী তাহার জুটিয়া গেল। দিন সাতেকের ভিতরই রওনা হইতে হইবে।

প্রত্যোত ঠিক করিল, অমলবাবু ফিরিয়া আদিলেই তাঁহাকে তাঁহার কাব্ধ ব্ঝাইয়া দিয়া দে চলিয়া যাইবে । যাওয়া সহদ্ধে তাহার ৫৬ মনে দ্বিধা কিছুই নাই। তাহার কাছে সমস্ত দেশই সমান।

• কিন্তু অমলবারুর হইল কি ? দশ দিনের জায়গায় পনেরো দিনেও
তিনি ফিরিলেন না। প্রজ্যোত এই পাঁচটা দিন কোনো রক্মে
আশায় আশায় অপেক্ষা করিয়াছে। অমলবাবু বে-রক্ম অস্ত্র্ত্ত্ ইয়াছিলেন তাহাতে দশ দিনের জায়গায় কিছু বেশি সারিতে
সময় লাগা বিচিত্র নয়। কিন্তু পনেরো দিনের পরও অমলবাবুকে
আদিতে না দেখিয়া সে চিস্তিত হইল। তাহার নিজেরও আর
অপেক্ষা করিবার সময় নাই। কান্ধ পাওয়া য়ে কত কঠিন এই
কয়দিনে সে তাহা বেশ ভালো করিয়াই বুঝিয়াছে। তাহার
অবহেলায় এ-কান্ধ ফদকাইলে কি ফে তাহার অবস্থা হইবে
কিছুই বলায়ায় না।

সে অমলবাবৃকে জ্বুকরি একটা চিঠি দিয়া সমস্ত বিষয় পরিষ্কার করিয়া লিখিল এবং সেই সঙ্গে জানাইল যে অমলবাবু ত্'এক দিনের ভিতর না ফিরিলে বাধ্য হইয়া তাঁহার টিউশনিগুলি ছাড়িয়া তাহাকে চলিয়া যাইতে হইবে। যদি অমলবাবু কোনো কারণে এখনও আসিতে না পারেন, তাহা হইলে আর কাহাকেও বদলি দিবার ব্যবস্থা তিনি যেন করেন।

প্রত্যোতের কর্মস্থলে যাইবার শেষ দিন আসিয়া পড়িল। আশ্চর্যের বিষয়, তবু অমলবাবুর দেখা নাই। প্রত্যোতের চিঠির ভতরে একটা চিঠিও তিনি দেন নাই। প্রত্যোত এবার একটু অপ্রসম্মই হইয়াছিল অমলবাবুর উপর। বিপদের সময়ে তাঁহার দক্ষন যে সাহায্য প্রত্যোত পাইয়াছিল তাহার জন্ম সেতজ্ঞ; সে-কৃতজ্ঞতার ঋণ সে সামান্যভাবে শোধ করিবার চেষ্টাও করিয়াছে, কিন্তু তাই বলিয়া সে আর নিজের ভবিষ্ণাভকে বিশন্ন করিয়া তাঁহার জন্ম বিদ্যা প্রাক্তিত পাবে না। অমলবার সেরূপ আশা করিয়া থাকিলে । অলায়ই করিয়াছেন। তাহার চিঠির উত্তরে সম্ভত একটা চিঠি তাঁহার লেখা উচিত ছিল। এই দায়িত্বখনতাকে প্রজ্ঞোত কোনো বক্ষেত্ব ক্ষা করিতে পারিতেছিল না।

মনে মনে অমলবাবুর উপর অপ্রসন্ন হাইলেও, তাঁহার কাজ ফেলিয়া চলিয়া যাইতে কোথায় প্রভাতের একটু বাধিতেছিল। তাহার অবহেলায় কাজগুলি গেলে অমলবাবুর সংসাবের বে অবস্থা হাইবে তাহা দে কল্পনা করিতে পর্যস্থ সাহস্ব করে না। নিজেকে অবস্থা দে বুঝাইয়াছে, যে অমলবাবু যদি নিজের ক্ষতি ইছো করিয়া করেন, তাহা হাইলে তাহার আর অকারণে মাথাব্যা কেন! সে যতদূর সম্ভব সাহায্য করিবার চেটা করিয়াছে। এখন নিজের কাজ রাথা না-বাধা অমলবাবুর হাতে। কিন্তু বুঝাইবার এত চেটা সব্বেগ্র মনে একটা থোঁচ যেন থাকিয়া যায়। অকারণে কি রকম একটা অশান্ধি বোধ হাইতে থাকে।

তবু সারা সকালটা প্রজোত যাইবার উজোগ আয়েয়য়ন ই কবিল।
ইহার মধ্যে আর একখানা চিঠি লিখিয়া সে অমলবাবৃকে
পাঠাইয়া দিয়াছে। অমলবাবৃর পত্র না পাওয়য় সে বে িভিড
এবং আর অপেকা করিলে তাহার ক্ষতি হইবার সম্ভাগত আছে
বলিয়াই যে তাহাকে যাইতে হইয়ছে, এ-কথা জানাইয়া সে
অমলবাবৃর কাছে বিদায় চাহিয়ছে। কমল ও বিমলের কথা
জিজ্ঞাসা করা নিশ্রয়োজন, তবু সে নিচে এক ছত্তে তাহাদের
কথা না লিখিয়া পারে নাই।

চিঠি ফেলিয়া দিয়া আসিয়া, যাত্রার আয়োজন সম্পূর্ণ করিবার 

\*সময়ে তাহার মনে নৃতন এক গট্কা লাগিল। অমলবার নৃতন করিয়া আবার অস্থ্যে পড়েন নাই তো ? সেইজন্ম চিঠির উত্তর আসে নাই, এমনও তো হইতে পারে! জোর করিয়া এই নৃতন সন্দেহকে মন হইতে সে সরাইয়া দিবারই চেটা করিল। এই সন্দেহ পোষণ করিয়া, যাইবার আয়োজন করিতে তাহার হাত যেন উঠিতে চায় না। কিন্তু এ তাহার নিশ্চয়ই অমূলক ভয়, অমলবার্ নিশ্চয়ই ভালো আছেন। সে জন্ম ভাবিবার তাহার প্রয়োজন নাই। আর ভাবিয়াই বা সে কি করিবে ? অমলবার্ যদি আবার অস্ত্রন্থ হইয়া পড়িয়া থাকেন, তাহা হইলেও তাঁহার জন্ম সে নিজের ক্ষতি তো এখন করিতে পারে না। তাহাকে যাইতেই হইবে।

জিনিসপত গুছাইয়া বোডিং-এর বিল সে চুকাইয়া দিতে গেল।
মানেজারবার ইতিমধ্যে তাহার যাত্রার উদ্দেশ্য, গন্তব্য স্থান
ইত্যাদি খুটিয়া খুটিয়া জিজ্ঞাসা করিয়া জানিয়া লইয়াছেন।
তাঁহার স্বভাবই তাই। তিনি প্রায়ই গর্ব করিয়া বেড়ান, যে
বোডিং হইলে কি হয় তাঁহার তত্ত্বাবধানে গৃহের অভাব কাহাকেও
বোধ করিতে হয় না। বোডারদের শুধু প্রসা নয়, তাহাদের
স্থ-খুংথের ভাগও তিনি লইয়া থাকেন। শুধু ব্যানার সম্পর্ক
সকলের সহিত রাখিতে পারেন না বলিয়া কি ভাবে তিনি কতবার ক্ষতিগ্রস্ত হইয়াছেন, সে-কথাও তিনি সবিস্তারে বলিতে
ছাড়েন না। তাঁহার এই ব্যবসার অতিরিক্ত সম্পর্ক পাতাইবার
চেটায় ইতিপুর্বে প্রাভাতকে বিব্রত হইতে হইয়াছে অনেকবার।

আজ প্রজ্ঞাতের দেওয়া টাকাগুলি একবার টেবিলে, একবার
পেপার-ওয়েটের উপর ও তাহার পর আর একবার মেকেতে

ইকিয়া ইকিয়া বাজাইয়া লইয়া তিনি সহাজ্যে বলিলেন, 'চললেন
তাহলে আছই!"

রসিদটা লইয়া প্রত্যোত সরিয়া পড়িতে পারিলে বাঁচে। এ-কথার সে উম্বর দিল না।

ম্যানেজারবাবর কিন্তু অত শীঘ্র বসিদ দিবার কোনো ভাড়া নাই। पुराव थुनिया आव এकवाद हाकाछनि छ निर्ठ छन्हे। देश याहा है করিয়া লইয়া একটি ক্যাশবাল্লে রাখিতে রাখিতে তিনি বলিলেন — "কি বলব মশাই! এডকাল ধরে বোর্ডিং চালাক্তি—জানেন তো আমাদের এটা হচ্ছে ওল্ডেস্ট বোর্ডিং হাউদ। ওল্ডেস্ট এণ্ড বেস্ট— কলকাতায় যথন ঘোডার টাম চলত তথন থেকে আমাদের বোডিং হাউদ চলছে—তথন অবশ্য আমি ছিলাম না—আমার মামা ছিল মানেজার—আদলে মামাই এটা ভাট করে কি না! ু ভারপর, মামার ছেলেপুলে নেই—ভালবিটিদের ব্যামো বলে ভালো করে দেখতে শুনতে পারে না—আমি তথন পাশ করে বদে আচি কাছ-কর্মের অভাবে—আর কাজ-কর্ম বলতে চাকরি —দে মশাই আমি তথনই ঠিক করেছিলাম করব মা বলে। চাকরি আমাদের তিন পুরুষে কেউ করেনি। আমাদের বংশে—" ঘোড়ার ট্রাম হইতে আরম্ভ করিয়া পারিবারিক ইতিহাসের কোন মহামুলা পুলায় ম্যানেজারবাব যে তাঁহার বকুতাকে होतिहा लडेहा राइटिजन खाडा दना याह ना। किन्न डिग्रीर প্রজ্যোতের অন্থিরতাটা বোধহয় তাঁহার চোথে পড়িল, এবং

তৎক্ষণাথ ছাড়িয়া দেওয়া ধন্তকের ছিলার মতো পূর্বের স্থানে শফিরিয়া গিয়া তিনি বলিলেন—''হাা, যা বলছিলাম, এতকাল ধরে বোর্ছিং চালাচ্ছি মশাই. কিন্তু এখনও মনটা শক্ত করতে পারলাম না। হ'দিনের জব্যে কেউ এলেও মায়া পড়ে যায়—ছেডে যাওয়ার সময় মনে হয় যেন কভদিনে। আত্মীয় চলে যাচ্ছে। মনকে বলি, তোর অত কেন রে বাপু! তুই বোর্ডিং চালাস, থেতে দিবি থাকতে দিবি, পয়দা নিবি—ব্যাস ফুরিয়ে গেল! কে এল, কে গেল. ভাতে ভোর কি। বোর্ডিং ভো বোর্ডিং, মায়া করে এই ছনিয়াতেই কি কিছু লাভ আছে—ধরে রাথতে পারিষ কাউকে। তাই আমাদের দাদাঠাকুর বলত না ? দাদাঠাকুরকে আপনারা দেখেননি—ওই আপনাদের ঘরেই থাকত। সন্নামী মাত্রণ-কোনো ঝঞ্চাট নেই-ভারি ভালো লোক ছিল। দে-ই বলতো—বোডিং নয় রে বেটা, বোডিং নয়—ভালো করে চেয়ে দেথ, ম্যানেজারি করেই উদ্ধার হয়ে যাবি। কোথা থেকে এদে থাতার নাম লেখাছে—আর নাম কাটিয়ে কোথা চলে যাতে মেয়ান ফুরুলে। ভাব দেখি ব্যাপারখান। — কিন্তু বললে কি হবে—মায়া কি যায়। কেউ যেতে চাইলেই মনটা কেমন করতে থাকে।"

এই অহুভৃতির মর্ম থানিকটা ব্ঝিতে পারিয়া প্রতোত বলিল, "আমার রসিণ্টা নাহয় পরে দেবেন।"

"না, না, এই যে দিছিছ, নিয়েই যান না।" বলিয়া ম্যানেজার মহাশয় রদিদের থাতা বাহির করিলেন এবং কলমটা দোয়াতে ডুবাইয়া রাথিয়া হতাশভাবে বলিলেন—"আবার কথনো দেখা হবে কিনা ভগবান জানেন ! কিন্তু এই কথা এইল, যদি কখনো এইদিকে আদেন, পাষের ধূলো দিতে ভুলবেন না যন।" কলমটা দোয়াত হইতে উঠাইয়া রসিদের থাজার উপর লিখিতে গিয়া হঠাং আবার তিনি বলিলেন—"এবার যথন ফিরবেন তথন কি আর এ-রকম হোটেলে আপনার ক্রচবে মশায়—তথন 'আপনার ভোলই যাবে বদলে।"

বিরক্তি সংব্রু হঠাং তাহার সম্বন্ধে মানেজার শাইরের এই অস্তুত ভবিয়ামাণীতে প্রস্তোত একটু বিশ্বয় প্রকাশ না করিয়া পারিল না।

মানেজারবাব্ বলিলেন— "আমি তো আগেই বলেছি মশাই, এবার আপনার একটা হিল্লে হয়ে গেল ! ছেলে পড়ানো হলে কি হয় বড় ভালো কাজ বাগিয়েছেন। ওথানে ছুট হয়ে ঢুকে একোবার কাল হয়ে বেরুডে পারবেন। আর আমার নিজের চক্ষেই যে দেখা — আমাদেরই এক জ্ঞাত-ভাই কোন পাঠশালা না কথায় মাস্টারি করে ছু'বেলাছ'মুঠো গেছে পেতো না পেট ভরে। তার পর একটা পান্তব-বজিত দেশে জমিদারের ছেলেকে পড়াবার মাস্টারি পেয়ে গেল। স্বাই মানা করেছিল যেতে; বলেছিল, কি হবে গিয়ে সেই বন-দেশে। কিন্তু মানা শোনেনি বলেই ভা আজ কলকেতায় ছু'বানা বাড়ি তুলে ছু'বানা মাটর ইাকিয়ে বেড়াজ্কে। মাস্টারি থেকে সেবেন্ডায় ভালো চাকরি, ভারপর একথানা ভালুকের নারেবী, তারপর স্টেটের মানেজার, এ ভো আমাদের চোথের ওপর হল বছর কয়েকের ভেতর। পাঁচ বছরে ফুলে লাল হয়ে গেল।"

ম্যানেজারবার হঠাৎ চোথ টিপিয়া একটু হাসিয়া বলিলেন

"অবখ্য ভেতরে ব্যাপার আছে মশাই! বড় বড় ঘরের নোংরা
ব্যাপার আমানের বলতেও বাধে…"

প্রত্যোতের মৃথের দিকে চাহিয়া কি ভাবিয়া তিনি সেই উপাদেয় অবর্ণনীয় ব্যাপার বলার লোভ সম্বরণ করিলেন। বলিলেন—
"এই যে দিচ্ছি আপনার বিসদ লিখে! আপনার তেমন।"
তাড়াতাড়ি তো নেই। সেই একটার তো গাড়ি ?"

প্রজ্যেত এতক্ষণ ম্যানেগারবাব্র অর্থেক কথাই শোনে নাই।
নিজের মনে সে অন্ত একটা কথা গভীর ভাবে ভাবিতেছিল।
ম্যানেজারবাব্ব প্রশ্নে হঠাং সচেতন হইয়া সে বলিল—"না,
আমি এখুনি বেকব।"

"এখুনি বেক্তবেন ? এখন তো মোটে দশটা ! এই না একটায় গাড়ি বললেন ?"

প্রত্যোত সংক্ষেপে বলিল—"আমি এখন অন্ত জায়গায় যাচিছ। কাজের জায়গায় আজ যাব না।"

"আজ যাবেন না!" ম্যানেজারবার রসিদটা তথন লিখিয়া ফেলিয়াছেন। সেদিকে হতাশভাবে তাক।ইয়া অত্যন্ত ক্লুল করে বলিলেন—"আমায় আগে তা বলতে হয়।"

"তাতে আর কি হয়েছে। আপনার প্রাপ্য তো চুকে গেল। কাল সকালে এসে জিনিসপত্রগুলো ভধু নিয়ে যাব।"

ম্যানেজারবাব্র মূখের ভাব বদলাইয়া গিয়াছে। ঈষত্ফস্বরে বলিলেন—"জিনিসপত্রগুলো তো থাকবে ! একটা দিন আমার ঘরও থাকবে জোড়া হয়ে।"

প্রস্তোত বিরক্তি দমন কবিয়া বলিল—"সে একটা দিনের ভাড়া নাহ্য কেটে নিন।" ম্যানেজারবাবু তথাপি অপ্রসন্ধ মূথে বলিলেন—"তা বলছেন যথন নাহ্য নিচিঃ। কিন্তু বদিদের একটা পাতা তো নই হল।"

# .....

### সাত

কাজে যোগ দিবার পূর্বে আরও চুইদিন সময় চাহিয়া ভাবী মনিবের কাছে একটা চিঠি লিখিয়া প্রস্থোত দারবাক রওনা হইল। মানেজারের ঘরে বদিয়া ইহাই সে ঠিক করিয়া কেলিয়াছিল। সমস্ত বাবস্তা ঠিক করিয়া চলিয়া যাওয়া যে ভাহার পক্ষে মোটেই অক্তায় নয় মনকে নানাভাবে এ-কথা বুঝাইয়াও দে ইতিপূৰ্বে স্বন্তি পাইতেছিল না। তাহার নবজাগ্রত জীবনে এই প্রথম ছন্দ্র, প্রথম কউব্যের সমস্থা আসিয়া দেখা দিয়াছে। এই প্রথম পরীক্ষাতেই দে কি হার মানিবে ? অমলবাবু সভাই ভাহার কেহ নয়, কোনো কতবাই ভাহার এ-ক্ষেত্রে নাই, এ-কথা বলিয়া মনকে প্রবোধ দেওয়া তাহার চলে না। আত্মীয়তার গুঢ়তম অর্থেও অমলবাবুকে সে বাদ দিতে বুঝি পারে না। নৃতন জীবনে তাহারাই তো তাহার প্রথম আত্মীয়। তাঁহাদের সহিতই তাহার মনের প্রথম স্লেহের গ্রন্থি পড়িয়াছে। নিজের কাজের ক্ষতি হয় হোক, অমলবাবুর থবর একবার নিজে ভাহাকে গিয়া লইয়া আসিতেই হইবে। সে ব্ঝিয়াছে, যে নুতন জীবনের প্রারম্ভে এই খুঁতটুকু রাখিয়া গেলে কোনেনতেই দে শান্তি পাইবে না। আর ফতি তাহার সতাই কিছু না-ও হইতে পারে। ছদিনের বিলয়ে হয়তো এমন কিছু আসিয়া যাইবে না। @(2@)

গ্রামের পথ এবার ভাহার চেনা। অমলবাবৃদের বাড়ি পৌছাইতে বিলম্ব হইল না। পথে বাইতে বাইতে বিমল-কমলের সহিত । ভাহার আগের বাবের বিলায়ের কথা মনে হইতেছিল। সভাই আবার এ-গ্রামে ভাহাকে ফিরিতে হইবে, এ-কথা সে ভাবে নাই।

মেঘলা আকাশ গ্রামের উপর নত হইয়া আছে। সেই বিষয়
আলোয় ঝোপঝাড় জদলে ভরা গ্রাম খেন আরো পরিভাক্ত,
আরো জনহীন বলিয়া মনে হয়। যে পুকুরের ধারে বিমলের
সহিত প্রথম পরিচয় হইয়াছিল সেখানে আসিয়া প্রজ্ঞাত উংস্ক
ভাবে একবার জলের দিকে না চাহিয়া পারিল না। খেন বিমলকে
আছও সেখানে দেখা যাইতে পাবে। বিমল অবজা সেখানে
নাই। বাড়ির কাছাকাছি আসিয়াও ছই ভায়ের কাছাকেও
প্রজ্ঞাত দেখিতে পাইল না। সন্তবত তাহারা অন্য দিকে
কাখাও সিয়াছে। স্থীল স্থ্রোধ বালকের মতো তাহারা যে
এই মেঘলা ছুপুরে ঘরে বন্ধ হইয়া আছে, এ-কথা প্রজ্ঞাত বিশাস

অমলবাব্দের বাড়ির দরজা বন্ধ। প্রগোত বাহির হইতে শিক্লি নাড়িয়া, অমলবাব্র নাম ধরিয়া ক্ষেক্বার ভাকিল। কিন্তু কোনো শাড়া পাওয়া গেল না।

কবিতে পারে না।

দরজার শিক্লি আবো জোরে নাড়িয়া, গলাটা আর একটু চড়াইয়া দেওয়ার পর ভিতরে পদশব্দ পাওয়া গেল। কে যেন দরজা থুলিতে আসিতেছে।

প্রভোত নিজের মনে একটু হাসিয়া বলিল—"কে বিমল নাকি ?"

কিন্ত কোনো প্রত্যুত্তর নাই। দরজাটা তাহার পর খুলিয়া গেল বেটে; কিন্তু বে খুলিয়াছে তাহাকে দেখা গেল না! দরজার পাশে সে নিজেকে গোপন কবিয়া দাঁড়াইয়াছে।

একটু বিস্মিত হইয়া প্রভোত জিজাদা করিল—"অমলবাবু বাড়ি আছেন তো ?"

এবারও থানিকক্ষণ কোনো উত্তর নাই! অমলবাবুর ভগিনীদের মধ্যে কেহ আসিয়া দরজা থূলিয়া দিয়াছে বৃঝিয়া, প্রজ্ঞোত নিজ্ঞের পরিচয়স্বরূপ বলিল—"আমি অমলবাবুর বন্ধু, কলকাতা থেকে আসছি। এর আগে আর একদিন এসেছিলাম।"

এবার দরজার ধার হইতে মৃত্কঠে শোনা গেল— "আপনি একটু দাঁড়ান।"

অমলবাবুর ছোট বোনই দেরজা খুলিতে আসিয়াছিল। উঠান পাব হইয়া তাহাকে সঙ্গৃতিতভাবে বড় চালার দিকে যাইতে . দেখা গেল।

প্রজ্ঞোতের সমন্ত ব্যাপারটা কেমন একটু অন্ত লাগিতেছিল।
অমলবাব্র অন্তথ কি তাহা হইলে আরও বাড়িয়াছে; না তিনি
কোনো কাজে কোথায় গিয়াছেন! বিমল-কমলকে এ-সময়ে
পাইলে অনেকটা স্বিধা হইত। কিন্তু তাহাছেরও দেখা তো নাই।
মেয়েট কেন যে তাহাকে দাঁড়াইতে বলিয়া চলিয়া গেল কিছুই
ব্বিতে না পারিয়া প্রজ্ঞোত একটু বিমৃত্ হইয়া রহিল। বাড়িটা
অস্বাভাবিক রকম ভার। ঠিক হিপ্রহরের প্রামের ভারতা এ নয়,
ইহার পিছনে কিদের যেন একটা হুজেয়ে অস্বভিক্ষু উপস্থিতি
আছে।

দরজার কাছে দাঁড়াইয়া থাকিতে থাকিতে প্রজোত ক্রমশই অস্থির হইয়া উঠিতেছিল। ভিতরে কোনো সাড়া শব্দ নাই। মেয়েটি বাড়ির ভিতর যেন অদৃশ্য হইয়া গিয়াছে। প্রজোতের মনে হইল, অমলবাবু বাড়ি থাকিলে তাহাকে ভিতরে লইয়া যাইবার এত বিলম্ব হইবার তো কারণ নাই। অমলবাবু যে ভিতরে নাই, এমন কথাও কিন্তু ভাবা যায় না। মেয়েটি তাহা হইলে সেই কথা আগেই জানাইতে পারিত।

সংশয়-দোলায় কিন্তু আর তাহাকে ছলিতে হইল না। নিত্র বাড়িটা হঠাং যেন ঘনছায়াছয় আকাশের তলায় কাতরাইয়া উঠিল। অমলবার্র মা অলিতপদে দাওয়া হইতে নামিয়া আসিতেছেন। তাঁহার আউনাদের শক্ষ প্রজ্ঞোতকে একমুহুতে বিশ্বয় বেদনায় তর বিমৃত্ করিয়া দিল। এই ভয়য়র সভাবনার কথা তাহার কয়নাতেও স্থান পায় নাই। এখনও তাহার সমত্ত মন দিয়া এ-কথায় বিশাস করিতে সে যেন পারিতেছে না। কিন্তু অমলবাব্র রহা না'ব আঠনাদের ভিতর সলেহের অবসর আর যে নাই। প্রজ্ঞোত যেন আর সেখানে গায়াইতে পারিতেছিল না। একবার ভাহার ইছল হইল, দেইখান হইতেই সে পলাইয়া য়য়। এক শেকবিহের অস্বয় পরিবারটির সম্মান হইতে পালি ব না। কিন্তু পলাইবার আর উপায় নাই। সুদ্ধান হইতে পালি ব না। কিন্তু পলাইবার আর উপায় নাই। সুদ্ধান হইতে চীংকার করিতে করিতে আসিতেছিলেন—"মানার নেবুকে দেখতে কে এমেছে গো। প্রগা দেখে যাও!"

মা'র সংক্ষুদক্ষে ঘরের ভিতর হইতে বাহির হইয়া কমল ও বিমল ছটিয়া আধিয়া তাহাকে জড়াইয়া ধরিয়াছে। তাহাদেরও চোথে অঞ্, কিন্তু দেই অশ্র-কাতর মুখের উপরেই রাঙাদাকে

দেখিতে পাওয়ায় য়ে আনন্দ উদ্থাসিত হইয়া উঠিতে চাহিতেছে
তাহা দেখিয়া হঠাৎ প্রত্যোতের বুকের ভিতর পর্যন্ত যেন মোচড়
দিয়া উঠিল। এত অহৈতুক ভালোবাসা পাইবার সৌভাগ্য য়ে য়য়
করা য়য় না। সমস্ত মন য়ে নিজের অয়োগ্যতার অয়ভূতিতে
আড়েই হইয়া থাকে। তাহার চোথে তো জল আসিবার কথা নয়।
তবু কমল ও বিমলের দিক হইতে মুখ ফিরাইয়া সে অঞ্চ গোপন
করিল।

কমল অশ্র-ক্ল কঠে তাহার হাত ধরিয়া টানিয়া বলিল—"দানা মরে গেছে, রাঙাদা।"

বিমল ধমক দিয়া বলিল—"যাং, বলতে নেই ও কথা। দানা স্বর্গে গেছে, না রাঙাদা ?"

# আট

সব কাল্লাই এক সময়ে থামে। এ-বাড়ির কাল্লাও থামিল। অমলবাবুর সংবাদ লইতে প্রস্থোত আদিয়াছিল, সে-সংবাদ निमाक्नाकारत रम भारेगाहा। এখন बाद जाराद এ-वाफिरक থাকার কোনো প্রয়োজন নাই। ইচ্ছা করিলে দরজা হইতে সমবেদনা জ্ঞাপন করিয়াই সে চলিয়া ঘাইতে পারিত। বৃঝি যাওয়াই ভাহার পক্ষে শোভন। কিন্তু ভাহা হইল না। বিমল-কমল তাহাকে দুঢ়ভাবে ধরিয়া দাঁড়াইয়া আছে। বৃদ্ধার ্ৰাক্তির আবেগ শেষ হওয়ার সঙ্গে সঙ্গে ক্রান্থিতে বেদনায় দরজার কাছেই বদিয়া ধু কিতেছে। অমলবাবুর ছোট ছোট ভাগিনেয় ভাগিনেয়ীর। অবাক হইয়া কজনের মুখের দিকে চাহিতেছে। দরজার পাশে আসিয়া দাঁড়াইয়াছে অমলবাবুর ছুই বোন। প্রজ্ঞোতের সমস্তই অন্তত লাগিলেছিল। কেমন যেন ভাহার আন্ধ মনে হইল, এই পরিবারটির সহিত সম্বন্ধ তাহার মাত্র ছুদিনের নয়: ইহাদের স্থ-তঃথ, আশা-ভরদার দহিত তাহার জীবন व्यत्मक व्यार्ग इटेर्डिट विशास व्यव्हक्षजार क्रमाहिया नियारहम । ইহাদের ভার তাহার্কেই বহন করিতে হইবে। ভাগ লইতে হইবে ইহাদেরই সম্পদ 🔑 বেদনার। এ-সম্বন্ধ অস্বীকার করিবার ভাহার 🙊 উপায় নাই।

বৃদ্ধা থানিক পরে একটু শাস্ত হইয়া বলিলেন—"ঘরে গিয়ে বদবে • চল বাবা, কতথানি পথ হেঁটে এসেছ এই তুপুরবেলায়।" প্রস্তোত দে-অনুরোধ উপেকা করিতে পারিল না।

জীবনের তৃচ্ছতম দাবিও মৃত্যুর চেমে বড়, এ-কথা মাহ্ন বৃঝি
নিজের অজ্ঞাতেই বোঝে; মৃত্যুর শৃক্ততা তাই বার বার ভরিয়া
তঠে জীবনের কোলাহলে, সমাধির বিক্ততা ঢাকিয়া যায়।

অত বড় মৃত্যুর ছায়ার তলাতেই তারপর আরম্ভ হইল প্রতিদিনের জীবনের গতি। ছেলেরা উঠানে থেলা করিতেছে, রাশ্লাঘরে বিকালে থাবারের জন্ম বৃঝি উন্ন ধরান হইতেছে। চারিধারে জীবনের ছোটগাট বাশ্বতা।

প্রত্যোত বিমল-কমলকে লইয়া ঘরে আসিয়া বসিয়াছিল।
মেঘাচছন্ন আকাশ যেন আরও অন্ধকার হইয়া আসিয়াছে, পিছনের
বাঁশবনের ভিতর মাঝে মাঝে দম্কা হাওয়ার শব্দ শোনা যাইতেছে,
মনে হয় বৃষ্টি শীঘ্র নামিতে পারে।

ঘরের ভিতর আলো-অন্ধকারে বসিয়া তুই ভাইয়ের কাছে প্রত্যোত অমলবাবুর শেষ কয়দিনের সমস্ত সংবাদই লইল। জর বন্ধ হইলেও শরীর যে অমলবাবুর সারে নাই তাহা সে নিজেই দেখিয়া গিয়াছিল ! তারপর জাের করিয়া একদিন পুকুরে স্নান করিয়া আসিয়া তিনি আবার জরে পড়েন। দেখিতে দেখিতে সে-জর সাংঘাতিক হইয়া দাঁড়ায়।

চিকিৎসা যে প্রসার অভাবে একেবারে হয় নাই ভাষা নয়। স্থানীয় ডাক্তার নিজে হইতেই যথেষ্ট দয়া করিয়াছিলেন, কিন্ধু রোগ তথন চিকিৎসার অভীত হইয়া দাঁড়াইয়াছে। চারদিন পূর্বে স্কালবেলা হঠাৎ বুঝি ছংম্পদন বন্ধ হইয়াই অমলবাবু মারা বান । এসকল কথার মধ্যে হঠাৎ কমল বলিল— "আমরা এথান থেকে চলে বাব জানো, রাঙাদা ? মা বলেছে, আমরা এবার মামার বাডি বাব।"

বিমল সে-কথার প্রতিবাদ করিয়া বলিল—"হান, মামার বাড়ি যাবে! তুই যেমন বোকা! মামার বাড়ি আমাদের আছে নাকি? এক মামা ছিল, সে তো কবে মরে গেছে।"

কমল-বিমলের এ-কথাবার্তা না ভুনিলেও, এ-সংসারের অবস্থাটা বোঝা প্রজ্যান্তের পক্ষে কঠিন হইত না। এই বিপদের পর ইহাদের সংসার কেমন করিয়া চলিতেছে, ভবিন্তুতেই বা কেমন করিয়া চলিবে, প্রজ্যোতের তাহাই এখন জানিতে ইচ্ছা করিতেছিল, কিন্তু ছোট এই ছুটি ছেলের নিকট সে-সংবাদ পাওয়া যায় না। অমলবাব্র মা'র কাছেও গায়ে পড়িয়া কথাটা জিজ্ঞাসা করা উচিত হইবে কিনা, দে ব্ঝিতে পারিতেছিল না।

অনেকক্ষণ বাদে সে জিজ্ঞাদা করিল—"এ-গাঁহে তোমাদের আপুনার লোক কেউ নেই, বিমল ?"

আপনার লোক ! বিমল বেশ ভাবনায় পড়িয়াছে বোঝা গেল : কমলকে কিন্তু ভাবিতে হইল না। চটপট সে জবাব দিল—"ই,।, আরও অনেক লোক আছে, রাঙাদা ! তুমি চেনও না । ওই ওধারে, রতনদের বাড়ি, আর এই বাশ বাগানের পাশে কেই, নন্দ, হাব্—"

তাহার কথার মাঝে ধমক দিয়া বিমল বলিল—"তুই থাম ! ওদের বুঝি আপনার লোক বলে ? ওরা কি আমাদের কেউ হয়, না আমাদের ভালোবাদে? কেটর বাবা আমাদের বাঁশ বাগান
\*খানিকটা কেড়ে নিয়েছে, জানো রাঙাদা ?"

তুই ভায়ের কথা হইতে আর কিছু না হউক, এ-সংসারের আবেষ্টনটির আভাস কিছু-কিছু প্রজ্যোত পাইতেছিল। চারিদিকের লাভ ও স্বার্থপরতার মাঝে এই পরিবারটি নিজেদের অধিকারটুকুও যে ভালো করিয়া বজায় রাখিতে পারিতেছে না, এটুকু তাহার ব্ঝিতে বাকি ছিল না। ভাহার বিশ্বতির যবনিকা এখনও সমান ভাবেই সমস্ত অভীতকে আড়াল করিয়া রাখিয়াছে। তরু কেমন যেন ভাহার মনে হয়, এই শাসরে বাধিকারী স্বার্থপরতার আবহাওয়ার সহিত সে অপরিচিত নয়। জীবন যেথানে নিভেজ নিজীব ভাবে মৃত্যুর সাথে তুর্বল বোঝাপড়া করিয়া বহিয়া চলিয়াছে, সেথানকার মন্থর স্রোতের ক্লেব ও য়ানি যেন সে ভালো করিয়াই জানে।

কিন্তু এই সংসারটির জন্ম দে কিই বা করিতে পারে, ক্ষমতাই তাহার কতটুকু! কোনো রকমে ভাগা-ক্রমে তাহার নিজের জীবিলাটুকু সে সংগ্রহ করিতে পারিয়াছে, তাহা হইতে ইহাদের সামান্ত সাহায্য সে করিতে পারে; কিন্তু এই পরিবারটির সমস্তা তাহাতে মিটিবে কি ? সত্য কথা বলিতে গেলে, এই সংসারটিকে খাড়া করিয়া তোলা কি সম্ভব ? অমলবাব্ও তে এই চেষ্টাই করিয়াছিলেন এবং এই চেষ্টায় বার্থ হইয়া শেষ পর্যন্ত তাঁহাকে প্রাণও দিতে হইয়াছে। খীরে ধীরে তাঁহার সমন্ত প্রাশশক্তি ইহাদেরই জন্ত নিংশেষত হইয়া গিয়াছে।

ইহাদের ভবিষ্যতের কথা ভাবিয়া সভাই প্রছোত কোনো কূল দেখিতে পায় না। কিন্তু একটা কথা দে ভালো করিয়াই উপলব্ধি করিতে পারে। ইহাদের সহিত নিজের ভাগ্যকে বিচ্ছিন্ন করিতে আর সে পারিবে না, বিচ্ছিন্ন করিতে সে চাহে না। ইহাদের ভার থ যত গুরুভারই হোক, তা বহন করাতে তাহার নিজেরই একটা স্বার্থ আছে। চারিধারে শৃশুভার মাঝে এইবার সে পাইয়াছে একটা আশ্রম, পাইয়াছে এমন একটা অবলম্বন যহোর দারা নবজাগ্রত জীবনকে কিছু পরিমাণে অন্তত সে সার্থক করিয়া তুলিতে পারে।

সমত ব্যাপারটার ভিতর ভাগ্যের হাত বুঝি অনেকথানি আছে।
এই পরিবারটির সহিত পরিচয়, অমলবাব্র মৃত্যু, সমন্তই বেন
ঘটিয়াছে অদৃশ্য কোনো নিয়তির ইন্সিতে ! সে ইন্সিত প্রভোত
উপেকা করিতে পারিবে না । একদিন অমলবাবৃকে সে ইন্সা করিয়াছে, আজ ভাগ্য ভাহাকে যেন পরীক্ষা করিবার জঃ সেই
আসনে আনিয়া বসাইয়া দিয়াছে। পশ্চাংপদ হওয়া আর তঃ র
সাজে না, হইতে সে চাহে না।

বাহিবে অনেককণ হইতেই টিপ টিপ করিয়া রুষ্টি পড়িতেছিল, হঠাং আকাশ যেন আর জলভার ধরিয়া রাখিতে পারিল না ম্যলধারে রুষ্টি নামিয়া আসিল । ঘর-দোর অন্ধকার হই আসিয়াছে। পাভার চালের কত দিন সংস্কার হয় নাই কে জ" ! থানিক বাদেই উপর হইতে টিপ টিপ করিয়া জল চুগ্লাইয়া পাড়তে আরক্ষ হইল।

কমল উৎসাহভরে বলিল—"আমাদের ঘরে আরও জল পড়ে জানো, রাঙাদা ! চল না, দেখবে চল না !"

প্রভোত কিন্তু চুপ করিয়া বসিয়া বহিল। আপনা হইতে যে-ভার

সে নিজের স্বন্ধে তুলিয়া লইতে চাহিতেছে, তাহার গুরুত্ব সে ভালো করিয়া বুঝিবার চেষ্টা করিতেছিল।

থানিক বাদে বৃষ্টির ভিতর ভিঞ্জিতে ভিঞ্জিতে অমলবাবুর মা ঘরে আসিয়া চুকিলেন। "গাঁয়ের পথঘাটের যা অবস্থা, কাদায় কাদা হয়ে গেছে এর মধ্যেই। যাবার যে বড্ড কট্ট হবে।"

প্রছোত বলিল—"আজ আর যাব না মা, বৃষ্টি না হলেও যেতাম না।"

## রাত্রেও বৃষ্টি থামিল না।

অমলবাব্র ঘরেই প্রভোতের ভইবার ব্যবস্থা হইয়াছে । খাওয়া দাওয়া দারিয়া দেখানেই দে আদিয়া বদিয়াছিল।

দাদার ঘরের দিকে কমল ও বিমল ইহার পূর্বে নিশ্চয়ই মাড়াইত না। আজ কিন্তু তাহাদের ঘর ছাড়িবার কোনো লক্ষণ নাই। ছঞ্জনেই যে রাঙাদাদার সহিত শয়ন করিবে, এ ব্যবস্থা তাহারা নিজেবাই করিয়া লইয়াছে।

প্রফোত রাত হইতেছে দেখিয়া তাহাদের ঘু::ই:ত যাইতে বলিল, কিন্তু সে-কথা কে শোনে!

কমল একটা অজুহাতও খুঁজিয়া বাহির করিল। বার কয়েক পীড়াপীড়ি করিতে সে বলিল— "ও-ঘরে কেমন করে শোব। বড়চ জল পড়চে যে।"

কমল ও-ঘরে শুইতে গেলে বিমলের অধিকার কায়েমী হয়, সে ভাই প্রলোভন দেখাইয়া বলিল—"যা না, বড়দি গল্প বলবে'খন।" গল্প সহক্ষে কমলের কিছ কোনো প্রকার আাসক্তি আর নাই, দেখা গেল। অনায়াসে দাদাকে সে-সৌভাগ্য উপভোগ করিঙেঁ অহুমতি দিয়া সে বলিল—"তুমি যাও না। তুমিই তো গল্প ভালোবাসো।"

রাঙাদার কাছে নিজের মধাদা বাঁচাইয়া বিমল বলিল, "আহা ওস্ব ছেলেমাছ্যী গল্প বৃথি আমি ভালোবাদি ৷ আমি বই-এ শব চেয়ে কত ভালো গল্প পিডি ৷"

বাকসুদ্ধে কে শেষ পৃথস্ত প্রাক্ত ইইত বলা যায় না, কিন্তু দেই
সময়ে না আদিলা ঘরে চুকিলেন। মালের কথার উপর বুঝি কথা
চলে না, নিতাস্ত অনিজ্ঞুক ভাবে কমল-বিমলকে রাঙানার সঙ্গ পরিত্যাগ করিলা অঞ ঘরে স্তইতে যাইতে হইল। বিমল যাইবার সময়ে কানে কানে বলিলা গেল, যে কাল ভোর হইলেই সে আদিবে এবং রাঙাদাকে লইলা এমন এক আংইগায় বেড়াইতে লইল যাইবে যে ক্রমল হাজার চেষ্টা করিলেও তাহাদের ধরিতে পারিবে না।

নানার এ-হ্রভিসন্ধি কিন্তু কমল ধরিয়া ফেলিয়াছে, দেখা গেল। অথেক পথ হইভেই একবার ফিরিয়া আসিয়া সে চুপি গ্রিপ প্রভোতের কানের কাছে বলিয়া গেল—"দাদা কাল প্রিয়ে বেছাতে যাবে বললে, না রাঙাদা। দাদার চেয়ে আমি অনেক ভোৱে উঠব দেখো।"

অমলবাব্র মা দরের ভিতর 'আসিয়া বসিয়ছিলেন। এইবার অশ্রক্তর কঠে বলিলেন—"এ-ঘরে চুকতে যে আর ইচ্ছে করে না বাবা; কিন্তু তোমায় শুতে দেব, এমন একটা ঘরও নেই।" কথা বলিবার সঙ্গে সঙ্গে তাঁহার কান্না উচ্ছাসিত হইয়া উঠিল।

মান্থনা দিবার নিফল চেষ্টা না করিয়া প্রজ্ঞোত চূপ করিয়া বহিল।

খানিক বাদে বৃদ্ধা একটু শান্ত হইলে সঙ্গুচিতভাবে জিজ্ঞাসা
করিল—"আপনাদের এখন চলবে কি করে ?"

সামাত্র একটা প্রশ্ন। কিন্তু ইহার জন্মই সমন্ত সন্ধ্যা ধরিয়া যেন প্রত্যোতের নিজেকে প্রস্তুত করিতে হইয়াছে। সাধু সম্প্র অভ্যন্ত সহজেই করা গিয়াছিল: কিন্তু কাজের বেলায় এত বাধা আদিবে, তাহা প্রম্যোত ভাবে নাই। এই পরিবারটির সহিত নিজের ভাগাকে জডাইয়া লইতে সে চায় বটে: কিন্তু ইহারা তাহার দে-চেষ্টাকে যে কি ভাবে গ্রহণ করিবেন, তাহাও ভাবিয়া দেখা দরকার। সত্য-সতাই কোনো আখ্রীয়তার সূত্রই তাহাদের মধ্যে নাই। সামান্ত একট সহাত্বভৃতি হইতে ঘনিষ্ঠতার স্তরে একেবারে নামিয়া আসা সহজ নয়, বুঝি শোভনও নয়। এতক্ষণ পুষ্ঠ তাই প্রজ্ঞাত দ্বিধায়, দ্বন্দে কাটাইয়াছে। গায়ে পড়িয়া উপকার করিতে য'ওয়ার ভিতরও কেমন একটা নিলজ্জভার আভাস পাইয়া ভাহার মন সঙ্কৃচিত হইয়া উঠিয়াছে। কেবলই মনে হইয়াছে, ইহাদের অভাবের থোঁজ লইতে গিয়া কোনো রকম অপমান দে না করিয়া বদে। হাজার হইলেও ে বাহিরের লোক—অমলবাবুর পরিচিত বন্ধু মাত্র। এ-সংসারের সহিত পরিচয়ও তাহার গভীর হয় নাই। কমল-বিমলের শিশুমন অনায়াদে ভাষাকে আপনার করিয়া লইয়াছে বটে; কিন্তু বড়দের মনোভাব তেমন না ইইতেও পারে, না হওয়া অস্বাভাবিকও নয়। তাহার নিঃসম্বতার মক হইতে যে-আগ্রহ লইয়া সে এই দরিদ্র

সংসারটিকে আঁকড়াইয়া ধরিতে চাহিয়াছে, ইহাদের কাছে তাহা বাড়াবাড়ি বলিয়াও মনে হইতে পারে। হয়তো সত্যই শে অধিকারের সীমা ছাড়াইয়া যাইতেছে।

প্রশ্ন করিয়া তাই প্রছোত অত্যন্ত কুঠিত হইয়া রহিল। কিন্ত প্রছোতের আশহা বোধ হয় অমূলক। রুদ্ধা সহজ্ঞাবেই এ-প্রশ্ন গ্রহণ করিয়াছেন, মনে হইল। থানিক চুপ করিয়া থাকিয়া তিনি হতাশভাবে বলিলেন—"কি বলব লাবা, চলবার তো কোনো উপায়ই দেধছিনে।"

সাহস পাইয়া প্রত্যোত বলিল—"বিমল-কমলের পড়াশুনারও তো একটা ব্যবস্থা দরকার, বেশি ব্যস হয়ে গেলে আর মন বসবে না।"

অমলবাবুর মা বলিলেন—"তার চেয়ে আরেক তাবনা যে আমার বড়, বাবা! বিমল-কমল বেটা ছেলে, বেঁচে থাকলে মোট বয়েও থেতে পারবে, কিন্তু নির্মলার বিয়ের বয়দ পার হয়ে যাচ্ছে, এখন বিহয় না দিলে আর যে মৃথ দেখাতে পারব না। এরি মধ্যেই লোকে কত নিদে করছে।"

প্রত্যোত এদিকের কথাটা সত্যই ভাবে নাই। থানিক নিশ্বন্ধ থাকিয়া সে বলিল—"এখন আপনাদের আয় কি আছে ?"

"আয় ?" বৃদ্ধা হতাশভাবে বলিলেন—"নেবৃর মাইনেটুকুই সম্বল ছিল এতদিন। এখন এই ভদ্রাসনটুকু শুধু আছে, এই বেচে-টেচে তোমরা যদি মেয়েটাকে পার করে দিতে পার।"

"নেয়ে না হয় পার হল; কিন্তু ভদ্রাসন গেলে থাকবেন কোথায়, চেলেপুলেরা থাবে কি  $\gamma$ "

বৃদ্ধা চিরস্তন বীতি অন্থামী ভাগ্যের দোহাই পাড়িয়া বলিলেন— ওভগবান যা মাপাবেন। কিছু না থাক, গাছতলা তো আছে; ভিক্ষে তো এখনো মেলে।"

প্রত্যোত চূপ করিয়া ছিল, বৃদ্ধা আবার বলিলেন—"বিক্রি না করলেও, জায়গা-জমি যেটুকু আছে রাখতে তো পারব না বাবা। নেবু বেঁচে থাকতেই একটু করে চারধার থেকে সবাই ফাঁকি দিচ্ছিল। থিড়কির পুকুরটা জোর করে মৃথুজ্যেরা ভরাট করলে, বধরার দাম দিলে না। দলিলপত্র তো নেই, কে ওদের সঙ্গে ঝগড়া করে! বোসেরা বাঁশবাগানের অর্ধেকটা দথল করে নিয়েছে এরই মধ্যে। এখন তো ওদের আরো স্থাবিধে হল। ঘূটো নাবালক ছেলে আর মুকুবির মধ্যে আমি অথর্ব বুড়ো একটা মেয়েমাসুষ; এখন তো যা খুশি তাই করবে। তার চেয়ে ও বেচে দেওয়াই ভালো। নেবুর অস্ত্রেথর সময় থেকেই পালেরা ক'ভাই মিলে কিনতে চাইছে। দর যাই হোক, টাকা কটা তো পাওয়া যাবে।" প্রত্যাত এতক্ষণে বুঝি অনেকটা জোর পাইয়াছে। দৃঢ়ভাবে সে বলিল—"লোকে ফাঁকি দিয়ে নেবে বলে জলের দামে বিক্রিকরতে হবে ? তা হতে পারে না মা।"

বৃদ্ধা হতাশভাবে বলিলেন—"আমাদের হয়ে দাঁড়াবার যে কেউ নেই বাবা।"

প্রত্যোত চপ করিয়া রহিল।

প্রজ্যাত এখনও পর্যন্ত সেই ব্যেডিং-এই আছে , িংসশে পড়াইতে যাওয়ার কাজটি শেষ প্রযন্ত তাহাকে প্রত্যাধ্যান করিতেই হইন। সকাল বিকাল সে টিউশনি করে। অমলবাব্র মতো রাত্রে একটা পাইলেও তাহার আপত্তি নাই, কিন্তু অমলবাব্র মতো সেইহাতে ক্র নয়। বিক্ষোভ তাহার মনের নিগতে কোথাও নাই, সমস্ত আকাশ উৎসাহের আলোয় ঝলমল করিতেতে।

প্রভাতের ন্তন জীবন আরম্ভ হইয়াছে— মন্ধকার ধ্বনিকার উপর দেখা দিয়াছে দ্বপালি ভস্কজাল। আশা হয়, অচিরে সমস্ভ শৃক্ততা স্ক্র সেই ভন্তর বুনানিতে ঢাকিয়া যাইবে। শ্বভির স্থয় তাহার মনে আরম্ভ হইয়া গিয়াছে ইহার মধ্যেই। জীবন তাহার একটা কেন্দ্র পাইয়াছে প্রদক্ষিণ করিবার মতো। তাহার ও নিজস্ব একটা জগত এখন আছে, সে-জগতে তাহার নিশ্চিন্ত অধিকার। ইহাবই জন্ম ভাগোর কাছে সেক্তজ্ঞ।

কি ছোটখাট ব্যাপারকে আশ্রম করিয়াই তাহার মনে উৎসাহ
ও আনন্দের এমন চেউ উঠিতেছে, ভাবিলে অবক্ত অবাক হইতে
হয়। অসাধারণ কিছুই তাহার মধ্যে নাই। অমলবাবুর মতোই
কে প্রাণাত্ত পরিশ্রম করিয়া ছেলে পড়ায়। মিতব্যয়িতার চরম
আদর্শ হইয়া পয়দা বাঁচায় ও সপ্তাহের ছয়টি দিন একটি দিনের

আশায় উদ্গাঁৎ হইয়া থাকে। কিন্তু এই সমস্ত তুচ্ছ ব্যাপারেই যেন পরম রহস্রের স্থান আছে, উত্তেজনা আছে ছরহতম সাধনার। প্রদাোতের সমস্ত মন ইহাতেই তন্ময় হইয়া থাকে, আগ্রুত হইয়া য়য় অভ্যুত আনন্দ-রসে। সে যেন নৃতন কিছু স্পষ্ট করিতেছে, নৃতন এক জগত, মানবেতিহাসের নৃতন এক অধ্যায়। সাজ্যাতিক রোগভোগের পর সারিয়া উঠিলে সমস্ত ইক্লিয়, সমস্ত অম্মুতি প্রথমতর হইয়া ওঠে, মন অতিরিক্ত তীক্ষ্ণাবে সমস্ত জীবনের স্থান যেন পায়। প্রভাতে রোগ নয়, একেবারে মৃত্যুর শৃক্ত তিম্রা হইতে জারিয়া উঠিয়ছে জীবনের অসীম তৃষ্ণা লইয়া। প্রথমতম অম্মুতি, স্বাত্তম জীবন-বিলাসিতার ক্ষ্মা লইয়া সে জারিয়ছে। তাহার কাছে কিছু তৃত্য নয়। অভ্যাসের ক্লান্তিতে জীবনের স্থান যাহাদের কাছে বিরস হইয়া আসিয়াছে, প্রভোত্তের স্তাক্ষ উপভোগের মর্ম বোঝা তাহাদের সাধ্য বৃঝি নয়।

ইতিমধ্যে বার কয়েক প্রভোত দারবাক যাতায়াত করিয়াছে।
পরিবারটির সহিত সহদ্ধ তাহার সহদ্ধ হইয়া আসিতে বিলম্ব হয়
নাই। সহদ্ধ সহদ্ধ করিবার পথে সব চেয়ে লাহায়্য করিয়াছে
অব্ভ অমলবাবুর ছটি ভাই। তাহাদের ভালোবাসা অস্তরশ্ভার
পথ মস্ব করিয়া দিয়াছে।

শনিবার সকাল হইতেই প্রত্যোতের আজকাল বৃক্টা কেমন করিতে থাকে আনন্দে, উত্তেজনায়। বোডিং-এর অধিকাংশ বাসিন্দাই চাকুরে, শনিবারটির দিকে তাহারাও উৎস্কভাবে সারা সপ্তাহ চাহিয়া থাকে। কিন্তু তাহাদের কাহারও অন্তভ্তির ততথানি তীব্রতা বৃঝি নাই।

७(२৫)

স্থারি নারিকেলের বন, তাহারই ছায়ায় পাতায়-ছাওয়। একটি বাড়ি—ভকনো মাটির আদিনা তাহার পটপট করিতেছে। একধারে ফুটিয়াছে ডালিম গাছের ফুল। সমস্ত জড়াইয়া একটি শীতল মধুর গন্ধ উঠিতেছে ছায়ায়িয় বাতাদে। ফণে-ফণে এ-সমস্ত প্রভাতের মনে পড়িয়া বায় । নৃতন প্রেমের কল্পনার মতো এই ছবিটি অভ্তভাবে তাহাকে নাড়া দেয়, অপ্রত্যাশিতভাবে তেউ তুলিয়া বায় তাহার সারা মনে। তাহারও আছে নিভ্ত এক আশ্রয়, ছুটি লইয়া বিশ্রাম করিবার, স্লেই ও সহায়ভৃতির উন্তাপে আরাম করিয়া দিন্যাপন করিবার একটি নীড়, একথা ভাবিতেই তাহার মনে আনন্দ-শিহরণ জাগে।

বড়দির ছেলেমেরের জন্ম নৃতন কি থেলন। কিনিবে, নৃতন কি জিনিদ কমল-বিমলের জন্ম আনিবে, তাহাই ভাবিতে ভাবিতে সে পড়াইতে যায়। পড়ানোটা তেমন ভালো করিয়া জনে না বোধ হয়। বিকালের জন্ম তাহার মনটা উদ্প্রীব হইয়া থাকে।

বাজার সে তুপুর বেলাই শেষ করিয়া রাথে; কোথায় অসময়ের এঁকটু আনাজ, পাড়াগাঁয়ে যাহা একেবারে ছুম্মাপ্য, কোথায় সন্তা একটি থেলনা— মূল্যের তুলনায় চাকচিক্য যাহার অভ্যন্ত বিশ্বংকর, দিদির কাথা সেলাইএর জন্ম গুলিস্কভা, কমলের লাটু দুশংইবার জন্ম একটা কেলি, বিমলের লিথিবার জন্ম একটা কল-টানা থাতা, রালাঘরের জন্ম একটা সন্তা কাঠের চাকি অনেক কিছুই ভাহাকে সংগ্রহ করিতে হয়।

তাহার আয়োজন বিকালের আগেই সম্পূর্ণ হয়। তারপর কেলনে গিয়া ট্রেনের জন্ম অপেক্ষা করিতেও যেন তাহার তর্সহে না। সময় যে কত ম্লাবান, তাহা প্রভোত একাই যেন ব্রিয়াছে।

-টেন কিন্তু যথাসময়েই প্লাটফর্মে দাঁড়ায়। ছোটথাট মোটটি লইয়া
প্রভোত তৃতীয় শ্রেণীর একটি কামরায় জানালার ধারে গিয়া বদে।
তাহার পর তাহার মনে উল্লাদের প্রতিধানি তৃলিয়া টেন, ছাড়ে।
প্লাটকর্ম, ওভার-ব্রিজ, শহরের জীর্ণতম একটি অংশ দেখিতে
দেখিতে পিছনে কেলিয়া টেন বিস্তীর্ণ উদার মাঠের মধ্যে আসিয়া
প্রভে।

বর্ধ। শেষ হইয়া আসিতেছে। দিগন্ত হইতে দিগন্ত পর্যন্ত ছানিতেছে হরিং সমূদ, চাষাদের গ্রাম তাহারই মাঝে মাঝে দ্বীপের মতো ভাসিতেছে এবং সমস্ত দৃশ্যের উপর পড়িয়াছে হয়তো অস্ত-রবির লোহিতাভ আলো—বিষল মধুর হাসির মতো। পরম পরিভৃপ্তিতে প্রাম্যাত জানালার ধারে মাথা বাধিয়া চোথ ছটি মুদিত করে।

- জীবনের স্বাদ এত মধুর, এমন অপরপ।

দূর হইতে বিভিন্নভাবে, নিলিপ্তভাবে যে গ্রামকে সেদিন সে বিচার করিয়াছিল তাহারই রূপ আবদ্ধ তাহার কাছে একেবারে বদলাইয়া পিয়াছে।

ছোট একটি ফেশনে আসিয়া ট্রেন থামে। তাহার আগের সমস্ত পথটি বেন প্রভোতের মৃথস্থ হইয়া গিয়াছে। মৃথস্থ হইলেও, সে পথটি পুরাতন কবিতার মতো মধুর। প্রতিবার ট্রেন সেটিকে আবৃত্তি করিয়া বেন নৃতন অর্থ, নৃতন ইঞ্চিত তাহার কাছে উদ্ঘাটিত করিয়া যায়। কোথায় ছোট একটা সাঁকো; ট্রেনের আওয়াজ ভারী হইতে না হইতে মিলাইয়া যায়; শীর্ণ একট্ জলপথ গিয়াছে এধারের প্রান্তরের সহিত ওধারের মিতালি করিতে; ছোট একটি

মন্দিরকে কেন্দ্র করিয়া কোখার ছোট একটি চাবাদের গ্রাম সরল দিকচত্রবাৰ বেখাকে ভাষিয়া বিভিত্ন কবিয়া তুলিয়াতে; ভালাব ্পর বুঝি বিভাগ এক জলা, আসর-সন্ধাবে যান আলোয় প্রিয়া আছে সৃষ্টি ক্লান্ত বিধাতার খবসংদের মতো—প্রাণের স্পান্ত নাই, নাই বর্ণ ও রেখার ব্যক্তনা। অধীম ধূদর শুরুতা, মনে হয় ইহার শেষ नाहे। कि **इ** छिन छाहा । भाव हहेग्रा याय, काबाद मिथा गाय শত্ম-আন্দোলিত প্রান্তর, মাঝে মাঝে আকার্যাকা জলপথ, ভোগ্রা বাহিয়া চাধী চলিয়াছে দূব গ্রামের দিকে। ভারপর শীর্ণকায়। একট নদী, কোন স্থান হইতে বাহির হইয়া আসিয়াছে অশ্রাবার মিনতির मटला। छित्मव खब शांक इहेशा आहम आत्तरम, कालिशा अर्छ द्वि একটা পতি মন্তর হইরা আনে। থানিক পরেই আসিয়া পড়ে লেভেন জিবিং। লোহার গেট ধরিয়া নীল ছামা গায়ে লাল পাগড়িবালা পয়েণ্টস-মান দাঁড়াইর। আছে। প্রস্থোত তাহাকে চেনে, জানে তাহার প্রমটি-ঘরটি। বে-ছেলেটি গেটের উপর ঝুকিয়া পড়িয়া हां ज नाड़िया (छेन्टक छे॰माह (नय, लाउँव उपाद्य छहेजांका शक्य गांकि नहेंगा (य-गांकागान व्यापका करत. माथाय पिर्ट्र त्यां हे नहेगा বে-সমন্ত চাৰী পুৰুষ ও নারী ট্রেনের দিকে চাহিয়া থাকে, তাহারাও ষেন তাহার পরিচিত। তারপর কোথায় কোন শাখা লাইন ছুটিয়া বাহির হয় টেনের পথ হইতে সচকিত অজগরের মতো, কোথা इंटरें दिशा यात्र डिम्ह्यान्डे निश्वादनव वराड्य नीन-जातना, কোথার গ্রামের ছাড়া-ছাড়া করেকটি ঘর-বাড়ি লাইনের ধারে টেনকে অভার্থনা করিবার জন্ম আগাইয়া লাড়াইয়া আছে— সমস্তই ভাহার জানা।

সন্ধ্যা ঘনাইয়া আসিয়াছে। আকাশ ও পৃথিবী এবার ক্ষমকারে যেন মিনিত হইয়া, একাকার হইয়া যাইবে । তাহারই ভিতর ছোট ফৌশনের অন্তজ্জল আলোগুলি অন্তরন্ধ ক্ষেহ-সন্তাধণের মতো মনে হয় অন্তথ্যধুর।

প্রজ্যেত টেন হইতে নামে। টেন ধীরে ধীরে টেশন ছাড়িয়া বাইতেই প্লাটফর্ম হইতে নামিয়া লাইনগুলি পার হয়। ওধারেও কাঁকর বিছানো দীর্ঘ প্লাটফর্ম। মেহেদিগাছের বেড়ায় রেলিঙ এখন অম্পত্ত দেখায়, করে:গেটে ছাওয়া কেঁশনের একটি শেড, সেইটিই ওয়েটিংক্রম, সেইটিই টিকিট কিনিবার স্থান। কেঁশনের নাম-লেখা একটি বাতি—টিকিট ঘরের দেওয়াল হইতে সামান্ত একটু আলো শেডের অন্ধকারে মিলাইয়া গিয়াছে। সেই শেড পার হইয়া গিটি বাহিয়া প্রজ্যেত পথে নামে। খানিকটা শৃত্ত প্রান্তর কার হইয়া গেটশন হইতে পথটি সোজা গিয়া নিকটের গ্রামের খন-বিত্ত-গাছপালার পুঞ্জীভূত অন্ধকারে হারাইয়া গিয়াছে। পথে চলিতে প্রজ্যেত একবার বৃঝি পিছন ফিরিয়া চায়। শৃত্ত প্রান্তরের মধ্যে এই পরিজ্বের গেটশনটিরও একটি আকর্ষণ ভাহার কাছে আছে। তাহার জীবনের সঙ্গে এই স্টেশনটির ছবিটিও আজকাল মিশিয়া গেছে।

বড় রাস্থা হইতে, মাঠের উপরকার আলের পথ, সেখান হইতে বাউতলায় নালার উপরকার থেজুর-গুঁড়ির সাঁকো পার হইয়া, প্রানের ভিতরকার সংকীর্ণ অন্ধকার আকারাকা গলি, চাধীদের মরাই-এর ধার দিয়া, সজিনাজুল চড়ানো মেটে বাড়ির কানাচ দিয়া, পানা পুরুরের কোল ধেঁষিয়া ভারপর অন্ধকারে দীর্ঘ পথ, সবই

প্রত্যোত উপভোগ করিতে করিতে পার হইয়া যায়। এ-গ্রামের প্রতি কোনো বিভৃষ্ণা আর তাহার নাই। ইহার পরিত্যক্ত আরণ্য-রূপই এখন যেন তাহার কাছে মূল্যবান। তাহার মনের আনন্দরসে এ-গ্রামের উচ্চুঙ্খল প্রকৃতির রূপও মধুর হইয়া উঠিয়াছে।

তারপর প্রথম বাড়ি গিয়া অন্ধকার সদর দরজায় ছোট একটি টোকা দেওয়া—তাহার উত্তেজনার বুঝি তুলনা নাই। যত ধীরেই সে আঘাত করুক, ভিতরে প্রতীক্ষা-ব্যাকুল কান সজাগ হইয়া আছে তাহার জন্ম কমল-বিমলের উচ্চুসিত কলকণ্ঠ। তাহার হাত হইতে পুঁটুলি কাড়িয়া লইবার জন্ম ঝগড়া। বড়দিদির একটু ভংসনা।

ভারপর প্রামের ফিল্লিমর্মরিত শীতল অন্ধকারে দাওয়ার উপর মাত্র বিছাইয়া দ্রান প্রদীপের আলোয় পুঁটুলি থুলিবার অন্ত্রান । চারিধারে সকলে বিরিঘা দাড়াইয়াছে। কমল একেবারে হুমড়ি খাইয়া পড়িবাছে তাহার উপর। ধীরে ধীরে রূপকথার পুরীর মায়া-পেটিকা বঝি পোলাহয়।

"ওমা এর মধ্যেই কপি কোথায় পেলে।" বড়দিনির কঠে আনন্দ ও বিশ্বয়ের স্তর। হঠাং প্রয়োতের পকেট হাতড়াইয়া একটা জিনিস পাইরা কমল আনন্দে চীংকার করিয়া লাফাইয়া উঠে। বিমল সঙ্গে সঙ্গে ওঠে তাহার আবিন্ধারের সন্ধান লইতে। কিন্তু কমল আনন্দ-সংবাদ তো লুকাইয়া রাখিবে না। সমস্ত পৃথিবীতে সে যে ইহা রাষ্ট্র করিতে চায়।

"আমার লাটুলেন্তি, লাটুলেন্তি—ছোড়দার চেয়ে ভালো।" গ্রামান্তবের লোকের দে-আননন্ধনি শুনিতে পাওয়া উচিত। এইবার ম্থভারের ভান করিয়া প্রজ্যোত পুঁটুলিটা একটু মৃড়িয়া প্রাথে। হতাশভাবে বলে—"নির্মলার উল্পাওয়া গেল না বড়দি। শহরের মেয়েরা আজকাল উল্বোনা ছেড়ে দিয়েছে। দোকানে তাই রাথে না।"

বড়দিদি এ-হুষ্টামিতে সাহাষ্য করেন। হাসিয়া বলেন—"তাই তো ভারী মুশকিল হল যে।"

নির্মলা ঠোঁট বাঁকাইয়া বলে— "আমি কি উল্ আনতে বলেছিলাম নাকি!" ঔদাসিভভৱে সে সেখান হইতে চলিয়া যাইবার উপক্রম করে।

মা মাঝে পড়িয়া বলেন— "আহা, কেন ওকে ঝাগানো বাপু! ওই তো রয়েছে উল্!"

তাহার পর উল্ বাহির হয়, বাহির হয় করেকটি থেলনা। অন্ধকার মুখর হইয়া ওঠে আনন্দ কোলাহলে। লাটাই-এর বদলে রুল-টানা কপিবৃক পাইয়া শুধু বৃঝি বিমলই একটু অপ্রসন্ধ বোধ করে। কিন্তু সে-ভাব তাহার ক্ষণিক। কপিবৃকের লিপি কুশলতাকে পরাস্ত করিবার উৎসাহে মাহুর হইতে কমলকে বিতাড়িত করিয়া সে সমারোহ করিয়া খাতাপত্ত দোয়াত পাতিয়া বদে।

স্থমিপ্ত একটি সংস্থাবাজা। কে বলিবে, মৃত্যুর ছাল এখনো এ সংসারের উপর হইতে অপস্ত হয় নাই। কে বলিবে, লোভ ও স্বার্থপরত। নিংশব্দে ওৎ পাতিয়া আছে এই হুবল সংসারের চারিধারে। বলিবার প্রয়োজন কি? সকল কথা সব সময় স্মরণ করিতেও নাই।

মনের উপর যবনিকা ফেলারও বৃঝি প্রয়োজন আছে। যবনিকা

ভধু আড়ালই করে না, উজ্জ্ঞলও বে করিয়া ভোলে নিজের পটভূমিতে, সে-কথা ভো প্রত্যোত জানে না। জীবন-বিধাতার এই চুকু,
অন্ধ্যাহের জন্মই সে কৃতজ্ঞ। রহস্মাগরে ঘেরা আয়ুর এই ছীপের
যথার্থ মূল্য, সভ্যকার সার্থকতা সে ব্রিয়াছে। স্বপ্ন ও সভ্যে
মিলাইয়া নশ্বর এক সৌধ নির্মাণ করিবার অধিকার, জীবনের
অপরূপ মুহুতগুলিকে উপভোগ করিবার সৌভাগ্য, ইহারই কি
তুলনা আছে।

এইবার নিশ্চিন্ত বিশ্রামের পালা। মেরেরা রাল্লাঘরে গিয়াছে। ছেলেরা যে যার থেলা কাজ লইরা মত। মাত্রের একধারে বসিয়া, হেলান দিয়া ভইয়া প্রভোত সামনের স্লিয় শাঁতল অন্ধকারের দিকে চাহিয়া থাকে। অপরূপ শান্তি আর শুক্তা তারকাথচিত আকাশে, অনিব্চনীয় প্রশান্তি তাহার মনে। মাধ্য-রসে তাহার মন ভরিয়া গেছে। নিশুক গ্রামের স্ক্মধুর আলশু স্ঞারিত হইয়া গেছে। ভাহার দেহে।

ঘনকৃষ্ণ বিশ্বতির যবনিকা কি ঢাকিয়া গেছে রূপালি স্থতার জালে ? অকুল সম্দ্রের নিঃসঙ্গ বন্ধান্তীপ কি আমল হইয়া উঠিল জীবনের স্পর্শে, মূধ্র হইয়া উঠিল জীবনের কোলাহলে ? তাহাই তো মনে হয়।

#### FA

দারবাকের একটি জীর্ণ ভগ্ন মেটে বাড়ির চেলারা এমন বদলাইয়া গিয়াছে যে দেখিলে সহজে বিশ্বাস হয় না।

প্রত্যোতের ছুটি নাই বলিলেই হয়। সপ্তাহে একদিনের বেশি সে বড় গ্রামে আসিতে পারে না। কিন্তু এই সামাল সময়েই সে জীর্ণ বাড়িটির অনেক সংস্কার করিয়া ফেলিয়াছে।

ভাহার উৎসাহের অস্ত নাই। বিমল-কমলও বৃঝি ভাহার সহিত পাল্লা দিতে পাবে না। এই বাড়ি আর পরিবারটুকুই ভাহার স্টির ক্ষেত্র। ইহাকেই সে নতন করিয়া রচনা করিতে চায়।

শনিবার রাতটা বিশ্রামে কাটিয়া যায়। রবিবার ভার না হইতেই আরস্ত হয় প্রজাতের আয়োজন আজ বাড়ির চারিধারে ভাঙা দেওয়াল মেরামত করিতে হইবে। রাজমিস্থির প্রয়োজন নাই। সে নিজেই পারিবে, আর বিমল-কমল যোগাড় দিবার জন্ম প্রস্তুত হইয়াই আছে।

পুকুর ধার হইতে কাদ। মাটি বিমল-কমল সংগ্রহ করিয়া আনে। প্রজোত আগের দিন কলিকাতা হইতে কর্নিক এবং গ্রজ ব্ঝি নিজেই কিনিয়া আনিষাছে। গাঙ্গুলিদের পুরানো পাজার কিছু ইট নামমাত্র মূল্যে থরিদ করার বাবস্থাও সে করিয়াছে। জাছুক না জাহুক কিছু আসে যায় না, কাদার সাহায্যে বাঁকাচোরা এক প্রকার গাঁথুনি প্রজোত খাড়া করিয়া ভোলে! কমল-বিমল লাটুর আলে একটা স্থতা বাঁধিয়া ঝুলাইয়া আনিয়া বলে—"এইটে ঝুলিছে দেখ বাঙাদা, দেওয়াল সোজা হচ্ছে কিনা ?" • প্রেয়োত হাসিয়া বলে—"ও আবার কি ?"

কমল-বিমল বিজের মতো বলে—"বাং জানোনা বৃঝি! রাজমিস্তিরা তো এই দিয়ে দেওয়াল সোজা করে! দেথ না একবার ঝুলিয়ে!" দেওয়ালের আকার সম্বন্ধে প্রভ্যোতের নিজের কোনো প্রকার ভ্রান্ত ধারণা নাই। সে ভাড়াভাড়ি বলে—"দূর আমরা কি দেওয়াল

কমল-বিমল একটু অবাক হইয়া যায়। জিজ্ঞাসা করে—"সোজা করবে না?"

প্রত্যোত গন্তীরভাবে অমান বদনে বলে—"বাইরের দেওয়াল যে এবড়ো-থেবড়োই করতে হয়। চোর এলে আর তাহলে উঠতে পারবে না। গাহাত ছড়ে যাবে।"

এ-যুক্তির সারবতা হানয়য়ম করিয়া বিমল বলে—"ও।"

নির্মলাও দাঁড়াইয়া দাঁড়াইয়া প্রাচীর সংস্কার দেখিতেছিল, সে হাসিয়া ৬ঠে।

কমল-বিমল অপ্রসন্মভাবে বলে—"হাসছ যে বড়!"

"হাসব না! তুই যেমন বোকা!"

"কেন, বোকা কেন ?"

সোজা করছি নাকি ?"

"বোকা নয়! তোকে বাজে কথা যা তা বলে দিলে, আর তৃই তাই বিশ্বাস করলি তো।"

কমল-বিমল সন্দিগ্ধ হইয়া এবার রাঙাদা ও ছোড়দির মূখের দিকে তাকায়। প্রত্যোত অবিচলিত ভাবে বলে—"তুমি ওসব কথা শুনছ কেন! 
প্রতীচেলে কথনো বোকা হয় ?"

কমলের বিশ্বাসও সেইরূপ। তাহার মূথে আবার হাসি দেখা দেয়। নির্মলা চলিয়া যাইতে যাইতে রাগের স্বরে বলে— আহা তা কি আর হয়। দেয়াল গাঁথাতেই সব চালাকি বোঝা গেছে।"

কনিক দিয়া ইট বসাইতে বসাইতে প্রজ্যোত উত্তর দেয়—"কে বোকা আর কে নয়, চোর এলেই বোঝা যাবে ! কি বল কমল ?" কমল সায় দিয়া বলে—"হুঁ," তাহার পর কৌতূহলভরে জিজ্ঞাসা করে—"চোর আসবে তো রাঙাদা ?"

প্রত্যোত গণ্ডীর ভাবে উত্তর দেয়— "আসবে না আবার! এমন দেওয়ালের লোভ সামলাবে কদিন!"

কমল ইহাতেই নিশ্চিন্ত হইয়া যাইতেছিল কিন্ত হঠাৎ সকলের উচ্চহাস্থ্যে সে একটু বিহ্বল হইয়া পড়ে এবং হঠাৎ ভিতরে কোথায় তাহাকে পরিহাস করিবার ধড়যন্ত্র আছে সন্দেহ করিয়া অত্যক্ত রাগিয়া উঠান ছাডিয়া চলিয়া যায়।

শুধু দেওয়াল মেরামতেই নয়, প্রছোত ইতিমধ্যে আরে। অনেক কিছু করিয়াছে।

উঠানে ডালিম গাছটির আশে পাশে অনেক গাছের চারা আজ-কাল বাড়িতেছে। বাড়ির বাহিরে অনেকথানি জায়গা এতদিন জঙ্গল হইয়া ছিল। প্রভোত একদিন উৎসাহভরে তাহা সাফ করিতে লাগিয়া গেল।

কমল-বিমলের জন্দল সাফ করিতে কিছুমাত্র আপত্তি নাই, কিন্তু রাঙাদা সমস্ত বাাপারটাকে গভীর রহস্তে মণ্ডিত ক্রিয়া রাখিয়া অত্যস্ত অন্তায় করিয়াছে। এখানে কি যে হটবে ব্ঝিতে না পারিয়া তাহাদের অবস্থির আর সীমা নাই।

বিমল কমলকে চুপি চুপি ভাকিয়া বলে—"এথানে কি হবে জানিস ?" কমল পভীর কৌতৃহলে বড় বড় ছুই চোথ বিক্ষারিত করিয়া জিজ্ঞাসা করে—"কি ?"

বিমল এতকণ কল্লনাকে বহুদ্র পর্যন্ত প্রসারিত করিয়া মনোমত একটি জিনিস খুঁজিয়া পাইয়াছে। সে চুপি চুপি বলে—"মন্দির হবে। গোঁসাইদের যেমন মন্দির আছে সেই রকম।"

কমলের বিশ্বরের ও আনন্দের সীমা থাকে না। দাদার কথায় অবিখাদ করিবার কিছু নাই তবুদে শুধু দামাত্ত একটু সন্দেহ প্রকাশ করে।

## "-অতবড় মন্দির হবে ?"

মন্দির যথন হইবেই তথন আগে হইতে অকারণে তাহাকে ছোট করিয়া লাভ কি! বিমল গঞ্জীর ভাবে বলে—"এর চেয়েও বড়! আর অনেকগুলো চূড়ো থাকবে।"

কমল এবার দাদার মন্দিরের একটু উন্নতি দাধন করিবার চেষ্টায় বলে—"দ্ব দোনার চড়ো।"

নিজের মাথা হইতে বাহির হইলে এ-সম্বন্ধে বিমল কি বলি বলা যার না কিন্তু কমলের প্রস্তাবে সায় সে দেয় না। ধমক দিয়া বলে—"সোনার চূড়ো! সোনার চূড়ো হবে কি করে ওনি। অত সোনা আমাদের আছে নাকি ?"

কমল একটু দমিয়া পেলেও একেবারে নিরুংসাহ হয় না। সোনার চূড়াথাক বা না থাক একটা মন্দির তো তাহাদের হইবে। এ সময়ে ১২ সামাত চ্ডার উপকরণ লইয়া দাদার সহিত ঝগড়া করিয়া লাভ আই। দাদার ধমকানি তাই গায়ে না মাথিয়া দে বলে—"আমাদের মন্দিরে কাউকে কিন্ত চুকতে দেব না দাদা।"

বিমলের ইহাতে সম্পূর্ণ সন্মতি আছে। জ্রকুটি করিয়া সে বলে— "ইস্ অমনি চুকলেই হল আর কি ?"

তুই ভাইএ তাহার পর কিছুক্ষণ ধরিয়া বিশেষ মিল দেখা যায়। রাঙাদার সাহায্য করিতে করিতে তুজনে মাঝে মাঝে আড্চোথে পরস্পরের দিকে তাকাইয়া হাসে। রাঙাদার গোপন অভিদক্ষি যে তাহারা ধরিয়া ফেলিয়াছে ইহাতে আর ভুল নাই।

কিন্তু মা আসিয়া অকালে এ-কল্পনা ভাঞ্চিয়া দেন। প্রভাতে জঙ্গল প্রায় শেষ করিয়া কেলিয়াছে। ঘর্মাক্ত কলেবরে বাকি গাছপালার উচ্চেদ্দাধনে দে ব্যস্ত। মা আসিয়া ভৎসনা করেন। বেলা হইয়া গিয়াছে, থাওয়া দাওয়া করিতে হইবে। কি হইবে মিছামিছি এই জঙ্গল সাফ করিয়া।

আর গোপনতা চলে না। প্রত্যোত হাসিয়া বলে—"মিছামিছি সাফ করছি নাকি! তরিতরকারির বাগান কি রকা করি মা দেখো!" মা এসব থেয়ালে অভাস্ত। তিনি নীরবে একটু হাসিয়া বলেন— "আচ্ছা, এখন তো খেতে চল!"

কিন্তু তুই ভাইএ বাঁকিয়া দাঁড়ায়! কোথায় আকাশপ্পশী মন্দির আর কোথায় তরিতরকারির বাগান! হুই ভাইএর কল্পনা সত্যি সত্যিই যে ধূলিসাৎ হুইতে চলিয়াছে!

কমল রাগ করিয়া বলে—"বাং, বাগান কেন ? মন্দির করবে না রাঙাদা ?" প্রত্যোত অবাক হইয়া বলে, "মন্দির! মন্দির তুই কোথায় পেলি ?"
"বাং—ছোড়দা যে বললে, গোঁদাইদের চেয়ে বড় মন্দির হবে।"

কবলে হাসিয়া ওঠে। প্রত্যোত তাহাকে সাল্বনা দিয়া বলে—
"মন্দিরের চেয়ে বাগান যে অনেক ভালো। তরিতরকারি হবে।
কতরকম ফল।"

কমল কিন্তু সাস্থনায় ভোলে না। তরিত্রকারি তো বাজারে কিনিলেই পাওয়া যায়। তাহার জন্ম এত কট করা কেন ? মন্দির গড়িয়া দিবার প্রতিশাতি শেষ পর্যন্ত রাঙাদাকে দিতেই হয়।

প্রত্যোতের জীবন পরিপূর্ণ। কোনোখানে কোনো ফাঁক বুঝি তাহার আরুর নাই। নৃতন মাটিতে আপ্রগ্ন পাইয়া তাহার ক্ষ্ধিত মনের শিক্ড সে বহুদ্র পর্যন্ত চালাইয়া দিয়াছে, বাঁধিয়াছে নিজেকে সহস্র শিরা উপশিরার বৃদ্ধনে।

কোনোদিন যে দে এ-পরিবারের বাহিরের লোক ছিল একথা মনে করিবারই প্রভাতের অবকাশ নাই। এই পরিবারটিও অসঙ্কোচে ভাহাকে আপনার বলিয়া স্বীকার করিয়া লইয়াছে। এত সহজে, এত স্বাভাবিকভাবে স্বীকার করিয়াছে যে, ক্লক্রিম ভাবের কোনো ভিহ্নও আর চোথে পড়ে লা।

প্রত্যোত তাহার নৃতন মেসে দারবাক হইতে চিঠি গায়। মা নির্মলাকে দিয়া লিথাইয়াছেন যে বিমল অত্যন্ত তুরন্ত অবাধ্য হইয়াছে। প্রত্যোত না থাকিলে তাহাকে শাসন করিয়া রাথা দায়। তারপর বিমলের নৃতন অপকীতির কথা সবিস্তারে লিথিয়া জানাইয়াছেন যে পড়াশুনার ধার দিয়াও যায় না। প্রছোত যেন ভোহাকে কলিকাতায় নিজের কাছে রাথিয়া পড়াইবার ব্যবস্থা করে। নহিলে ছেলেটা একেবারে মুর্থ হইয়া থাকিবে।

নির্মনার হস্তাক্ষর এইখানেই শেষ। পরের কথাগুলি, দিনিকেই বাঁকাচোরা অক্ষরে কোনো মতে লিখিতে হইয়াছে। বোঝা যায় যে নির্মনাকে কোনো মৃতেই আর সেটুকু লিখিতে রাজী করানো যায় নাই। দিদি অবশ্য নির্মনার বিবাহের কথাই লিখিয়ছেন। প্রস্থোত ঝোঁজ-খবর করিতেছে তো? মেয়ে এদিকে যে-রকম মাথাচাড়া দিয়া উঠিতেছে আরে বেশি দিন বিবাহ না হইলে দেশে অত্যস্ত নিলা ইইবে।

ইহার পর চিঠিতে নানা ফায়-ফরমাদের কথা—কলিকাতায় ফিরিবার সময় এবার প্রভাতিকে বলিতে যাহা ভূল হইয়াছে ভাহার ফর্ন। পুরানো লঠনটি বিমল দেদিন ভাঙিয়া ফেলিয়াছে, একটা লঠন হইলে ভালো হয়। আর কমলের এক জোড়া কাপড়ের অত্যন্ত প্রয়োজন। এবারে নির্মলার জন্ম ক্রমণাঠি কিনিয়া আনিতে কোনো মতেই যেন ভূল না হয় ভাহা হইলে ভাহার অভিমানের আর অন্ত থাকিবে না—ইত্যাদি।

এ-সমস্ত ফরমাস অসকোচেই করা হইয়াছে। করা হইয়াছে সহজ্ব অধিকারের দাবিতে। উভয়পক্ষে কোথাও কোনো দিবা নাই। এবং সেইজ্যুই প্রয়োত এমন সহজে নিশ্চিম্ভভাবে নিজেকে নৃতন জীবনে মিলাইয়া দিতে পারিয়াছে।

প্রত্যোতের কাজ আজকাল অনেক। নৃতন আর একটা টিউশনি দে সংগ্রহ করিয়াছে; পয়সা বাঁচাইবার জন্ম পুরাতন বোর্ডিং ছাড়িয়া নৃতন এক মেদে উঠিয়াছে। এখানে খরচ কম হয়।
দারবাকের অভাব অনেক। প্রজোতকে উপার্জনের পরিমাপ্থ
বাড়াইতেই ইইবে। উপার সে এখনো অবশু খুঁজিয়া পার নাই
কিন্তু তাহার চেষ্টারও অন্ত নাই। তাহার মনে বেন হুঃসাধ্য
সাধনের নেশা লাগিয়াছে। আকাশ-কুস্থমও মাঝে মাঝে সে কল্পনা
করে এই পরিবারটিকে কেন্দ্র করিয়া। কোনো রক্ষ ব্যবসা করিয়া
হঠাং বড়লোকও তো সে হইয়া যাইতে পারে। তাহা হইলে কি না
সে করিবৈ। মনে মনে সে দারবাকে পাকা দালানের হিসাবও
বৃঝি করিয়া কেলে। স্থপ্প দেখে আরো অনেক কিছুর। পরসার
অভাবেই নির্মলার জন্ম ভালো সম্বন্ধ সে খুঁজিতে পারিতেছে না।
বেখানে সেখানে নির্মলার বিবাহ দেওয়া তো চলে না।

প্রভাতের সমস্ত চিন্তা এখন ভবিয়তের, অতীতের বিশ্বতি আর বৃদ্ধি তাহাকে পীড়া দেয় না। কিন্তু সতাই তো তাহা ন াভীর রাত্রে এক-একদিন সে বিনিজ্ঞ তাবে ঘরে পায়চারি করিয়া বে । অতীতের বিশ্বতি এখন নৃতন ভাবে তাহার কাছে বিভীষিকা হ যা দাঁড়াইয়াছে। একদিন অন্ধকার যবনিকা সরাইতে না পা। দি সে হতাশ হইয়াছে, আজ তার ভয় পাছে সে যবনিকা ২ অপসারিত হইরা যায়। সমস্ত মন দিয়া সে প্রার্থনা করে হ তে এ যবনিকা না উঠিয়া যায়।

এই যবনিকার পারে কি আছে কে জানে । কৌত্ধল তাহার না হয় একটু এনন নয়, কিন্তু আশকা হয় অনেক বেশি। সেই পুরাতন জীবন আবার তাহাকে এথানকার সমস্ত মূল উৎপাটন করিয়া টানিয়া লইবে এ-কথা ভাবিতেই সে শিহরিয়া ওঠে। ভালো হউক মন্দ হউক ঢাকা যথন পড়িয়াছে তথন সে জীবন আর থেন অনাবৃত না হয়—ইহাই তাহার এথন একান্ত কামনা।

পথে কেই হঠাং ডাক দিলে আজকাল সে চমকাইয়া ওঠে। কে জানে অভীতের কোন প্রতিনিধি অকস্মাং তাহার জীবনে উদয় হইল কিনা। নৃতন জীবনের চিস্তাতেই সে নিজেকে মগ্ন করিয়া রাথে, কোনে। অসতর্ক মৃহুর্তে পাছে মনের কোনো ছিল্রপথে হঠাং তাহার পুরাতন জীবন দেখা দেয়।

দেদিনও শনিবার। হাওয়ায় শীতের আমেজ লাগিয়াছে। আকাশে আসম শীতের অপরূপ ধুসরতা।

প্রত্যোত দাওয়ার উপর মাত্বর পাতিয়া বিমলের সারা হপ্তার পড়াশুনার হিসাব লইতেছিল। এমন সময় মা আঁসিয়া দাওয়ার একধারে বসিলেন।

মায়ের শরীর কিছুদিন হইতে অত্যন্ত থারাপ। ঘর হইতে বড় একটা বাহির হইতে পারেন না।

প্রত্যোত তাই কুন্তিত হইয়া বলিল—"আপনি আবার বাইরে এলেন কেন মা ? আমি এখুনি যাচ্ছিলাম।"

"না, ঘরের ভেতর তো রাতদিনই আছি। এক একবার 🕟 বেরুলে হাঁপিয়ে উঠি।"

মায়ের বাহিরে আসিবার কারণ কিন্তু অন্ত । থানিক বাদেই তাহা প্রকাশ হইয়া পড়ে; একথা ওকথার পর মা থানিক বাদেই আসল কথা পাডিলেন।

"—সরকার বাড়ি থেকে আবার লোক এসেছিল বাবা।"
९(২৫)

29

মা এইটুকু বলিয়াই চুপ করিলেন, তারপর প্রাজাতের মৃথের দিকে খানিক উৎস্থক ভাবে চাহিয়া থাকিয়া বলিলেন—"ওরা বড় পেড়াপীড়ি করছে।"

প্রত্যোত একটু হাসিয়া বলিল—"সেইজন্মেই তো ভয় মা! ছেলের পক্ষ থেকে অত গবন্ধ ভালো নয়!"

এসব কথা অনেকবার হইয়া গিয়াছে। গ্রামেরই একটি বাড়ি হইতে
নির্মলার বিবাহের প্রস্তাব আদিয়াছিল। টাকা-প্রফা বেশি
লইবে না। মেয়ে বরপক্ষের আগে হইতেই পছন্দ হইয়া গিয়াছে।
স্থতরাং অস্ক্রিধা বিশেষ কিছু নাই। কিন্তু ছেলেটি নেহাত অকর্মণ্য
বলিয়া প্রয়োত কিছুতেই রাজী হয় নাই।

মা'বৰ পূৰ্বে অমত ছিল, কিন্তু দিন যতই যাইতেছে মেয়ের বিবাহের জন্ম ছল্ডিস্তাৰ তাঁহার হইতেছে তত বেশি। অর্থবল নাই, মেয়ের জন্ম তালো পাত্র পা্তয়া সম্বন্ধে তিনি ক্রমশই হতাশ হইয়া প্রতিত্তেলন।

আজ তাই তিনি একটু ক্ষম্বরে বলেন—"ভালো পাত্রের আশায় আর কতদিন বদে থাকবো বাবা! মেয়ের বয়েদ যে বেড়েই চলেছে! আর আমাদের মতে৷ অবস্থার লোকের এর চেয়ে কল ভালো পাত্র মিলবে?"

প্রভাত চুপ করিয়া বহিল। ছেলেটিকে সে নিজের চক্ষে দেখিয়াছে, তাহার সহস্কে থ্রোজ-থবরও লইয়াছে। জানিয়া শুনিয়া একটা অপদার্থের হাতে নির্মলাকে তুলিয়া দিতে কিছুতেই তাহার মন চাহেনা। এ তাহারই পরাজয়। নৃতন জীবনের প্রথম তুক্ধহ বাধার নামনেই সে কেমন করিয়া হার মানিবে।

মা আবার বলিলেন—"আমার আর অমত করতে সাংস হয় না আবা! হয়তো ভাগ্যে শেষে এমনও জুটবে না!"
প্রত্যোত কিছু বলিবার পূর্বে মা বলিলেন—"কাল ওরা আবার আসবে। আমি বলেছি এবার কথা দেব!"
খানিক নীরব থাকিয়া প্রস্তোত বলিল—"আচ্ছা, তাই দেবেন।"
তারপর অনেকক্ষণ নীরবে সে দাওয়ার উপর বসিয়া রহিল। রাঙাদার কাছ হইতে পড়াগুনা সহদ্ধে আর কোনো অস্বন্তিকর প্রশ্ন না পাইয়া বিমল এক সময়ে চুপিচুপি, নিশ্চিন্ত হইয়া পলায়ন করিল। সন্ধ্যার ধ্সরতা ক্রমশ গাঢ় হইয়া মিশিয়া গেল রাত্রির অন্ধকারে। উঠানের পাশে তুলসীমঞ্চে কখন দিদি বা নির্মলা আসিয়া দীপ জালিয়া গিয়াছে কে জানে! মা-ও অনেকক্ষণ উঠিয়া গিয়াছেন। শুধু প্রস্তোতেবই যেন সাড়া নাই। সামাত্য এই সম্মতি দেওয়ার ভিতর এত বেদনা ছিল কে জানিত।

রাত্রে অভূত এক ব্যাপার ঘটল। প্রজোত অন্তত তাহার সচেতন
মনের দ্ব-দিগন্তেও ইহার আভাস বৃঝি পায় নাই। শাওয়া-দাওয়া
সারিয়া রাত্রে প্রজোত ঘরে চুকিতেছিল। নির্মলা তথন বিছানা
করিয়া মশারি ফেলিতেছে। প্রজোত চৌকাঠে দাঁড়াইয়া হাসিয়া
বলিল—"আর অত যত্ন করে মশারি গুঁজে দরকার নেই। ছদিন
বাদে তো নিজেকেই করতে হবে। এখন থেকেই অভ্যেস করে
রাখি।"

নির্মলা উত্তর দিল না। কথাটা সে যে শুনিতে পাইয়াছে তাহার আভাসও ব্যবহারে তাহার পাওয়া গেল না। মশারি শুঁজিতে• সে তথন তর্ময়।

— "ঈদ্, স্থথবরটা শুনেই যে পায়াভারী হয়ে গেছে। এখনই মৃথে কথা নেই। ছদিন বাদে বোধ হয় চিনতেই পারবে না।" এবার নির্মলা মুথ ফিরাইল। আসন্ন ঝড়ের আকাশের মতো সে-মৃথ

প্রজ্যেত এমন মৃথ দেখিবে ব্লিয়া আশা করে নাই। প্রথমটা সে যেন শুক্তিত হইয়া গেল। তাহার পর একটু সামলাইয়া আবার পরিহাসের চেষ্টা করিয়া বলিল—"বাগড়া দিয়েছিলাম বলে ব্ঝি আমার ওপর রাগ। আমি…"

কিন্তু কথা আর তাহাকে শেষ করিতে হইল না। নির্মলা অকস্মাৎ বিছানার উপর আহত পাথির মতো লুটাইয়া পড়িয়াছে। প্রচণ্ড কাল্লার বেগ রোধ করিবার চেষ্টায় ছলিয়া উঠিতেছে তার দীর্ঘ এলায়িত দেহ।

প্রজোত একেবারে বিমৃঢ় হইয়া গেল। কি করিবে কিছুই সে ভাবিয়া পাইল না, অনেকক্ষণ কাঠ হইয়া দাঁড়াইয়া থাকিয়া সে মৃত্কঠে ডাকিল—"নির্মলা!"

নির্মলার তবু সাড়া নাই।

থমথম করিতেছে কন্ধ আবেগে।

কাতরভাবে সে এবার বলিল—"কি হয়েছে আমায় বল নির্মলা।" নির্মলার নিঃশব্দ কালা কিন্তু তবু থামিল না। কোনো উত্তরও মিলিল না।

প্রজ্যেত ক্রমশ অস্থির হইয়া উঠিতেছিল, ব্যথিত কঠে বলিল—

ছি:, কি হচ্ছে নির্মলা! কেউ দেখলে কি বলবে! ।

নির্মলা এবার উঠিয়া বিদিল। মুখ তাহার নত; কিন্তু তব্
ঘুইগাল বাহিয়া অশ্রুর যে-ধারা নামিয়াছে তাহা লুকানো রহিল না।
প্রয়োত অন্ধ তো নয়। মুত্কঠে দে জিজ্ঞালা করিল—"এ-বিয়েতে
তোমার মত নেই নির্মলা ? বল লজ্জা কোরো না!"

"জানি না।" বলিয়া হঠাৎ আবার কন্ধ কালায় ফুঁপাইয়া উঠিয়া দে
সবেগে ঘর হইতে বাহির হইয়া গেল।
প্রয়োত ন্তন্ধ হইয়া দাঁড়াইয়া রহিল। কিন্তু বিমৃচ্তা আর তাহার
নাই। নির্মলার নিংশক কালার জোয়ারের আঘাতে তাহার
অবচেতন মনের অনেক কিছু হঠাৎ ভালিয়া উঠিয়াছে।
নির্মলার অপ্রত্যাশিত কালার হেতু দে জানে, নিজের মনের
গোপনত্ম অন্নভৃতিও আর তাহার অজ্ঞাত নয়।

### এগারো

সে বাত্তি প্রত্যোত জাগিয়া কাটাইল।

নিজেকে এমন করিয়া চিনিতে পারিয়া প্রথমটা তাহার বিশ্বয় যতটা না হইল, বিরক্তি হইল তাহার চাইতে অনেক বেশি। মনে হইল, তাহার এতদিনের জীবনের শুত্র সাধনা কেমন করিয়া যেন কলঙ্কিত হইয়া গিয়াছে। তাহার আনন্দের স্ষ্টিতে পড়িয়াছে স্বার্থের ছায়া।

এ-সংসারে সে আশ্রয় পাইয়াছে সত্য; কিন্তু তাহার চেয়েও বড় সত্য এই বে, অমলবাব্র পরিবারটিকে নৃত্ন করিয়া সে স্পষ্ট করিতে চাহিয়াছে। সে-স্টের ভিতর কোনো সংকীর্ণ উদ্দেশ্য ছিল না বলিয়াই তাহার বিশাস। আজ হঠাং নির্মলার কায়া ত াল সে স্কুল নিষ্ঠ্রভাবে ভাঙ্গিয়া দিয়াছে। তাহার সমস্ত নিংস্বার্থ বার ছল্পবেশে এমনি একটি কামনা ছিল মনে করিয়া সে স্কুচিছ মা ওঠে। তাই নিজের প্রতি আক্রোশে এই গোপন কামনাকে গভীর অভিসন্ধি মনে করিয়া সে লাব্যভং সনা করে।

কেবলই তাহার মতন হয় যে, এমন না হইলেই পারিত। অহৈতৃক জীবনবিলাসের আনন্দে সে এই পরিবারটিকে সাহায্য করিতে চাহিয়াছে। ইহারা তাহাকে আপন করিয়া লইতে যে দ্বিধা করে নাই তাহার জন্ম কুতজ্ঞতা তো ছিলই, সে-কুতজ্ঞতার ঋণ শোধ ১০২ করিয়াই কান্ত হয় নাই, তাহারও অধিক কিছু করিতে চাহিয়াছে। সৈই অতিরিক্ত অহৈতৃক আত্মদানের ভিতরই তাহার অন্তরের ছিল গভীর তৃপ্তি ও গৌরব।

দে ব্বিতে পারে এখন হইতে দেই নির্মল আত্মপ্রসাদের প্রশান্তি তাহার আর থাকা সন্তব নয়। সব কিছুর রঙ বদলাইয়া গিয়াছে একটি মুহুরে । হয়তো নৃতন স্থর লাগিয়াছে তাহার জীবনে, হয়তো কেন, সতাই যে জীবনের নৃতন বিশ্বয় তাহার কাছে উদবাটিত হইয়াছে, একথা অস্বীকার করিয়া কোনো লাভ নাই; কিন্তু তবু তাহার শান্তি নাই। যে-আনন্দ তাহার হদয়ে গুঞ্জন করিয়া উঠিতেছে, তাহারই জন্ম দে লজ্জিত। অকারণে আপনাকে সে বিলাইতে চাহিয়াছিল, লাভের লোভে নয়। অপ্রত্যাশিত এই আনন্দের মূল্য প্রাইয়া তাই যেন সে সঙ্কৃচিত হইয়া ওঠে। এ আনন্দকে অস্বীকার করিতে না পারিলেই দে যেন অত্যন্ত ছোট হইয়া যায়।

এ-আত্মগানি কিন্তু প্রভোতের স্থায়ী হয় না, ধীরে ধীরে ভাহার মনে সন্দেহ জাগে। এ-প্রেম হয়তো লজ্জাকর, কিন্তু এ-আন কে অধীকারই বা সে কেমন করিয়া করিবে । আর সত্যই এি এমন লজ্জার ব্যাপার! তাহার আত্মপ্রসাদের প্রশান্তির তুল্নায় এ-আনন্দকে তুচ্ছ করিয়া দেখিবার কি হেতু আছে। যেমন করিয়া যে-পথেই আস্থক, এই প্রেমকে আর বাধা দেওয়াও বুঝি চলে না। দে ব্ঝিতে পারে, তাহার সভার গভীর গোপন প্রদেশেও শাথায় প্রশাথায় আনন্দের এই ধারা সঞ্চারিত হইয়া গেছে। এতদিন কেন সে সচেতন হয় নাই, এইটুকু বিশ্বয়ের ব্যাপার। আর সচেতন

সতাই সে কি হয় নাই! কে জানে! হয়তো এটুকুও তাহার আত্মপ্রবঞ্চনা, আপনার কাছে সে ধরা দিতে চায় নাই। কোথার্ম্মণ ছিল তাহার মহত্বের তুর্বল মোহ। আত্মপ্রসাদকে ক্ষ্ম করিবার ভয়ে নিজের কাছে নিজেকে সে আড়াল করিয়াছে। মাঝ রাতে প্রভাত দরজা খুলিয়া বাহিরের রকে আসিয়া দাঁড়াইল। গাঁঢ় শীতল অন্ধকার। শুধু তারাগুলি ঝক্ঝক্ করিতেছে ন্তন মাজা জহরতের মতো। পৃথিবী মৃছিয়া গেছে, আছে সত্য শুধু জ্যোতিকো-সিঞ্চিত আকাশ। নীরবে থানিক দাঁড়াইয়া থাকিতে থাকিতে কি যে হইয়া গেল কে জানে। দিন-রাত্রির তুয়ের অর্থ যেন প্রভাত হঠা নৃতন করিয়া উপলব্ধি করিল, নৃতন করিয়া জ্যানিল রাত্রির ব্যাখ্যা।

পৃথিবী, দিনের এই পৃথিবী, এই সব নয়। আপনাকে ভূলিলে চলিবে না, ভূলিলে চলিবে না জ্যোতিবিন্দুর অসীমতার ইন্ধিত। মাহ্রষ তব্ ভোলে, মন্ত হইয়া থাকে নিকটের নেশায়, স্প্তির আধ্যানা অর্থ লইয়া নিজেকে আছেল করিয়া রাথে।

তার পর আসে রাত্তি, স্ষ্টির অর্থকে প্রদারিত করিয়া দেয় অসীমতায়,জীবনের অনন্ত পটভূমিকে প্রকাশ করিয়া তাহার গৃঢ়তম রহস্তকে স্পষ্ট করিয়া ভোলে।

প্রত্যোত অম্ভব করে তাহার মধ্যে এই অন্ধকার আকাশ—
অসীম জ্যোতির্বিন্দৃর্যঞ্জিত আকাশ স্পানিত হইতেছে। দে
আকাশের ইঞ্চিতে, গভীর বহস্তময় ইঞ্চিতে জীবন তাহার নৃতন
ব্যঞ্জনায় দীপ্ত হইয়া উঠিয়াছে।

এ-আকাশ উদ্ঘাটিত হইল কেমন করিয়া, তাহার সন্তার গোপন ১০৪ কেন্দ্রের এই আকাশ! নৃতন জীবনে প্রত্যোত এত কাল যেন ওধু দিনের পৃথিবীতে জাগিয়াছিল, আজ সহসা আসিয়াছে রাজি, অসীম রহস্তের স্বদ্ব-প্রসারী ইন্দিত লইয়া। এ-রাজি কি ওধু এই মেয়েটির অশ্রপ্রাতে ভাসিয়া আসিল তাহার সভার রহস্ত-কেন্দ্র হইতে!

খানিক দাঁড়াইয়া থাকিয়া, বাহিরের ও অন্তরের এই অসীম আকাশের ব্যাপ্তি অমুভব করিতে করিতে প্রত্যোতের মনে হইল, মিথাাই দে নিজের সহিত অর্থহীন ঘন্দে নিজেকে ক্ষত বিক্ষত করিয়াছে। কি মূল্য তাহার আত্মপ্রসাদের ? সব চেয়ে বড় সত্য তাহার জীবনে আজ এই বাত্রির আকাশ, যে-আকাশ তাহার জীবনে এতদিন আড়াল হইয়াছিল। এই আকাশ আবিষ্কার করিয়া সে আজ ধন্ম, ইহার চেয়ে বড সার্থকতা আর তাহার কিছ হইতে পারে না। তাহার আত্মা আজ এই চুই আকাশের মহা-সঙ্গমের মাঝে নতন চেতনার বিশ্বয়ে যেন স্পন্দিত হইতেছে, এই চেতনাকে দে কি অস্বীকার করিবে তুচ্ছ আত্মপ্রসাদের মোহে? না, আবার তাহাকে নতন ভাবে জীবনের সমুখীন হইতে হইবে। জীবনে তুঃসাহসেরও প্রয়োজন আছে—আপনাকে সত্য করিয়া উপলব্ধি করিবার ছঃসাহস। হয়তো পুরাতন সব প্রভায়ের মূলে আঘাত লাগিবে, হয়তো আদিবে অশান্তি, তবু এই দত্ত আবিষ্কৃত আকাশকে ভূলিতে সে তো পারিতেছে না, যে-আকাশ কাঁপিতেছে নীহারিকা-সম্মাবনার উত্তেজনায়। এই প্রেমকে স্বীকার সে করিবে. যে-প্রেম প্রতাহের সংকীর্ণ সীমা ভাঙ্গিয়া আনিয়াছে অন্তহীন আকাশের উপলব্ধি, জীবনের অর্থকে প্রসারিত করিয়া দিয়াছে

ক্ষেত্র গৃঢ় রহক্ষে। বিশ্বতির ধ্বনিকার পারে নৃতন জীবন সে পাইয়াছে; শুধু শান্তির লোভে, অর্ধ সভ্যের সহিত রফা করিয়া এ-জীবন সে ব্যর্থ করিবে কেন?

কিন্তু বাধা অনেক। মানুষ আকাশকে আড়াল করিয়া দিনের পৃথিবীর সংকীর্ণ সীমায় বাস করে। দিনের আলোকেই ভাষাদের পরিচয়ের বিনিময়, জীবনের রীতি ও নীতি মানুষ গড়িয়া তুলিয়াছে সেই মালোকেই। রাত্রির আকাশের সহিত সম্বন্ধ ভাহার জীবনের নাই। প্রভোতের গভীরতম উপলব্ধি ভাই এই জগতে অর্থহীন। দিনের আলোকে রাত্রির সম্বন্ধ ভাহার নিজের কাছেই কেমন অশোভন, কেমন কুংসিত মনে ২য়। মনের সমস্ব

রাত্রে ছিল তাহার অগ্নিশিথার মতো নয়, প্রদীপ্ত উপলব্ধি। দিনের আলোয়, তাহা একেবারে দ্রান হইয়া যায়। কত কথাই তো ভাবিবার আ্লাছে। রাত্রির আকাশের তলায় নির্মলা ছিল নিবিল নারীর প্রতীক, তাহার অন্তিত্বের রহস্তমুকুর—যে-মুকুরে নিজেকে সে সবিদ্যয়ে আবিদ্বার করিবার অভিযান করিতে চায়। দিনে আলোয় মনে পড়ে নির্মলা একটি পোনোরো বছরের এই পরিবারের অনুঢ়া মেয়ে মাত্র। তাহার সংসার আছে, সে-সংসারের অনেক সংস্থার অনেক রীতিনীতি আছে, সব জড়াইয়া আছে সমাজের অফ্লাসন।

নির্মলাকে সে কেমন করিয়া কামনা করিতে পারে ? সামাজিক
১০৬

মাহ্য হিসাবে তাহার কোথায় স্থান, সে তো কিছুই জানে না। মিথাার আশ্রয় লওয়া ছাড়া সামাজিক রীতিকে ফাঁকি দিবার কোনো উপায় তো নাই। কেমন করিয়া সে তাহা করিবে ? তা ছাড়া স্বাভাবিক সংকোচও আছে। কেমন করিয়া সে নিজে হইতে আজ একথা পাড়িতে পারে। সমস্ত সংকোচ অভিক্রম क्रिया काराना तकरम कथा ज्ञाला । सकथा थाकिरव किन १ সকাল বেলা কেহ উঠিবার আগেই প্রত্যোত বাড়ি হইতে বাহির হইয়া গিয়াছিল। গ্রামের উপর ঘন হইয়া কুয়াশা জ্মা হইয়া আছে। সেই কুয়াশার আবরণে সমস্ত গ্রামকে কেমন পরিত্যক্ত মৃত বলিয়া মনে হয়-দেখানে মান্ত্র আর নাই, অশরীরী ছায়ারা তাহাদের প্রাচীন বিচরণ-ক্ষেত্র আশ্রয় করিয়া আছে মাত্র। নিজেকেও তাহার কেমন অশ্রীনী বলিয়া মনে হয়। কুয়াশায় সমস্ত গ্রামের মতো তাহারও বাতৰ সতা যেন গলিয়া অস্পট হইয়া গিয়াছে। আছে শুধু ছায়া। দে-ছায়া জীবনের বিক্বত অহকরণ করিয়া চলিতেছে মাত্র। সত্যকার জীবনকে আশ্রয় ক্রিবার জন্ম তাহার আকুলতার অন্ত নাই, কিন্তু তবু সে নিরুপায়। গ্রামের ভিতর নানা পথ ধরিয়া প্রভোত অনেককণ ঘুরিয়া বেড়াইল। कुशामा मतिषा গেল বৈলা বাড়িবার महें किछ প্রত্যোতের অন্থিরতা গেল না। আজ রবিধার। এতক্ষণে ঘুম হইতে উঠিয়া কমল-বিমল রাঙালাকে থু জিয়া হায়বান ইইতৈছে, তাহা প্রত্যোত জানে। আজ তাহাদের অনেক কিছু করিবার কথা। বাহিরের উঠানে পরিষ্কৃত একট্বথানি জমিতে প্রত্যে**/**ত কপির চারা লাগাইয়াছিল। সে-কপি ভালো

রকম বাড়িতেছে না। জমিটার ভালো করিয়া বন্দোবস্ত করিতে হইবে। বাড়ির ভিতর লাউয়ের লতা অত্যস্ত বাড়িয়া গিয়াছেঁ। একটামাচা তৈরি করাও প্রয়োজন।

কিন্তু প্রত্যেত কিছুতেই উংসাহ পায় না। মনের সে-প্রশান্তি তাহার কোথায়? নিজের সহিত একটা বোঝাপড়া না করিলে আর ন্তন জীবনে শান্তি তাহার মিলিবে না, সে বৃক্তিতে পারিয়াছে। জীবনের তাহার যে-সমস্যা আসিয়া দেং! দিয়াছে, তাহার নিশ্বতি তাহাকে করিতেই হইবে অবিলম্বে। এড়াইয়া গিয়া কোনো লাভ নাই। গতকাল ও বর্তমান দিনটির মধ্যে বিরাট যে-ব্যবধান স্বষ্টি হইয়াছে, তাহাকে অস্বীকার করিলেই তাহা মিথা। হইয়া যাইবে না। আগের দিনের সে নিশ্চিত শান্তি সত্যই আর তাহার নাই। বিগত বাত্রিকে ভূলিয়া একান্ত প্রশান্ত মনে ভর্ধু এই পরিবারটির সাহায্যে নিজেকে ব্যাপুত রাখিয়া সে তৃপ্ত আর হইবে না। মহামুভবতার মোহে নিজেকে আচ্ছর করিয়াও নয়। আর অত বড় ফাঁকি নিজেকে সে দিতে চাহে না।

অনেক বেলায় সে বাড়ি ফিরিয়া গেল। কমল-বিমল রাঙালার রহস্তজনক অন্তর্ধানে প্রথমত অবাক হইয়াছিল, তাহার পর অভিমান করিয়াছে।

বিমল দে-অভিমান বজায় রাথিল, কিন্তু কমলের রাঙাদাকে অভিমানের কথাটা না জানিতে দেওয়া সমীচীন মনে হইল না। দবে দে স্থান দারিয়াছে। ভিজা অবোধ্য চুলের ভিতর বৃথাই টেরি কাটিবার চেষ্টা করিতে করিতে সে রাঙাদাকে শুনাইয়া শুমাইয়া বলিল—"বড়দি, আজ আমি আলাদা ভাত থাব ! কারও সঙ্গে আমাকে দিও না যেন !"

বড়দি রালা-ঘরের দাওয়ায় পিঁড়ি পাতিতেছিলেন, ব্যাপারট। না বুঝিয়াই বলিলেন—"কেন রে ! তোর ছোড়দার সঙ্গে আবার কি হল ? তার পাত আবার কোথায় করবো তাহলে ?"

বড়দিদির বৃদ্ধির অভাবে একটু বিরক্ত হইয়া কমল বলিল— "ছোড়দার পাত করতে বৃদ্ধি আমি বারণ করেছি, বলছি আমি কাফর সঙ্গে থাব না!"

এবার উঠানে প্রভোতকে দেখিতে পাইরা বড়দি ব্যাপারটা বুঝিলেন। হাসিয়া বলিলেন—"ওঃ, এই ব্যাপার! সন্তি তোমার তো ভারী অন্তায় বাপু, প্রত্যোত, সকাল থেকে তোমার মালি-মজুর ছজনে হা পিত্যেশ করে বসে, তুমি না বলে কয়ে কোথায় গিয়েছিলে, যেমনি গিয়েছিলে তেমনি শান্তি ভোগ কর। কমল আজ তোমার সঙ্গে ধাবেই না। দেখি, আজ কেমন করে তোমার পেট ভরে!"

তাহাদের গুরুতর অভিযোগের ব্যাপারটা এমন করিয়া পরিহাদে হালকা হইতে দিতে বিমল রাজী নয়। তাছাড়া 'হ। পিত্যেশ' করিয়া বিদিয়া থাকার কথাটা অপমানজনক বলিয়াই তাহার মনে হয়। এতক্ষণ দে চুপ করিয়াছিল, এইবার হঠাং শৃত্য আকাশকে সম্বোধন করিয়া বলিল—"আমরা নিজেরা একটা বাগান করিছ।" তাহার পর কমলকেও দলে টানা প্রয়োজন বোধ করিয়া বলিল —"শুব ভালো একটা জায়গা দেখে এদেছি নারে, কমল ?" কমল দাদার কথার মারপাঁচাচ অত না ব্ঝিয়া বলিয়া ফেলিল
— "কোথায় ?"

6

বিমল চটিয়া উঠিয়া ভেংচাইয়া বলিল—"কোথায় • হাবা কোথাকার ।" বড়দি হাসিয়া উঠিলেন। প্রভাতিও সে-হাসিতে যোগ দিবার চেষ্টা করিল, কিন্তু যেন আড়ইভাবে। এই পরিবারটির সহিত সহক্ষে কিছুতেই আজ সে যেন নার সহজ হইতে পারিতেছে না। সাধারণ প্রাভাহিক ব্যাপারে স্বাভাবিক ভাবে যোগ দিবার ক্ষমতা তাহার যেন নাই। অথচ এমনি হাস্ত-পরিহাস আনন্দ লইয়াই এতদিন সে সম্পূর্ণভাবে তৃপ্ত ছিল। কেমন করিয়া সেনিজেই নিজেকে দূর করিয়া ফেলিয়াছে একদিনে—ভাবিয়া তাহার বিশ্বয় লাগিল।

বিকাল বেলা হঠাৎ একটা জরুরি কাজের অছিলায় প্রছোত কলিকাতা রওনা হইয়া গেল। বাড়ি হইতে ফৌশন পর্যন্ত আদিবার সময়ে সমস্ত চিস্তা দে যেন জোর করিয়া ঠেলিয়া রাথিয়াছিল; কিস্ক ট্রেনে উঠিয়া বসিবার পর আর নিজের কাছে সভ্যটাকে গোপন করা গেল না। সে পলাইয়া আদিতেছে। সভাই ভীক্ত মতো জীবনের নবােদ্যাটিত সভাের সম্ম্থীন হইবার, জীবনে ভাহার মূল্য স্থীকার ক্রিবার ক্ষমতা তাহার নাই। সে তাই পাশ কাটাইয়াছে।

কলিকাতাগামী রবিবারের বিকাল বেলার ট্রেন। লোকজন নাই <sup>ক</sup> বলিলেই হয়। একটি কামরায় সে একাই ছিল যাত্রী। ট্রেন ১১০ ছাড়িয়া দিবার পর জানালা হইতে ক্রত অপপ্রিয়মান ধ্বর প্রান্তর তৈ বামের দিকে চাহিয়া থাকিতে থাকিতে তাহার মন গভীর হতাশায় ভরিয়া গেল। শুধু মাঠ ও গ্রাম নয়, তাহার মনে হইল—
ন্তন জীবনের সব কিছু সঞ্য়, সব আশ্রম তাহার কাছ হইতে সরিয়া যাইতেছে। সরিয়া যাইতেছে হয়তো তাহার ত্র্লতায়, সে ধরিয়া রাখিতে পারে নাই বলিয়া, ধরিয়া রাখিবার সাহস নাই বলিয়া। যাই হোক, আবার শুক্ হইল যে তাহার নিক্দেশ যাত্রা, এ-বিবয়ে সন্দেহ নাই।

কিন্তু কোথায় দে যাইবে! অন্ধকার দিগন্তে কোনো পথই তো দে দেখিতে পায় না। কোন নির্চুর দেবতা তাহার জীবনের স্থে বৃনিতেছেন, কে জানে! কে বৃঝিবে, কি গভীর তাঁহার অভিসন্ধি! সাধারণ কোনো পথ তাহার জন্ম নম। সহজভাবে শান্তি উপভোগ করিবার অধিকার তাহার নাই। প্রত্যেক মান্তবের দেবতাও বৃঝি বিভিন্ন। অন্থত যে দেবতা তাহার জীবনের ভার লইয়াছেন, মুথে তাঁহার বরাভয় প্রসন্ধাতি বৃঝি নাই। যে-অন্ধকার অসীম আকাশে নক্ষত্রলাকের মাঝে ব্যবধান রচনা করিয়াছে সেই অন্ধকারে বৃঝি তাঁহার আসন। তুর্বোধ তাঁহার অভিপ্রায়, তুর্জের্ম তাঁহার পথ। তিনি তাহার জীবনে অন্ধকার-যবনিকা টানিয়াছেন আপন থেয়ালে। সে-যবনিকা সে ভূলিতে চাহিয়াছিল, সে-অন্ধকার ঢাকিতেছিল নৃতন জীবনের ক্লালি জ্বাল বৃনিয়া; কিন্তু আবার নিষ্ঠ্র হাতে সে-মন্ত্রা তিনি ছিউয়াছেন, জট পাকাইয়া সমস্ত বার্থ করিয়াছেন।

বাহিরে অন্ধকার ঘনাইয়া আদিতেছে। কামরার ভিতরের আলো

জ্মশ স্পাই হইয়া উঠিল। এই নির্জন কামবা যেন ক্রমশ বিচ্ছিন্ন এক জগং হইয়া উঠিতেছে তাহারই মনের মতো। পরিচিত পৃথিবী নিমল্ল হইয়া গেল অন্ধকারে। এখন শুধু ভয়াবহ নিংসঞ্জা।

গত দিন্টার সমস্ত ব্যাপার আর একবার সে মনে মনে এথন প্রালোচনা করে। সে ভীকর মতো প্রাইয়া আসিয়াছে স্তা, দিন এ বাহিব গভীর উপল্জির স্থান সে যে রাখিতে পারে নাই. একথাও দে জানে, কিন্তু তাহার উপায় কি ছিল ?

আপুনার মনের এ-পরিচয় পাইবার পর আর নিজের সহিত জ্ঞানি কবিয়া ওই পরিবারের সহিত সহজ সম্বন্ধ রাখা সম্ভব নয়। সে চেষ্টা করিলে শুধু নিজেকেই সে পীড়িত করিত না, আর একটি মেয়ের জীবনেও অনুর্থক বেদনার বোঝা বাড়াইয়া তুলিত ! ভাহার চেয়ে নির্মলা ভলিয়া বাক। সেই স্থােগাই সে দিতে চায় নিছেকে অপুষাবিত করিয়া। বেখানে কাহারও মার্থক হইবার উপায় নাই, দেখানে বিশ্বতিই ভালো। ভাহার মন অবশ্র বিদ্রোহ

করিয়া বলিয়াছে, সার্থক হইবার উপায় নাই কেন ৭ িন্দ্র সভাই অন্তরের গভীর প্রদেশে সে অন্তভ্র করিয়াছে, মিথারি সাহায়ে কোনো স্ভাকার সার্থকভা মিলিতে পারে না । এ-মিথা ক্রথনও প্রকাশ হোক বা না হোক, তাহার মনে গোপন থাকিয়াই সমস্ত জীবন যে বিহাক করিয়া দিবে।

না, তার চেয়ে এই ভালো। নিজেকেই সৈ নিঠাসিত করিবে। এ নির্বাসনের বেদনা যে কত গভীর ভাষা এখনও অবভা সে নিজেই ভালো করিয়া উপলব্ধি করে নাই। ছীবনের প্রচন্ত পিপাদা লইয়া সে যাহা কিছু গড়িয়া তুলিয়াছে, যাহা কিছু আশ্রয় করিয়াছে,

সমন্তই তাহাকে পরিত্যাপ করিতে হইবে। চারিধারে তাহার আনীম শৃহতা। প্রথম যেদিন এমনি একটি ট্রেনের কামরায় সেনিজেকে অসহারভাবে আবিদ্ধার করিয়াছিল, সেদিনও তাহার জগত ছিল শৃহা। কিন্তু এ-শৃহাতা তাহার চেয়েও ভ্যাবহ, তাহার চেয়েও ছ্যেশহ। সেদিন স্থাব দিগন্তে কোথাও কোনো তটরেগা ছিল না। আজ নিজে হইতে প্রিয় ও পরিচিত আশ্রয় ত্যাগ করিয়া অকুলে সে আপনাকে ভাসাইয়াছে। পিছনের আকর্ষণ প্রচণ্ড, তবু সে কিরিবেনা। তাহার জন্ম আছে শুর্ অকুল সাগর ও অন্তহীন অন্ধকার। তরু তাই ভালো। সমস্ত বেদনা সে একাই বহন করুক। আর কাহারও জীবনে কোনো ক্ষতিহিত্ যেন নাথাকে!

কলিকাতাম আসিয়া প্রভোত পরের দিনই মা'র কাছে একটা চিঠি
লিখিয়া দিয়াছে । লিখিয়াছে যে, এখন তাহাকে দিনকতক
কলিকাতাতেই থাকিতে হইবে । দারবাকে আর কিছুদিন সে
যাইতে পারিবে না। তাই বলিয়া তাঁহাদের চিন্তার কোনো কারণ
নাই, সংসারের সমস্ত বন্দোবন্ত সে এখান হইতেই করিবে ।
প্রভোতের হঠাৎ রবিবারেই চলিয়া যাওয়ায়, মা একটু অবা
হইয়াছিলেন । দারবাক হইতে এমন করিয়া হঠাৎ প্রভোত ক নও

যায় নাই।

অত্যাত্য বাবে তাহার ধরন দেখিয়া বোঝা যায় যে, সোমবার নেহাত না যাইলে নয় বনিয়া অত্যন্ত অনিচ্ছা সহকারে সে যাইতেছে। অথচ এবার হঠাৎ তাহার এত তাড়া কেন ? যাইবার সময়ে প্রভোতের ধরনও কেমন তাঁহার অস্বাভাবিক মনে হইয়াছিল। প্রভোত কেমন যেন অক্তমনস্ক, কেমন যেন একটু ৮(২৫) শন্ধিত তাহার ভাব। বৃদ্ধার ক্ষীণ দৃষ্টিতেও প্রভােতের অন্থিরতা দেদিন ধরা পড়িয়াছিল।

দোলন ধরা পাড়য়াছল।
তিনি সেদিন বিশ্বিত ইইয়ছিলেন মাঞা। প্রজ্যোতের চিঠি পাইয়া
তিনি চিন্তিত ইইয়া পড়িলেন। প্রজ্যোতের অমন ভাবে চলিয়া
য়াওয়ার পর এরকম চিঠি কেমন যেন অত্যন্ত সন্দেইজনক। কি
যেন একটা অস্বাভাবিক কিছু ঘটিয়াছে বলিয়া তায়ার আশক্ষা হয়।
চিঠি আনিয়াছিল বিমল। রাজালাকে ববিবারের ফ্রাটির জন্ত সে
এখনও জ্মা করে নাই সত্যা সহসা অমন করিয়া চলিয়া য়াইয়ার
জন্ত রাগও সে ভয়ানক করিয়াছে; কিছে তাই বলিয়া রাজালার
চিঠি হাতে পাইয়া একটু উল্লাস প্রকাশ না করিয়া কেমন করিয়া
থাকায়ায়!

পিয়নের হাত হইতে চিটিটা এক রকম কাড়িয়াই লইয় দারা বাড়ি থানিক দে চীংকার করিতে করিতে অস্থির ভাবে ঘুরিয়া বেড়াইল। চিটির পাঠোন্ধার ভাহার নিজেরই করিবার ইচ্ছা ছিল; কিন্তু শেষ প্রযন্ত ভাহা আর হইল না। নির্মলা কোথায় ওং পাতিয়া ছিল। খপ করিয়া এক দম্যে দে ভিটিটা ছোঁ। মারিয়া লইয় গেল!

এমন অসমতে অকারণে প্রভোতের চিঠির কথা শুনিয়া মা ঘর হইতে বাহির হইয়া আসিগ্রাভিলেন। নির্মণ্ডক জিজাসা করিলেন—"প্রভোত চিঠি দিয়েছে নাকি ?"

নির্মনা চিঠির খানিকটা ইতিমধ্যে বুঝি পড়িয়াছে। মায়ের কোলের কাছে চিঠিটা ফেলিয়া দিয়া বলিল—"হাা, এই যে—"

মা বলিলেন—"আমায় দিয়ে কি হবে। শড় না কি লিখেছে।"

কিন্তু নির্মান দেখা আর পাওয়া গেল না। অগত্যা বড় মেয়েকে াকাইয়াই মাকে চিঠিটি শুনিতে হইল। চিঠির মর্ম জানিয়া কিন্তু তিনি আশ্বস্ত হইতে পারিলেন না।

অনাথীয় এই ছেলেটির উপর তাঁহার গভীর স্নেহ পড়িয়াছিল সত্য। না পড়িয়া উপায় কি ? ছেলেটি তাঁহার মৃত পুত্রের স্থান যে সত্যই অধিকার করিয়াছে। শুধু অধিকার নয়, তাহার বেশি কিছু করিয়াছে। এত গভীর ভাবে, এত সহজে সে নিজেকে এ সংসাবের সহিত জড়াইয়াছে বে, আজ তাহার অসাধারণ আত্ম-তাাগের কথা সব সময়ে মনেও থাকে না।

কিন্তু প্রভোতের সম্বন্ধে স্নেহের অধিক তাঁহার কিছু ছিল, তাহা হয়তো থানিকটা ক্লভ্ৰুতা, থানিকটা দীনতা। প্রভোত এপরিবারে বিধাতার আশীর্বাদের মতো আসিয়াছে। ছেলেমেয়েদের কি ব্যবস্থা করিবেন ভাবিয়া যথন তিনি কূল পাইতেছিলেন না, তথন কোথা হইতে আসিয়া প্রভোত তাঁহার সমস্ত ছন্তিস্তার ভার নিজের স্কন্ধে তুলিয়া লইয়াছে। যে সংসারের ভিত্তি পর্যন্ত টলিতেছিল, তাহা সে অসাধারণ অমাহ্যষিক আত্মতাগের হারা থাড়া করিয়া রাথিয়াছে। এতথানি সৌভাগ্য আশারও অতীত। এক এক সময়ে অমলবাব্র মা'র সমস্ত ব্যাপারটা কেমন বিশাসহ্য না। কেমন আশহা হয় যে, ইহা স্থায়ী হইতে পারে না। প্রভোতের উপর নির্ভর করিবার অভ্যাসের দক্ষনই তিনি যেন আরো ছুর্বল হইয়া পড়িয়াছেন। সারা জীবন প্রতিকূল অবস্থার সহিত যুঝিয়া ও পরাজিত হইয়া তাঁহার নিজস্ব শক্তিও আর নাই। এখন প্রভোতের সাহায্য হইতে বঞ্চিত হওয়ার

চিন্তাই তাঁহার পক্ষে দকচেয়ে ভয়ঙ্কর। এবং এইখানে তাঁহার দীনতা।

সেই দীনতাই আজ বুঝি একটু প্রকাশ হইয়া পড়ে। প্রভোতের
চিঠি পাইয়া তিনি শবিত হইয়া ওঠেন, কিছু বুঝি: পারিলেও
মনে হয় কোথায় বেন তাঁহাদেরই কোনো অপরাধ বুলি শইয়া
পিয়াছে। জনে জনে সকলকে ডাকিয়া তিনি প্রভোত কিছু বলিয়া
পিয়াছে কি না জিজাসা করেন।

বড় মেয়েকে ডাকিয়া বলেন—"হাাবে রাগ করে ন্যয়নি তো প্রয়োত!"

বড়দি হাসিয়া বলেন—"তোমার যেমন কথা মা! রাগ করে যাবে কেন ? সে কি তেমন ছেলে!"

মা'ব মনের সন্দেহ তবু যায় না, জিজাদা করেন, "ভেণ্রা কেউ কিছু বলিসনি তো ?"

এবার একটু বিরক্ত স্বরেই বড়দি বলেম—"তোমার কি হয়েছে বলতো ? কি যা-তা ভাবছ! দরকার হয়েছে, তাই কলকেতা গেছে। তার ভেতরও বলাবলি, রাগ—কোথায় পাচ্ছ?"

মা একটু অপ্রস্তত হইয়া পড়েন, বলেন—"না এমনি ভাবি হঠাং ছুটির দিনেই চলে গেল। আবার এখন আসতে ১৯৯৫ নালিখেছে।"

বড়নি'র মন প্রজোত সময়ে সম্পূর্ণ নিশ্চিন্ত ৷ এসব আলোচনা ভাই ভাহার কাছে নিতান্ত অর্থহীন মনে হয় !

"লিখেছে যথন, তথন নিশ্চয়ই কাজ আছে।" বলিয়াই বড়দি এবার নিজের কাজে চলিয়া যান। মা'র মনে মনে কিন্তু সন্দেহের একটু কাঁটা বিধিয়াই থাকে।
নিজের মনে অনেক কিছু পর্যালোচনা করিবার পর সহসা
তিনি যেন প্রভাতের অপ্রসন্নতার কারণ আবিদ্ধার করেন।
পাড়ায় নির্মলার যে-সম্বন্ধ হইতেছে, তাহাতে প্রভাতের আপত্তি
ছিল তিনি জানেন। তাঁহার মনে হয়, সেই সম্বন্ধের জ্বন্তু সেদিন
জেদ করিয়া তিনি ভালো কাজ করেন নাই। সব কিছুর
ভার যথন সেই লইয়াছে তথন তাহার বিক্লমে যাওয়ার চেইা
করা তো উচিত নয়। হয়তো প্রভোত তাহাতেই অসম্ভই
হইয়াছে।

এ-কথা মনে হইবামাত্র প্রভোতকে চিঠি লিখাইবার জন্ম তিনি বাস্ত হইয়া পড়েন। নির্মলার বিবাহের কথা, প্রভোতের সম্মতি অনুমান করিয়া তিনি একরকম দিয়াই ফেলিয়াছেন, এই যা বিপদ। কিন্তু তাহা হইলেও, কথা ফিরাইয়া লইয়া পাত্রপক্ষের বিধেষ-ভাজন হইতেও এখন তিনি প্রস্তুত। প্রভোতকে অপ্রসন্ন করা কোনো মতেই চলে না।

চিঠিপত্র সাধারণত নির্মলাই লিখিয়া থাকে। কিন্তু আজ ডাকাডাকি করিয়াও তাহাকে কোনো মতে বিহানা হইতে তুলিয়া আনা যায় না। অস্তথের নাম করিয়া সেই যে সে শ্যা আশ্রয় করিয়াছে, আর তাহার উঠিবার নাম নাই। অগত্যা মা বিমলেরই শ্রণাপর হইলেন এবং তাহার হারা কোনো রকমে অবাস্তর আরো অন্যান্ত কথার ভিতর এই কথাই জানাইতে চেষ্টা করিলেন যে, প্রভোতের ইচ্ছার বিরুদ্ধে কোনো কাজ তিনি করিবেন, এ-কথা সে যেন না মনে করে।

আশ্চর্ধের বিষয় এই যে, এ চিঠির পরও এক স্থাহ কাটিয়া গেল; তবু প্রভোতের কোনো উত্তর পাওয়া গেল না। ববিবারের ছুটিতে সে না হয় আসিতে পারে নাই, কিন্তু একটা চিঠি দিয়া থবর দিতে ও খোজ লইতে সে কি পারিত না! তাহার হইল কি?

## বারো

এতদিন প্রত্যোতের পক্ষে নীরব ও নিক্ষন্তর থাকা সত্যই একটু বিশ্বয়কর । দারবাক হইতে প্রথম যে পত্র আসিয়াছিল তাহার উত্তর সে নানা কারণে অবশু দিতে পারে নাই । কিন্তু তাহার পরের চিঠিগুলির জবাব সে ইচ্ছা করিয়া দেয় নাই এমন নয়। দিবার কথা তাহার মনে নাই । তাহার জীবন আবার বুঝি দ্বিধাবিভক্ত পথের মোড়ে আসিয়া দাঁড়াইয়াছে । পথ শুধু যে সে ঠিক করিতে পারিতেছে না তাহা নয়, পথ বিচার করিবার সাহস পর্যন্ত তাহার নাই । তাহার অস্তরে আবার আলোড়ন শুরু হইয়াছে । শুরু হইয়াছে গভীর দ্বন্থ ।

প্রজ্যেত চিঠির উত্তরে যে কি লিখিবে ভাবিয়া না পাইয়াই নীরব ছিল। এই পরিবারটির জীবন হইতে সে নিজেকে বিলুপ্ত করিতে চায়। কিন্তু তাহার কারণ তো আর সে খুলিয়া লিখিতে পারে না। মা'র চিঠির মধ্যে ব্যাকুলতা ও যে-ভয় স্পষ্ট হইয়া উঠিয়াছে, তাহা দূর করিবার জন্ম গোটাকতক মিথ্যা কথা বানাইয়া লিখিতেও তাহার ইচ্ছা হয় নাই। সে তাই নীরব থাকাই শ্রেয় ব্রিয়াছিল। সে জানে যে নিজেকে বিলুপ্ত করিতে চাহিলেও এই পরিবারটির সহিত সমস্ত সহন্ধ ছেন্দ করা তাহার পক্ষে সম্ভব নয়। করিলে কল্যাণের পরিবর্তে এই পরিবারটির সমূহ ক্ষতিই

করা হটবে। তাহারা প্রত্যোতের উপরই নির্ভর 🤻 আছে। সে অকম্মাৎ নিজেকে সরাইয়া লইয়া ইহাদের অকূলে ভানাইয়া मिट পারে না। তাই দে ঠিক করিয়াছিল, দুর হইতে ই**হাদের** সাহাব্যের ত্রুটি করিবে না। কিন্তু ঘনিষ্ঠিতা আরু নয়। আরু সে रेशामत कीरान निष्कत अच्छ हाया क्वांत कतिया क्वांतर ना । সেই সম্মই প্রছোত অটট রাখিতে চাহিয়াছিল। কোনো চুর্বল মৃহুর্তে দে যেন আবার নিজেকে ধরা না দিয়া ফেলে, নিঃসঙ্গভার দারুণ অভিশাপ সৃহ্য করিতে না পারিয়া কোনো দিন আবার যেন সে ইহাদের জীবনের সঙ্গে নিজেক না জভায় ইহার জন্মই সে ছিল সাবধান। ভাহার জীবন শৃত্ত হইয়া গিয়াছে। তা যাক। তাহার জীবনের ক্ষতিপূর্ণ দে আর কাহারও দারা করাইবে না। নিজের জীবনের অভিশাপ দে একাই বহন করিবে। দেই জনাই সে চিঠি দেয় নাই; ঠিক করিয়াছিল, নিতান্ত প্রয়োজনে ছাড়া আর সে কোনো প্রকার সংযোগ রাখিবে না । এতদিনের গাট অন্তরক্ষতার পর তাহা একট দৃষ্টিকট হয় হোক। তাহাতে যদি সকলে একট পীড়া অমুভব করে, তাহা হইলেও ক্ষতি নাই। ভাবী কল্যাণের জন্ম এটকু আঘাত দিতেই হইবে। কিছুদিন বাদে এ আঘাতও হয়তো আরু লাগিবে না। এই পরিবারটির মধ্যে বাভিত হইতে দে ভাদিয়া আদিয়াছিল আবার দে ভাদিয়া যাইবে। কোনো দাগ কোথাও হয়তো আর থাকিবে না।

এ-চিন্তা অবশ্র স্থকর নয়। তাহার সমন্ত অন্তরকে ইহা মক্রবাত্যায়
দথ্য করিয়া যায়, তাহার জীবনের সমন্ত অন্ফুট আশা ও কামনাকে
দেয় নিম্লি করিয়া। চারিদিকে তাহার অন্তহীন মক্-বিভার,

পেথানে কোনো দিন কোনো ভামলতার সভাবনা আর নাই।
তবু নিফল প্রতিবাদ সে করিবে না ! এই জীবনকেই তাহাকে
গ্রহণ করিতে হইবে অন্নান মুখে।

এই সন্ধল্পেই প্রভাতে অটল ছিল, এমন সময়ে অস্তৃত একটি ঘটনা ঘটিয়া গেল। ঘটনা সামান্তই, কিন্তু তাহাতেই প্রভোতের মক-ধুসর জগতও আলোড়িত হইয়া উঠিল।

প্রত্যোত আজকাল মেসের ঘরে কাজ-কর্মের অবসরেও থাকিতে পারে না । অসহ মনে হয় ঘরের বন্ধন, অসহ মনে হয় মানুষের সঙ্গ । তাহাদের সাধারণ নিত্যনৈমিত্তিক কথাবার্তায় সে যেন হাঁফাইয়া ওঠে । শুধু তাই নন্ধ—সে-সমস্ত কথাবার্তা তাহাকে কোথায় যেন নিষ্ঠ্রভাবে স্কল্প স্চি-মুথে বিদ্ধ করে । যে নির্বিকার নির্লিপ্ততাকে অনেক কটে আয়ত্ত করিতে হয়, তাহা এই তৃচ্ছ কথার আঘাতে একেবারে ভাঙ্গিয়া চুরুমার হইয়া যায় ।

ভাষাদের অবশ্য দোষ নাই। ভাষারা সাধারণ স্বাভাবিক মান্ত্র। সংসার জীবনের মধ্যে মগ্র ইয়া আছে। প্রভোতকে সহজ ভাবেই ভাষারা হয়তো জিজ্ঞাসা করে—"কি মশাই! এবারেও বাড়ি যাবেন না না কি! ঝগড়া-টগড়া করে আসেননি ভো! ছটোরবিবার কামাই।"

প্রত্যোতকে একটু হাসিয়া উত্তর দিতেই হয়—"না, বড় মুশকিল হয়েছে। পরীক্ষার সময়, ছেলেদের রবিবারও পড়াতে হচ্ছে। কথন যাই বলুন।"

তাহার পাশেই যে-ভদ্রলোকটির সিট তিনি সহাত্তভৃতি দেখাইয়া বলেন—"এ তো জুলুম মন্দ নয় মশাই। ছাত্রের পরীক্ষা বলে রবিবারও পড়াতে হবে! মান্টার আর মাছ্য নয় যেন। তানি হলে ববিবারে মশাই এমন পড়ান পড়িয়ে দিতাম, যে ছেলে তার পড়া যেত ভূলে!"

প্রয়োত একটু হাসিয়া সে-প্রসঙ্গ এড়াইয়া যায়। তাহার পর এক সময়ে বাহির হইয়া পড়ে। আজকাল সে এমনি করিয়াই বাহিরেই অনেকক্ষণ কাটায়। এমনি করিয়া নিজের কাছ হইতে যেন পলায়ন করিতে চেটা করে। রান্ডায়-রান্ডায় সে অকারণে বহুক্ষণ পর্যস্ত ঘূরিয়া বেড়ায়। অনেক রাত্রে ক্লান্ত হইয়া বাড়ি কেরে। কাহারও সঙ্গে দেখা যেন তাহার না হয়, নিজের অশান্ত মনের সঙ্গেও নয়।

এমনি পথে পথেই সে সেদিন ঘুরিয়া বেড়াইতেছিল। সন্ধ্যা হইয়া আসিয়াছে। আকাশের আলো মান হইয়াছে, নগরের আলো উজ্জন হইয়া উঠিতে পারে নাই, কেমন একটা ক্লান্ডিতে সমস্ত নগর যেন আছেয়। হঠাং একটা লোকের সঙ্গে ভাহার ধাকা শাসিয়া গেল। লোকটা একটু অপ্রমন্থেই কিরিমা তাকাইয়াছিল; কিন্তু পর মূহুর্ভেই ভাহার মূথ উজ্জন হইয়া উঠিল। থপ করিয়া প্রভোতের হাতটা ধবিয়া ফেলিয়া উত্তেজিতভাবে সেবলিল—"বাং, বেশ লোক দাদা তুমি।"

প্রভোত তথনও বিমৃচ্ভাবে দাড়াইয়া আছে। লোকটি সম্পূর্ণ অপরিচিত। তাহার জগতে ইহার স্থান কোথাও নাই।

লোকটা নিজে হইতেই আবার বলিল—"কতদিন এসেছ ভানি! এসে একবার দেখাও করনি! এমনিই হয় বটে। কাজ ফুরালেই সব শেষ।" প্রভোত তব্ও কোনো উত্তর দিতে পারিল না। কি উত্তর দে দিঁবে! এতক্ষণে ঘটনাটির ভয়ন্তর অর্থ তাহার কাছে অবশ্য প্রতিভাত হইয়াছে। দে ব্ঝিয়াছে এতদিনৈ অকমাৎ তাহার অতীত বিশ্বত জীবন হইতে আদিয়াছে একটুথানি করাঘাত। কিন্তু তব্ যবনিকা উঠিল না। প্রভোত তাহার মনে কোথাও এ-লোকটির পরিচয় খুঁজিয়া পাইল না। কোন ফ্তে ইহার সহিত তাহার আলাপ, অতীত জীবনে কি সমম্ম তাহার সহিত ছিল কিছুই দে জানে না। নীরব থাকা ছাড়া তাহার আর উপায় কি।

লোকট বলিয়াই চলিল—"এক মাঘে শীত যায় না দানা, আবার কিন্তু দরকার হবে! তা এখন উঠেছ কোখায়? আচ্ছা থাক দরকার নেই। ওদব খপর তোমার কাছে চাওয়াই ভূল। কিন্তু একদিন দেখা করবে তো ! তোমারও লাভ বই লোকশান নেই। ইাা, আদল কথা বলি আগে, আমি এখন দে-আন্তানা বদলেছি। ওইতে। আমার দোকান। ইাা, একটা দোকানই খুলে বসেছি দানা, বাইরের একটা ভড়ং চাই। দোকানে লোহালকড়ের দব জিনিস পাবে।"

একবার চোথ টিপিয়া একটু ইশারা করিয়া লোক টা আবার বলিল—"লোহালকড়েব দরকার থাকে তো ভূলো না যেন! কেমন আদবে তো?"

"আসব।" বলিয়া কোনোরকমে প্রভোত তাহার হাত এড়াইয়া এবার অগ্রসর হইয়া গেল। তাহাকে এড়াইয়া যাইবার এত ব্যস্ততা তাহার কেন সে নিজেই জানে না। এতদিনে বিশ্বত- জীবনের সঙ্গে বর্তমানের একটিমাত্র সেতৃ সে খুঁজিয়া পাইয়াছে, সামাত্ত একটু হর, যাহা ধরিয়া হয়তো সে আবার লুপ্ল জগতকে আবিকার করিতে পারে। সেই হারকেই সে আবহেলা করিতে চায়! কেন ও-হারকে অনুসরণ করার বাাকুলতা দূরে থাক—তাহার অন্তিছই তাহাকে কেন এনন বিচলিত শক্ষিত করিয়া তুলিয়াছে! প্রভোত নিজের মনে স্পষ্ট কোনো উত্তর বানা। কিন্তু জয় যে তাহার হইয়াছে, এ-কথা অস্বীকার করিবার উপায় নাই। বিশ্বতির যবনিকার পারে কি আছে সে জানে না; কিন্তু আর যেন একটু উকি মারার সাহস পর্যন্ত তাহার নাই, ইচ্ছাও নম। তাহার অবচেতন মন হইতে কোনো সতর্কবাণী যেন তাহাকে আড়াই করিয়া রাথিয়াছে। যবনিকার এপারে কোনে ও কর্মণ তাহার আর নাই, নাই কোনো শান্তি—এপারে ভারু মন্বাসর শ্রতা; কিন্তু তবু ওপারে সে যাইতে চায় না। মনের গুরু নানা ছ্রোধ প্রেরণাই তাহাকে বাধা দিতেছে।

লোকটার কথা সে ভূলিতে চেষ্টা করে। যেটুকু সে দেখিয়াছে, যেটুকু পরিচয় সে পাইয়াছে, তাহাতে সানন্দে শ্বরণ করিয়া রাখিবার মতো বাক্তি সে নয়। এরকম লোকের সহিত কেন্টাহার পরিচয় ছিল, তাহাই সে বৃথিতে পারে না। শুপু পরিচন্দির, রেশেয ভাবে তাহাদের যে যোগ ছিল, এ-কথাও লোকটির কথায় স্পষ্ট হইয়া উঠিয়াছে। কিন্তু কেমন করিয়া তাহা সন্থব ? শুপু বাহিরের চেহারা দিয়া হয়তো মান্থাকে বিচার করা উচিত নয়; কিন্তু তবু লোকটির সংস্পর্শে মন যে আপনা হইতে সন্ধৃচিত হইয়া আসে এ-কথা তো শ্বার মিথা নয়। তাহার মৃথ ও চেহারার ২২৪

ভদীতে, কোথায় কোন অন্ধকার-পিছিল জীবনের ছায়া যেন আছে।
গাধারণ মাত্র্যের মতো সহজভাবে সে যে জীবন-যাপন করে না,

এ-সন্দেহ তাহাকে দেখিলেই বুঝি মন হইতে দূর করা বায় না।

যেথানে জীবনের রৌদ্রোজ্জল পথ কুটিলভাবে স্কুদ্রের অন্ধকারে
নামিয়া গিয়াছে, যেথানে সমন্ত সভ্য বিকৃত, সমন্ত স্থাভাবিক

আশা আনন্দের অভাব, সেই অন্ধকার-জগতের ছায়া লোকটির

স্বালে। এরকম লোকের সহিত তাহার জীবন জ্বড়াইয়া যাওয়া

একটু বিশায়কর বৈকি। কিন্তু যেমন করিয়াই জ্বড়াইয়া যাক, সে
কথা বুঝি বিশ্বত হওয়াই ভালো।

ভূলিতে চেষ্টা করিলেই কিন্তু ভোলা যায় না। প্রভাতের সমস্ত মনের উপর গাঁচ ছায়া কেলিয়া এই ঘটনাটুকু জাগিয়া থাকে। কিছুতেই তাহার শাস্তি নাই, কিছুতেই ইহাকে অবহেলা করিবার উপায় নাই। প্রতি মূহুর্তে দে ঘটনা যেন তাহাকে ভয়ন্তর রহস্তময় ইন্ধিত করিতে থাকে। মনের রুদ্ধ প্রকাষ্টে কোথায় যেন আছে অন্ধ্রুরার এথনই তাহা খুলিয়া যাইতে পারে, দেখা দিতে পারে আবরণ-মূক্ত লুপ্তজাবন। কিন্তু প্রত্যাতের যেন তাহাতেই ভয়। অর্থহীন গভীর ভয়। একদিন সে যবনিকার এপারে দাঁড়াইয়া হতাশভাবে তাহা অপ্যারিত করিবার চেটা করিয়াছে, আজ যেন সে প্রাণপণে সেই যবনিক। টানিয়া রাখিতে চায়, ছই জীবনের মাঝে যে-সেতু অক্সাং দেখা দিয়াছে কোনোমতে তাহাকে চায় ভূলিয়া থাকিতে; ভূলিতে না পারিয়াই তাহার অশাস্তির সীমা নাই। প্রত্যাতের মনের ভিতর তাই চলিয়াছে ভয়ন্বর আলোড়ন। আকাশের উপর ঘন মেঘের গভীর আবরণ ছিল প্রসারিত। সেই

নেঘ-লোকই যেন অন্থির হইয়া উঠিয়াছে। সেখানে শুরু হইয়াছে সংঘর্ষ আর চঞ্চলতা। এ বুঝি অপসারণের পূর্ব স্থচনা।
প্রতি মূহুর্তে প্রত্যোত উদ্বিগ্ন হইয়া থাকে। কোন দিক দিয়া কথন
যে দার খুলিয়া যাইবে, কে জানে। কে জানে, বিলুপ্ত জীবনের
কোন স্ত্র হঠাৎ কোথা হইতে বাহির হইয়া পড়িবে।

সম্ভবত, এই উদ্বেশের জন্ম রাত্রে সে করেকনিন অঙুত সব স্বপ্ন দেখিতেছে। হয়তো এ সমন্ত অর্থহীন স্বপ্ননাত্র। হয়তো এগুলি তাহার গত জীবনের ছিন্ন নানা অংশ, মনের গভীর অন্ধকার কক্ষ হইতে অকস্মাৎ থেয়ালী হাওয়ায় ভাসিয়া আসিয়াছে। কিন্তু এসব স্বপ্ন প্রত্যোতকে আরও 'শহিত করিয়াই তোলে। নিজের যে পরিচয় সে অধিকাংশ সময়ে এই স্বপ্নের মধ্যে পায়, সত্য হইলে তাহা প্রীতিকর কোনো দিক দিয়াই নয়।

ক্রমশ এই ছন্দ্রও তাহার অসহ হইয়া উঠিল। নিজের উপর এমন বিনিত্র ভাবে পাহারা আর বুঝি দেওয়া যায় না। সারাদিন এমন আতদ্ধ,ও অস্বন্তির মধ্যে জীবন যাপন করার চেয়ে হুংথের বুঝি আর কিছু নাই। তাহার চেয়ে এ-মশান্তি বুঝি একেবারে শেষ করিয়া দেওয়াই ভালো। নিজেকে পুনরাবিদ্ধার করিবার আঘাত যত বড়ই হোক, এই অনিশ্রমতার অশান্তি হইতে দে তো ম্তি পাইবে। এখন প্রতি মুহূতে একটি ঘটনা তাহাকে অস্থির করিয়া তুলিতেছে। কেবলই তাহার ননে পড়িতেছে, এই শহরের ভিতর ক একটি লোক তাহার বিলুপ্ত অতীতের স্ব্র লইয়া অপেক্ষা করিয়া আছে। যে কোনো সময়ে তাহার সহিত আবার দেখা হইয়া যাইতে পারে। আর তাহাকে বাহিরে এড়ান হয়তো সন্তব; কিছু ভিতরে ১২৬

তাহার ভয়ন্বর ইন্ধিত কিছুতেই যে উপেক্ষা করিয়া থাকা যায় না।
প্রভোত শেষ পর্যন্ত ঠিক করিল, দে যাইবে। যবনিকা তুলিয়া
উঠিয়াছে। একবার অপসারিত হইলে কি যে দে দেখিবে তাহা
দে জানে না; হয়তো তাহা নিজের অপ্রত্যাশিত ভয়ন্বর এক রপ,
হয়তো আর কিছু, কিন্তু তাহা না জানিয়াও তাহার আর শান্তি
নাই। এই মন্ত-বৃদর জগতেও এই অস্বন্তি লইয়া দে আর যেন
বাদ করিতে পারিতেতে না।

লোকটি তাহার দোকানের অবস্থান জানাইয়া দিয়াছিল। একদিন বিকালে প্রত্যোত দেখানে গিয়া হাজির হইল। পথে আদিতে আদিতে সমন্ত কথা সে ভাবিয়া রাখিয়াছে। ধরা দিলে তাহার চলিবে না। অতীত যে তাহার স্থৃতি হইতে বিলুপ্ত হইয়া গিয়াছে, এ-কথা দে জানাইতে চাহে না। তাহাকে ধরা না দিয়াই নিজের পরিচয় জানিয়া লইতে হইবে। অপরের কথা হইতে সমস্ত ইঙ্গিত সংগ্রহ করিয়া নিজের বিশ্বত জীবনী থুঁ জিয়া বাহির করিতে হইবে। কিন্ত দৌভাগ্য বা চুৰ্ভাগ্যবশত দেখা তাহার হইল না। দোকানের কাছে গিয়া প্রভোতের মনে পড়িল লোকটির নাম সে জात ना। नाम जानिवात श्वविधा मिनिन इस नाहै। मिकारनत ভিতর সামাত্ত কিছু কিনিবার ছুতায় সে প্রবেশ করিয়াছিল: কিন্তু লোকটিকে দেখানে না দেখিতে পাইয়া দে যেন আশ্বন্ত হইল। নিজের মনকে শান্ত করিবার জন্ম তবু আরো কিছু প্রযোজন ছিল। প্রত্যোত অনিচ্ছা সত্ত্বেও জিজ্ঞাসা করিল-"এ দোকানের মালিকের দঙ্গে একট দরকার ছিল। কথন পাওয়া যাবে বলতে পারেন ?"

ছোট একটি তব্জাপোষের উপর সামনে একটি কাঠের বাক্স লইয়া
সুলকায় একটি ভদ্রলোক বিদিয়াছিলেন। তিনি ঈষং জ্রকুঞ্চিত
করিয়া বলিলেন—"মালিকের সঙ্গে কি দরকার। আপনার কি
চাই বলুন না।"

প্রত্যোত একটু অপ্রস্তত হইয় বলিল—"আমার মালিকের সঙ্গেই দরকার!"

"আমিই মালিক!" বলিয়া লোকটা এয়ার অত্যন্ত সন্দিগ্ধভাবে প্রত্যোতকে যেন আপাদমস্তক পর্যবক্ষণ করিয়া লইল।

সে-দৃষ্টিতে প্রজোতের অভ্যন্ত সৃষ্ট্রত হইবারই কথা। কিন্তু অক্ষাং তাহার মন কি কারণে তথন যেন অভ্যন্ত হাল্কা হইরা গিরাছে। এ-দৃষ্টি দে লক্ষ্যই করিল না। দোকানের মালিককে বিমৃত্ করিয়া দিয়া সে একবার শুধু সবিশ্বয়ে বলিল—"আপনিই মালিক!" তাহার পর অসক্ষোচে সেথান হইতে বাহির হইয়া আদিল।

বাহিরে আদিয়া তাহার মনে হইল, হঠাং যেন তাহার মনের ছুংসহ গুমোট কাটিয়া গিয়াছে। সে মুক্ত। অতীতের ভয়য়র ছায়া তাহার প্রত্যেক মুহূর্তকে অয়য়য়য় করিতেছে ভাবিয়া এতদিন বুঝি বুগাই সে ভয় পাইয়াছে। সতাই, সামাল্য একটা রাভার লোকে কথা হইতে এতথানি কল্পনা করিয়া লইবার তাহার কি কারণ ছিল। রাভার কত লোককে ভূল করিয়া তো পরিচিত বলিয়া মনে হয়। লোকটারও যে ভূল হয় নাই, তাহা কে বলিতে পারে। লোকটা মিথা। ঠিকানা দিয়া নিজের বিয়জে অবিশ্বস্ততার প্রমাণ তো নিজেই রাথিয়া গিয়াছে। হয়তো লোকটার সহিত তাহার

জীবনের কোনো যোগ কোথাও নাই। তাহার অতীত জীবনের ধারা পৃথক। হয়তো তাহার অতীত জীবন সতাই সমস্ত চিহ্ন লইয়া একেবারেই বিলুপ্ত হইয়া গিয়াছে। আর কোনোদিন তাহার ছিন্ন সূত্র বর্তনানের ভিতর দেখা দিয়া বিপর্যয়ের স্থাষ্ট করিবে না।

এই কয়দিনের ছন্তিস্তার পাষাণ-ভার হইতে মুক্ত হইয়া প্রছোত আজ প্রথম অনেকদিন বাদে সন্ধ্যা হইতেই মেসে ফিরিয়া গেল।
কিন্ত দেখানেও তাহার জন্ম আর এক বিশ্বয় যে অপেক্ষা করিয়া আছে, কে জানিত। সিঁভি দিয়া নিজের ঘরে উঠিতে উঠিতে সে

উপর হইতে উল্লসিত সাগ্রহ চীৎকার শুনিল—"রাঙাদা।"

আশ্রুর্থ ব্যাপার ! বিমল সেই স্থানুর দারবাক হইতে একলা থোজ করিয়া এই মেসে আসিয়াছে রাঙাদার জন্ম ! আশ্রুর্য হইয়াছে সব চেয়ে বেশি বিমল নিজে। এ কল্পনাতীত কীর্তি তাই উচ্চেংস্বরে সমস্ত পৃথিবীতে রাষ্ট্র করিয়া দেওয়া তাহার পক্ষে অন্যায় নয়। প্রছোতের সিঁড়িটুকু উঠিবার অপেক্ষা না রাথিয়া বিমল ভাড়াতাড়ি নামিয়া মাঝ-পথেই তাহাকে জড়াইয়া ধরিল। তাহার পরই শুরু হইল তাহার অমণ-কাহিনী। কিন্তু শুধু অমণ-কাহিনী সে নয়, এতদিনে রাঙাদার অভাবে অনেক কথা তাহার মনে জমা হইয়া আছে। বাড়ি হইতে আরও অনেক কথা রাঙাদাকে জানাইবার ভার লইয়া সে আসিয়াছে। এই সমস্ত কথাই একসঙ্গে জড়াইয়া সিয়া অমণ-কাহিনীকে একটু জটিল ও বিচিত্র করিয়া তুলিল।

255

2(20)

প্রজ্যেত প্রথম বিশ্বরের ধাকা দামলাইবার পূর্বেই অনেক কিছু বিমল বুলিয়া ফেলিয়াছে। পৃথিবীতে দময়ের অভাব দম্বক্তে তাহার জ্ঞান প্রথম। দে জানে, অনেক কথাই অবসরের অভাবে শেষ পর্যন্ত অকথিত থাকিয়া যায়। দময়ের অপবায় দে অন্তত করিবে না।

সি'ড়িটুকু পার হইয়া ঘরে পৌছাইবার পূর্বেই এক নিশ্বাদে • দে যাহা বলিয়াছে, বিষয় হিসাবে ভাগ করিয়া সাজাইলে ভাহার ভিতৰ অনেকগুলি তথা পাওয়া যায়। তথাগুলি অসংলগ্ন। কিন্তু তাহাতে কি আদে .যায়। বিমল ইতিমধ্যে জানাইয়াছে. যে ট্নে-গাড়িতে চড়িয়া কলিকাতা আসিতে সে বিলুমাত্র ভয় পায় নাই। কলিকাতা এত বড় শহর, তাহা অবশ্য তাহার জানা ছিল না। কিন্তু ইহাতে ভয় পাইবার কি আছে। এই তো দে অনায়াদে রাঞাদার মেস খুঁজিয়া বাহির করিল। বড়দিদি ও মা'র কেন যে ভাহার শক্তিতে বিশ্বাস নাই, দে ব্রিতে পারে না। আর রাঙাদা কেন' এতদিন দেশে যায় নাই তার কৈফিয়ৎ অবিলম্বে চাই। সেই জন্মই তাহার আসা। আর কমল এখন ভয়ানক আবদারে হুইয়াছে। আদিবার জন্ম তাহার কি কালা। সে যে ছেলেমাছ। এ-কথা সে কিছুতেই বুঝিতে চায় না। এত বড় শহরে গে কি পথ খ জিয়া আদিতে পারিত 🕈 তাহাকে দঙ্গে আনিলে বিমলকেই পদে পদে বিপদগ্রস্ত হইতে হইত। আর কলিকাতায় বিমল ্যথন আদিয়াছে, তথন দে যাত্বর ও চিড়িয়াখানা না দেখিয়া যাইবে না।

বিমল দম লইবার জন্ম একটু বুঝি তাহার পর থামিয়াছিল। ১৩০ প্রত্যোত সেই স্থযোগে জিজ্ঞাসা করিল—"তোকে বে একলা পাঁঠিয়ে দিলে ! তুই লুকিয়ে পালিয়ে আদিসনি তো !"

বিমল উত্তেজিত হইয়া বলিল—"বা বে লুকিয়ে পালিয়ে আসব কেন ? লুকিয়ে এলে, পয়সা পাব কোথায় ? মা তো পয়সা দিয়ে দিলে। ট্রামের পয়সা কিন্তু বেঁচে গেছে, জানো রাঙাদা। স্টেশনে একজন লোককে তোমার ঠিকানা দেখিয়ে কোন ট্রামে যাব জিজ্ঞাসা করেছিলাম কিনা! আমি নিজেও আসতে পারতাম কিন্তু। ট্রামে চড়া আবার কি শক্ত! তিনিই পয়সা দিয়ে দিলেন রাঙাদা। আমি দিতে যাচ্ছিলাম, কিছুতে নিলেন না! তিনি এই দিকেই আসছিলেন কিনা। তাই ট্রামে তাঁর সঙ্গেই উঠেছিলাম। ট্রাম থেকে নেমে কিন্তু আমি একলা এ-বাড়ি খুঁজে বার করেছি—বার করা তো ভারী শক্ত! উমেশ ভট্টাচার্য কেন্দ্র তো লেখাই আছে রান্ডার গায়ে।"

বিমলের অসংলগ্ন উচ্ছাদ বহিয়াই চলিল। প্রচ্ঞোতের সমস্ত মন তথন কিন্তু অনুশোচনায় ভরিয়া গিয়াছে। কত ছংথে, কি হতাশায়, নিরুপায় হইয়া মা যে শেষ পর্যন্ত এই ছেলেটিকে তাহার থোঁছে কলিকাতার সমস্ত বিপদের মধ্যে পাঠাইয়াছেন, তাহা বোঝা তাহার পক্ষে কঠিন নয়। তাহার মনে পড়িল, এই কয়দিন মা'র চিঠির একটা উত্তর পর্যন্ত সে দিতে পারে নাই। বিমল নিরাপদে যে পৌছিয়াছে তাহা সৌভাগ্যের কথা। কিন্তু কোনো বিপদ তাহার ঘটিলে কেমন করিয়া সে নিজেকে ক্ষমা করিত! এবার বিমল তাহার উচ্ছাসের মাঝে হঠাৎ হাসিয়া জিজ্ঞাসা করিয়া বলিল—"তোমার অন্থ্য করেছিল, না রাঙাদা ?"

ভাহার পর উত্তরের অপেক্ষা না রাথিয়াই বলিয়া চলিল—"বড়দি ভাই বলছিল। বলছিল খুব হয়তো ভারী অস্থু করেছে সেথানে । অস্থু নাহলে সে কথনো এতদিন একটা চিঠি দিয়েও থোঁজ নেয় না! আমিও ভাই ভাবছিলুম। কাল কিন্তু বাড়ি যেতে হবে, রাঙাদা। কাল বিকেলে অবশ্য। স্কালবেলাই চিড়িয়াথানা থোলা থাকে তো!"

প্রত্যোত হাসিয়া বলিল—"থাকে! কিন্তু কাল তো বাড়ি যাওয়া হবে না বিমল!"

বিমলের মনের ইচ্ছা হয়তো তাই। এত কট করিয়া কলিকাতা আদিয়া একদিন মাত্র থাকিয়াই সে চলিয়া যাইতে চাহে না। কিস্ক তাহার দায়িত্ব সে ভূলিবে কেমন করিয়া! বিষয় মুখে সে বলিল— 'কালই যে যেতে বলে দিয়েছে, রাঙাদা। মা সে জতেই তো আমায় পাঠিয়ে দিলে। সেখানে কি সব গোলমাল হয়েছে কিনা!" প্রতাত্ত ভিরিপ্রস্বরে জিজ্ঞাসা করিল—"কি গোলমাল ?"

"কি জানি কি সব! ছোড়দির নাকি আর বিয়ে হবে না, তাই কি সব নিন্দে হয়েছে। ওঃ, তোমার বে একটা চিঠি দিয়েছে। ভূলেই গেছি দিতে!" কি ভাগা, যে চিঠিটুকু হারায় নাই। বিমণ তাহার জামার পকেট খুঁজিয়া চিঠিটুকু এবার বাহির করিল।

ছোট চিঠি নয়, বেশু দীর্ঘ। অনেক কথাই মাকে লিখিতে হইয়াছে। না লিখিয়া বৃঝি উপায় ছিল না।

চিঠি পড়িতে পড়িতে প্রজোতের মৃথ ক্রমশ অন্ধকার হইয়। আসিল। তাহার অন্পস্থিতিতেই মা উদ্বিগ্ন হইয়া উঠিয়াছেন সে ভাবিয়াছিল, দেথাশোনার অভাবে হয়তো সেথানে ভয়ানক অস্ক্রবিধা হইতেছে— সেই জন্মই এবং প্রত্যোতের স্বাস্থ্য স্থকে উদ্ধি হইয়া মা শেষ পর্যন্ত বিমলকে পাঠাইতে বাধ্য হইয়াছেন। সেথানে যে এত রকমের জটিলতা স্থাই হইয়াছে তাহা সে কল্পনাও করে নাই। এই পরিবারটির বর্তমান সমস্ত ছঃথের সে-ই যে এক হিসাবে মূল, ইহা ব্রিয়া তাহার সমস্ত আরও বিস্থাদ লাগে। সে ইহাদের জীবনে অশান্তিই ডাকিয়া আনিয়াছে। নিজের জীবনের অভিশাপ সে সঞ্চারিত করিয়া দিয়াছে এই পরিবারটির উপর। নিজেকে অপসারিত করিয়াও লাভ হয় নাই। ফল বিপরীতই হইয়াছে।

মা'কে অনেক তুংথে সমস্ত সংকোচ ত্যাগ করিয়া সব কথা লিখিতে হইয়াছে। গ্রামে এই পরিবারটির বাস করাই দার হইয়া উঠিয়াছে। নির্মলার বিবাহের প্রস্তাব প্রত্যাখান করা হইতেই বোধ হয় দুংই গোলমালের স্ব্রেপাত। অনুগ্রহ করিয়া প্রায় বিনা পণে যাহারা কল্যা গ্রহণ করিতে প্রস্তুত ছিল, তাহারা এই প্রত্যাখ্যানকে অপনান হিসাবেই গ্রহণ করিয়াছে এবং এ-অপমানের প্রতিশোধ নিষ্ঠ্র ভাবে দিতে বিলম্ব করে নাই। সংপাত্র পাওয়া সত্ত্বেও নির্মলার বিবাহ দিতে নারাজ হইবার কারণ অত্যন্ত কংসিতভাবে উদ্ভাবন করিয়া তাহারা সর্বত্র প্রচার করিয়া বেড়াইতেছে। যথারীতি পল্লবিত হইয়া কথাটা ইতিমধ্যেই এমন ভাবে রাই হইয়াছে, যে বাহিরে তাঁহাদের মৃথ দেখাইবার উপায় নাই। লোকে বাড়িতে আসিয়া পর্যন্ত অপমান করিয়া যাইতে আর বিধা করে না। প্রজ্যোতের স্থণীর্ঘ অম্পস্থিতি তাহাদের কল্পনার আরও খোরাক জুটাইয়াছে। প্রত্যোত এ-পরিবারের আপনার জন

না হইয়াও যে ইহাদের ভরণ-পোষণ কবিতেছে, ইহাই তাহাদের কুন্সিত আলোচনার বিষয়। এইখানেই তাহাদের কল্পনার ক্ষেত্র প্রভাতের অনুপস্থিতিরও তাহারা এমন সব ব্যাখ্যা বাহির করিয়াছে যাহা কানে শোনা যায় না। অথচ না শুনিলেও উপায় নাই। যাহারা এ-সব কথা উদ্ভাবন করে, না শুনাইয়া তাহাদের স্বস্তি নাই। নিজের গরভেই তাহারা গায়ে পড়িয়া সব কথা বলিয়া যায়।

মা শেষ পর্যন্ত লিখিয়াছেন যে, পাড়ার যেভাবে কুৎস। রটিয়াছে ভাহাতে নির্মলার বিবাহ হওয়াই বৃঝি অসম্ভব। সকলেই তাঁহাদের বিপক্ষে। তাঁহারা অসহায় বলিয়াই তাঁহাদের পক্ষ লইবার জন্ম কাহারও আগ্রহ নাই—এই বিপদের সময় কি অপরাধে প্রভাতেও ্র্ট্রাহাদের পরিত্যাগ করিয়াছে. তিনি ভাবিয়া পাইতেছেন না। প্রােতের কাছে শেষ একটি অমুরোধ তিনি ক**ি** ন। প্রত্যোত আর কিছু না করুক, এই অমুরোগটি যেন সে ও একদিন তিনি দেশের বাডিঘর বেচিয়া অন্য কোশাও চ যাইতে চাহিয়াছিলেন। প্রছোত তথন বাধা দিহাছিল। কিন্তু আর উপায় নাই। তাঁহার নিজের বাপের বাড়ির গ্রামে সামান্ত টাকাকডি যাহা পাওয়া যাইবে ভাষা লইয়া কোনো বক্ষে হয়তো তাঁহার আশ্রয় মিলিতে পারে। এ-গ্রামে বাস করা যথন কোনো দিক দিয়াই আর স্থবিধা নয়, তথন প্রস্তোত যেন এইটকু ব্যবস্থা তাঁহাদের করিয়া দেয়। দারবাকের জমি-জমা দামান্য যাহা আছে তাহার তায্য মুলাটকু হইতে যাহাতে তাঁহারা বঞ্চিত না হন, এটুকু ষেন প্রত্যোত দেখে। ভাহার বিরুদ্ধে তাঁহার সভাই কোনো 108

ক্ষোভ নাই। সে যাহা করিয়াছে, নিজের সন্তানও তাহা বড় একটা করে না। প্রত্যোতকে সেজ্য় তিনি আশীবাদ করিতেছেন। প্রত্যোত চিঠি হাতে লইয়া অনেকক্ষণ গুম্ হইয়া বসিয়া বহিল। অমলবাবৃদের পরিবারের উপর হইতে তুর্যোগের মেঘ কোনো দিনই দূর হয় নাই। তাহার নিজের চেষ্টাও সেদিক দিয়া নিজ্ল হইয়াছে। কিন্তু তাহাদের এই পরিণাম সে যেন সহ্ করিতে পারে না। এত দূর সে কল্পনা করে নাই। সব চেয়ে তুঃথের কথা এই, যে এ-পরিণামের জন্ম সে নিজেই বেশির ভাগ দায়ী; কিন্তু কি এখন সে করিতে পারে!

ইয়া, পারে বৈকি! সমন্ত হুর্ঘটনা হুর্ঘেগের ভিতর দিয়া ভাগ্যদেবতার নির্দেশ এবার সে অসংকোচে গ্রহণ করিতে পারে। ভয়
করিবার, দ্বিধা করিবার আর তাহার কিছু নাই। নিয়তির নির্দেশ
থেখানে তাহার অস্তরের নির্দেশের সহিত মিলিয়াছে সেখা
ক্রেণাচ করিবে কেন । সমাজ, সংস্কার—সব কিছুর সমান রাখিয়া
সে নিজেকে বৃঞ্চিত করিতে চাহিয়াছিল। নিজের সত্যকে অখীকার
করিরা স্বেচ্ছা-নির্বাসনের সম্ত বেদনা বরণ করিয়া লই াছিল।
কিন্তু এ-আত্মনিগ্রহের কোনো অর্থ-ই তো আর না।
কাহাকে সে সম্মান করিবে! সমাজ মানে তো এই! অসহায় এক
নিরীহ পরিবারের বিক্লে জ্বক্সতম ষড়যন্ত্র করিতে তাহার বাধে
না। এই সমাজের মৃথ চাহিয়া নিজের জীবনের সত্যকে কেন সে
বলি দিবে গ বলি দিয়া কল্যাণ হইবে কার গ নির্মলার নয়, তাহারও
নয়। বিলুপ্ত জীবনে কি যে তাহার পরিচয় সে অবস্তু জানে না!
কিন্তু না জ্বানিলেই বা কি আসে যায়। সে-জীবনের সহিত কোনো

সম্বন্ধও তাহার নাই। তাহার তো নবজন্ম হইয়াছে। সতা তাহার বর্তমান। এই বর্তমান জীবনে সে কিছুর অংশাগ্য নয়। বর্তমান জীবনে সে কিছুর অংশাগ্য নয়। বর্তমান জীবনেরও দাবি, শাস্তির দাবি, নৃত্ন করিয়া ভবিশ্বং রচনার দাবি। সে-দাবিও তাহাকে মিটাইতে হইবে। যে অতীত মৃত্যু-গাঢ় অন্ধকারে হারাইয়া গিয়াছে, তাহারই ভয়ে সংকৃচিত হইয়া বসিয়া থাকিবার তাহাব কোনো প্রয়োজন নাই। এবার আর সে ভয় করিবে না, নিজের জীবনের সতাকে নিতীকভাবে প্রতিষ্ঠিত করিবে। অভ্যেরর নির্দেশ যগন ভাগাদেবতার নির্দেশের সহিত মিলিয়াছে তথন ছিলভারে সে দাভাইয়া থাকিবে না।

নির্মলার দিক হইতে বে বাধার কথা আগে তাহার ভাবার প্রয়েজন ছিল, দে-বাধাও তো এপন দূর হইনা সিয়াছে। নির্মলার নাট্রা তাহার পরিবারের নামে পাছে কুংসা রটে, এই জন্তই সে ভিন্ন পাইয়াছিল; কিন্তু আর ভয় করিবার কিছু নাই। সমাজ নিজে হইতেই তাহাদের নামে কালি-লেপনের ভার লইয়াছে, ঘটনার জন্ত অপেক্ষা করে নাই। নির্মলাকে গ্রহণ করিলে, তাহাদের পরিবারের সামাজিক অথ্যাতি আর বেশি কিছু হইবে না। তাহাদের নামে যথেষ্ঠ কুংসা রটনা হইলাছে তাহার পূর্বেই—ব্রি ভালোই হইয়াছে। অবস্থা সকল দিক দিয়া এমন জটিল না হইয়া উঠিলে, ব্রি প্রভাত নিজের সত্যাকে প্রতিষ্ঠিত করিবার প্রেরণা পাইত না। নিজের স্থার্ব-ই পাছে প্রধান হইয়া ওঠে, এই ভয়েই সে নিজেকে অপসারিত করিয়া রাগিত। সমন্ত ঘটনার ধারার ভিতর এবার প্রভোত সত্যই যেন ভাগ্য-১৬

দেবতার স্পষ্ট নির্দেশ দেখিতে পায়। এই ধারায় যতক্ষণ সে ভাসিয়া আসিয়াছে, তৃতক্ষণ তাহার মনে বৃঝি সংশয়-ছিধা-ছম্মের শেষ ছিল না। নদীর প্রতি বাঁকে সে ভয় পাইয়াছে, হতাশ হইয়াছে, ছলিয়াছে সন্দেহ-দোলায়। তাহার মনে হইয়াছে, এ ধারা বৃঝি অর্থ: নি, উদ্দেশাহীন ইহার গতির কুটিলতা। তাহাকে লইয়া এ যেন থেয়ালী কোন নিষ্ঠুর দেবতার থেলা! কিন্তু এথন সে যেন লক্ষ্য দেখিতে পাইয়াছে। তাহার সমস্ত ঘটনার ধারার অর্থ এইবার তাহার কাছে পরিক্ষুট হইয়া উঠিয়ছে। নানা পথে ঘুরাইয়, নানাভাবে নাকাল করিয়া জীবন-বিবাতা তাহাকে এই-ধানেই পৌচাইতে চাহিয়াছেন। এইজ্যুই বৃঝি তাহার নবজন্মের প্রয়োজন ছিল। সমন্ত আশ্রম হইতে বিচ্যুত হইয়া, সমন্ত অবলম্বন হারাইয়া এমনি করিয়া নৃতনভাবে তাহাকে জীবনের সার্থকতা ও মহিমা আবিক্ষার করিতে হইবে, এই বৃঝি গৌহার অভিপ্রায়!

চিঠি পড়ার পর রাঙানার মুখ দেখিয়া বিমল ভর পাইয়াছিল কিনা, কে জানে। এতক্ষণ কিন্তু তাহার কোনো কথা শোনা যায় নাই। এইবার সাহস করিয়া সে জিজ্ঞাসা করিল—"কালকেই যাবে তো রাঙানা।"

প্রত্যোত হাসিয়া বলিল—"নিশ্চয়ই।"

প্রত্যোতের মনে আর কোনো দিখা নাই। নিজের পথ সে দেখিতে পাইয়াছে।

## তেরে

এ-কাহিনী এখানেই সমাপ্ত হইলে বুঝি ভালো হইত। অভীত জীবনের যবনিকা তুলিয়া দেখিতে প্রজোত আর চায় না; ন্তন জীবনে আপনাকে সার্থক করিবার একটুখানি স্থযোগ পাইলেই সে সম্ভই। সে-স্থযোগটুকু সে লাভ কফক, এই বুঝি আমাদের কামনা। কঠিন সাধনা দে করিয়াছে, ম্লাও বড় কম দেয় নাই। নিজের জীবনকে নিশ্চিন্তভাবে রচনা করিবার অধিকার সভ্টই সে অর্জন করিয়াছে।

প্রেক্টাতকে আমরা ছোর্চ একটি সংসারের মধ্যে কল্পনা করিতে পারি। শান্ত অনাড়ম্বর জীবন-যাত্রা—আমনদ গভীর বলিয়াই বাহিরে কোনো চাঞ্চলা নাই। তাহারই ভিতর দিয়া দে প্রতি মুহুর্তে জীবনের অসীম রহস্তের বাদ আবিকার করিয়া চলিয়াছে। জীবনকে জানিবার জন্ম উদ্ভট কোনো সাধনার, অসাধারণ কোনে আয়োজনের প্রয়োজন নাই, এইটুকু এতদিনে দে জানিয়াছে। দে জানে জীবনের স্ত্যুকার মহিমা উচ্চুঙ্খল উল্কা-গতিতে নয়, শান্ত স্থস্মস্কত ছন্দে। স্থেষ্টির গৃত্তম অর্থ এই ছন্দেই ধরা পড়ে। সেই ছন্দেই প্রত্যোত তাহার জীবন এবং একটি সংসারকে রচনা করিয়া তুলিতেছে বলিয়া আমরা কল্পনা করিতে পারি।

আমরা মনে করিতে পারি, দারবাকের সেই বাড়িটিভেই সে ১৩৮

আছে। যে-পরিবার তাহার নিরাশ্রয় জীবনকে আশ্রয় দিয়াছিল তাহাদের কাহাকেও দে ছাড়িতে চায় না। সকলকে লইয়াই চলিয়াছে তাহার অপরূপ রচনা। তাহার নিভীক আত্ম-প্রতিষ্ঠ আচরণে গ্রামের বিষাক্ত শাণিত জিহবাও হার মানিয়া নীরব হইয়াছে। এ-পরিবারের মাথার উপর তর্যোগের মেঘ আর ঘনাইয়া নাই। বাহিরের দিক দিয়া তাহার জীবন এখনও হয়তো পরিবর্তিত হয় নাই: এখনও সে সমস্ত হথা কলিকাতায় কাটাইয়া শনিবার সন্ধ্যায় উৎস্থকভাবে ট্রেনে আসিয়া চাপে। পুরাতন কবিতার মতো সেই অতি পরিচিত পথ মধুরভাবে ট্রেন থেন পুনরাবৃত্তি করিয়া বায়। সৌশনে নামিয়া অস্পই অন্ধকারের ভিতর দিয়া আচ্চন্নের মতে। সে গ্রামের পথ পার হয়। এ সমস্ত গ্রাম এখন যেন অন্তর্ক বন্ধুর মতো বিশেষভাবে গোচর না হইয়াই স্নিগ্ধ দান্নিধ্যেষ্ক স্পর্শ দেয়। তাহার হাতে ছোটখাট একটি মোট। তাহার ভিত্র হত কি অপরূপ দামগ্রী যে আছে, কে জানে। হয়তো বড়দির ছেলে-মেয়েদের জন্ম কিছু লজেনচুদ। কমলের জন্ম রঙিন ছবির বই, বিমলের জন্ম হয়তো তুর্লভ একটি দোফলা ছুরি, সংসারের জন্ম তপ্রাপ্য কিছু আনাজ, আর হয়তো নির্মলার জন্ম সামান্ত কয়েক গজ জরির ফিতে। দরজায় আঘাত দিতে না দিতে এখনও উৎস্থক হাতে থিল থুলিয়া যায়। তাহার পর শুরু হয় আনন্দ-কোলাহল।

দারবাকের সেই বাড়িটিরও কিছু পরিবর্তন হ'ইয়াছে নিশ্চয়। দক্ষিণের ভাঙা ঘরের হয়তো সংস্কার হইয়াছে। তাহার উপর নৃতন পাতার ছাউনি। ঘরের ভিতর হইতে আলো দেখা যায়। হুই উৎস্ক হাতে এই দিনটির প্রতীক্ষায় নির্মলা সমস্ত স্থচাক্ষরণে নির্যুতভাবে সাজাইয়া বাধিয়াছে। ধব্ধব্ করে পরিপাটি বিছানা। আলনার ধারে কাপড় জামা পরিচ্ছন্নভাবে ঝোলানো। টেবিলের উপর নূতন মাজা বাতিটি ঝক্ঝক্ করিতেছে। ঘরের আস্বাব হরতো সামান্তই কিন্তু তাহাদের প্রত্যেকটিতে নিপুণ একটি হাতের ম্পর্শ পরিস্কৃট। বড় আটচালার দাওয়ায় হয়তো আগেকার মতোই জটলা হয়। আধ-অবগুর্তিত একটি মেয়ে গুরু ব্ঝি দ্রে দ্রে থাকে। তব্ তাহার সমস্ত দেহ মনের উক্তল আনন্দ ব্ঝি চাপা থাকে না। হয়তো দিদি বলেন—"তোর আজ চা করতে হবে না বাপু। পেয়লাটা ভাঙলি তো।"

চাপা হাসির সঙ্গে মূহ কঠম্বর শোনা যায়—"না গো ভাঙৰ কেন। পড়ে পৌল হাত লেগে!"

"আর্জ তোর হাত থেকে সব পড়ে যাবে। তুই সর দেখি।" বড়দিকে এ-অত্যায় পরিহাসের জত্ত দৃষ্টি ছারা শাসন করিয়া রাগের ভান করিয়া নির্মলা চলিয়া যায়; কিন্তু বেশি দুরে কোথাও নয়।

বড়দি আবার ডাকিবামাত্র তাহার সাড়া পান—"নে, চা দি" আয় প্রজোতকে ! সেদিনের মতো আবার হাতে ফেলে দিসনি যেন প্রম চা।"

"আহা, দেদিন বৃথি আমার দোষ ছিল—নিতে গিয়ে ছেড়ে দিলে কেন !"

তাহার পর রাত আরও বাড়ে। নিন্তর গ্রামের উপর রাত্রির আকাশ জ্যোতির্লোকের রহস্ত-সঙ্কেত প্রসারিত করিয়া দেয়। ১৪০ ঘরে নির্মলা প্রভাতের কাছে খেঁষিয়া বসিয়াছে। মাথার ঘোমটা তাঁহার হয়তো প্রায় সমস্ডটাই সরিয়া গিয়াছে, তরু মনে হয়, সেঁ মুথ আধ-অবগুঠনের অপরূপ বহস্তে যেন মণ্ডিত। স্বথানি তাহার জানা যায় না, কোনো দিনই যাইবে না। যত দুরই অভিযান করুক না কেন, তাহার রহস্ত যে কোনোদিন ফুরাইবে না, ইহাতেই বৃষি প্রভাতের গভীর পরিভৃপ্তি। নির্মলাই তাহার জীবনে রাত্রির আকাশের রহস্ত-সক্তে আনিয়াছে।

কিন্তু এ-কল্পনা এখন থাক।

এ-কাহিনীর সমাপ্তি হইতে আর একট বাকি আছে।

প্রছোত বিশ্বতির যবনিকা অপসারিত করিতে আর চাঞ্চ্ নাই হয়তো, কিন্তু তবু যবনিকা উঠিল অকমাৎ অপ্রত্যাশিত ভাবে।
প্রয়োতের সমস্ত কল্পনা, সমস্ত সহল গেল বিপর্যত হইয়া।

পরের দিন সকাল বেলা প্রভোত বিমলকে লইয়া চিড়িয়াখানা দেখাতেই বুঝি বাহির হইতেছিল। সহসা দরজার কাছেই কাহার ডাকে সে ফিরিয়া তাকাইল।

তাহার নিয়তির এই বুঝি বিধান—অকমাং তাই সে ফিরিয়া তাকাইল শুধু পিছনে নয়, তাহার বিলুপ্ত সমস্ত অতীত জীবনের উপর।

দেথা গেল, রান্তার কাছে মেসের দরজার পাশে একটা লোক দাঁড়াইয়া তাহার দিকে চাহিয়া আছে। প্রত্যোত তাহাকে সহসা চিনিতে পারিল, রাষ্ডার ধারে আকস্মিক ভাবে যাহার সহিত দেখা হইয়াছিল সেই লোকটি বলিয়া নয়, চিনিতে পারিল তাহার পূর্বের সমস্ত আবেইন, সমস্ত ইতিহাসের সঙ্গে জড়াইয়া—
যবনিকা থসিয়া পড়িল এক মুহুর্তে। একটি লোকের পরিচয় যেন
যন বিস্মৃতির কুয়াশা অপসারিত করিয়া আসিয়া মনের কন্ধ দার
সহসা খুলিয়া দিয়াছে। সেই মুহুর্তে প্রভোতের চোথে সমস্ত
জগতের রূপও যেন পরিবর্তিত হইয়া গেল।

লোকটা কুৎসিত মুখে, অশোভন ভাবে হাসিয়া বলিল—"বডড চমকে গেছ, কেমন দাদা! দিব্যি গা ঢাকা দিয়ে থাকবার চেটায় ছিলে; কিন্তু মথ্ব বায়কে ফাঁকি দিতে পাবলেনা। কেমন খুঁজে বাব করেছি তো!"

প্রভোত অনেকক্ষণ নিজকভাবে দাঁড়াইয়া থাকিয়া অবশেষে অতিহার যেন উচ্চারণ ক্রিল—"কি দরকার বল ?"

"দরকার! দরকার না হলে বৃঝি, আসতে নেই। পুরোনো আলাপীর সঙ্গে ঘুটো কথা কইতে বৃঝি ইচ্ছে হয় না!"

প্রত্যোতকে তথাপি নীবব দেখিয়া মথ্ব আবার বলিল—"আমায় দেখে বড় খুশি হয়েছ বলে তো মনে হচ্ছে না। আমাকে আবার ভয় কিসের, দাদা! নৃতন কিছু মতলবে আছ বুঝি কিন্তু জানতে দাদা, আমা হতে কোনো অনিষ্ট হবে না। আমি তো আর বিঞ্পদ নই, দরকার হলে কালা বোবা ঘুই হতে জানি।"

ইহাকে একেবারে উপেক্ষা করা বুঝি চলে না। প্রছোত হাদিবার চেষ্টা করিয়া বলিল—"বেশ, কিন্তু আমায় ভুল ঠিকানা দিয়েছিলে কেন।"

ভূল নয় দাদা, ঠিকই দিয়েছিলাম। তবে সাবধানের বিনাশ ১৪২ নেই ! অনেক দিন দেখা সাক্ষাৎ হয়নি, প্রথম দিনটা ভাই একটু ভূব দিলাম। যাই হোক দেখা ভো হল।"

প্রত্যোত যেন একটু কুন্তিত ভাবে বলিল—"আর একদিন এস। আজ আমি একটু ব্যন্ত!"

"তা তো দেখতেই পাচ্ছি। তবু ঘুটো কথা আমার শুনলে আর কি ক্ষতি হবে।"

এড়াইবার আর কোনো উপায় নাই। বিমলকে একটু অপেক্ষা করিতে বলিয়া মথ্রের সঙ্গে প্রভাতকে যাইতেই হইল। মথ্র হাসিয়া বলিল—"ওটি আবার কে ? কি কিকিরে কথন যে থাক বোঝবার উপায় নেই।"

প্রত্যোত এ-কথার জবাব দিল না। মথ্ব একটুথানি অপেক্ষা করিয়া, এবার আদল কথায় নামিল। গলাব স্বর নামাইয়া আগ্রহভবে বলিল—"ভালো একটা কাল হাতে আছে, রান্ধী হও তোবল। কোনো গোলমাল নেই, ঠিক আধাআধি বথবা।"

প্রজোতের মুথের ভাব একবার বৃঝি দেখিয়া লইবার চেটা করিয়া
মথুর আবার বলিল—"একেবারে আদল হীরের খনির দক্ষান
পেয়েছি। দবে পাথা উঠেছে। বাপের বিষয় পেরে ওড়াবার
ফিকির খুঁকে পাছে না। এই বেলা পাকড়াতে পারলে আর
ভাবনা নেই। আমার পুকুর, আমার ছিপ, ভোমায় শুধু খেলিয়ে
ভাশায় তুলতে হবে।"

প্রত্যোত থানিক চুপ করিয়া থাকিয়া গন্তীরভাবে বলিল—"আমি ওস্ব কান্ধ ছেড়ে দিয়েছি।"

"ছেড়ে দিয়েছ!" মথ্ব থানিকটা বিস্মিতভাবে প্রত্যোতের দিকে

তাকাইয়া উচ্চৈঃখরে হাসিয়া উঠিল। তাহার সে-হাসি আর থামিতে চায় না—"তা ছাড়তে পাব, দাদা। বেড়ালেও মাছ ছাট্ড কথনও কথনও ক্ষীরের বাটির সন্ধান পেলে। কিন্তু েমার ক্ষীরের বাটি তোমারই থাক। উপরি পাওনায় তোমার আপত্তি কি ? দিব্যি গেলে বলছি, কোনো হাঙ্গামা হবে না। সব দায় আমার। কেমন রাজী তো ?"

প্রভাতের মনে হইল নিজেকে আর দে সংঘত করিয়া রাখিতে পারিবে না। কোথায় ভাষার ভিতর যেন ভয়ত্বর ঝড় উঠিয়াছে, ভাষার মনের সমস্ত নোঙর দে-ঝড়ের বেগে হিঁড়িয়া যাইবে এখনই। উন্নতের মতো একবার যেন দে চীংকার করিয়া উঠিতে পারিলে শান্তি পায়।

তবুশাস্ত ভাবে প্রাণপণে নিজেকে সংযত করিয়া সে বলিবার চেষ্টা করিল—শনা, আমি পারব না।"

মথুর বুঝি এ-উত্তর আশা করে নাই। থানিক নীরবে প্রত্যোতের মুথের দিকে তাকাইয়া, হঠাৎ দে কঠিন বিদ্রপের স্বরে বলিল— "বিফুপদ জেলে একলা আছে, শুনলাম। বেচারার কেউ নাকি সঞ্চী নেই।"

প্রত্যোত হঠাং মথুবকে বিমৃত করিয়া দিয়া চীংকার করিয়া উটিল—"তুনি মাও। শীগগির যাও এখান থেকে। কোনো কথা আনি শুনতে চাই না।" তাহার পর কোনো দিকে না চাহিয়া আরক্ত মুখে সে হন্ হন্ করিয়া ফিরিয়া গেল।

কিন্তু বৃথাই বৃঝি তাহার এ-উত্তেজনা। মথুরকে দে জোর করিয়া বিতাড়িত করিতে পারে; কিন্তু বর্বনিকার ওপারের ধে জীবন আজ ১০০ উদ্ঘাটিত হইয়াছে, তাহাকে অত সহজে সে তো বিদায় দিতে পারিবে না। মৃথ ফিরিয়া চলিয়া আসিলেও তাহাকে ছাড়ানো সম্ভব নয়। বিশ্বতির পার হইতে নবজন্মের জগতেও সে-জীবনের গাঢ় ছারা এবার আসিয়া পড়িয়াছে। চোথ বুজিলে সে-ছায়াকে অধীকার করা যায় না।

না, আবার তাহার নৌকার নোঙর ছিঁড়িয়াছে অতীতের বস্থা-স্রোতে। ঘাটের নিশ্চিন্ত আপ্রয় তাহার জন্ম । আবার তাহাকে ফিরিতে হইবে। গত জীবনের ঝণ তাহার অনেক, তাহার শোধ করিতেই হইবে।

কেমন করিয়া জীবনের অমন পথ সে প্রথম বাছিয়া লইয়াছিল, কে জানে? সামান্ত হয়তো কোনো প্রলোভন, হয়তো সামান্ত একটু অসাধারণত্বের লোভ তাহাকে বিচলিত করিয়াছে; কিন্তু তাহার পর আর সে থামিতে বুঝি পারে নাই। নিজের গতিবেগের প্রেরণাতেই বুঝি ক্রমশ ভাসিয়া গিয়াছে, অসহায় ভাবে নামিয়া গিয়াছে অভল অন্ধকারে। চেষ্টা করিলেও, সেদিন বুঝি তাহার ফিরিয়া দাঁড়াইবার উপায় ছিল না। অথচ এ-জীবনে সার্থকতা শুধু নয়, শান্তিও যে নাই, এ-কথা সেদিন সে বেন ব্রায়াছিল। ক্ষণে ক্ষণে সেদিনও তাহার মন উদাস হইয়া উঠিয়াছে, অন্ধকার বন্ধ্যা-জীবনের তীর হইতে উৎক্ষক ভাবে চলিয়াছে ওপারের ক্মিয়া শাসাতার দিকে, যেখানে মান্থকে ক্ষণে ক্ষণে উত্তেজনার উগ্র স্থরায় মাতাল হইয়া জীবনের ব্যর্থতাকে ভূলিতে হয় না, যেখানে শাস্ত প্রোত বয় স্প্রীয় পরম সার্থকতার উদ্দেশ্যে।

ফিরিবার পথ নাই বলিয়াই হতাশ হইয়া সে ব্ঝি নিজের উপর
১০(২৫) ১৪৫

প্রতিশোধ লইয়াছে, গিয়াছে আরও গভীর অতলতায় নামিয়া। স্থাব, শান্তিতে বাহারা বাদ করে, আর বাহারা কাপুরুষের মতে। আদে উত্তেজনার উত্তা গণ্ডুব মাত্র পান করিতে—সকলের উপরই তাহার ছিল আক্রোশ। তাহাদের প্রতারণা করাই তাহার শুধু ব্যবসায় নয়, বৃঝি বিলাসই ছিল। তাই দিন দিন চুধর্ব হইয়া উঠিয়াছে। তাহার ক্ষমতা বাড়িয়াছে দিন দিন। কত ভাবে, কত অভুত উপায়ে মাহুষকে দে যে ঠকাইয়াছে তাহার বৃঝি হিদাব হয় না। তাহার প্রতিভা স্বাভাবিক পথ পায় নাই, তাই বিকৃত ভাবেই তাহার স্কুরণ হইয়াছে।

এক জায়গায় সে বেশিদিন স্থির থাকে নাই, এক পথ বেশিদিন অহদরণ করিতে পারে নাই। তাহার ভিতরের অশান্তি কেবলই তাহাকে নৃতন হইতে নৃতনতর ক্ষেত্রে ঠেলিয়া লইয়া গিয়াছে। কথনও এক দলের সহিত গোপন জুয়ার আড্ডায় বসাইয়া নিরীই নির্বোধ ধনীসন্তানের সর্বনাশ করিয়াছে। কথনও আর এক দলের সহিত ভিড়িয়া পুলিশের সতর্কদৃষ্টি এড়াইয়া, নিষিদ্ধ মাদক-দ্রব্য চালানের বন্দোবস্ত করিয়াছে।

তাহার শেষ অপকীতি বৃঝি জাল নোট চালাইবার চেষ্টা। বি...শ এই চেষ্টাতেই বিফল হইয়া সে গোপনে দেশে পলাইয়া আসিতে-ছিল। এবার পলায়ন সে সহজে করিতে পারে নাই, এত দিনে বৃঝি সত্যকার বিপদের সহিত তাহার পরিচয় হইল। একজন সঙ্গী তথন ধরা পড়িয়াছে। পুলিশের সতর্ক পাহারা চারিদিকে। কোনো মতে তাহারই ভিতর হইতে ভাগ্যের সহায়তায় সে বৃঝি নিক্ষতি পাইয়াছিল। কৃলিকাতায় আদিবার পূর্বে সমন্ত ঘটনা এবার তাহার স্মরণ হয়।
পশ্চিমের একটি শহর হইতে কোনো মতে পূলিশের হাত
এড়াইয়া, ট্রেনে আদিয়া উঠিয়াও নিশ্চিম্ব হইতে দে পারে নাই।
ধরা পড়িবার ভয় প্রতি মৃহুর্তে। অসীম উদ্বেগের ভিতর তাহাকে
সমন্ত ক্ষণ কাটাইতে হইয়াছে। কয়েক জায়গায় ট্রেন বদল
করিয়াও নিরাপদ দে হয় নাই, দে উদ্বেগ ও আশহা ক্রমশই বেন
অসহ হইয়া উঠিয়াছিল। জীবনে অনেক তুঃসাহদিক অপকর্ম দে
করিয়াছে, কিন্তু এত ভয় বৃঝি কথনও পায় নাই। সেদিনও তাহার
মনে হইয়াছিল এই ভয় বেন অস্বাভাবিক, বাহিরের কোনো বিপদ
ইহার মূল বেন নয়; বেন তাহার অস্তরের কোনো অতলক্ষাশী
অজানিত গুহা-মূথ হইতে অন্ধকারের গাঢ় প্রোতে উৎসারিত হইয়া
এই অহৈতৃক আতক তাহার সমন্ত চেতনাকে নিমজ্জিত করিয়া
দিতেচে।

অনেকক্ষণ সে এই আতক্ষের বিরুদ্ধে যুঝিবার চেষ্টা করিয়াছিল; এইটুকু তাহার মনে আছে। তাহার পর কথন নামিয়াছিল বিস্তৃতির যবনিকা, কে জানে!

কিন্তু অতীতের এই কলম্বিত ইতিহাস প্রচোত এখন অস্বীকার করিতে পারে না কি ? প্রায়শ্চিত্ত তাহার কি সম্পূর্ণ হয় নাই! জন্মান্তরের এ-কাহিনী ভূলিয়া সে কি নৃতন করিয়া জীবন-রচনার ব্রত লইতে পারে না!

পারে, কিন্তু আগে বুঝি অতীতের ঋণ-শোধ তাহাকে করিতে

হইবে। প্রভোত অস্তত তাহাই শ্রেয় বলিয়া বুলিয়াছে। গৃত জীবনের সম্পূর্ণ প্রায়ন্চিত্ত সে করিবে। কোনো লেনা সে বাকি রাধিবে না। দেবতার চোধে হয়তো তাহার প্রায়ন্চিত্ত সম্পূর্ণ; কিন্তু মাছ্যের জগতের বিচারে এখনও সে ঋণী। সে ঋণও সে শোধ করিবে। অতীতের কোনো ছায়া যেন ন্তন জীবনকে বিভৃষিত না করে। কোনো মণ্র রায়ের প্রতিহিংসাকে যেন তাহার ভয় করিবার না থাকে।

প্রজ্যাত বিমলকে বুঝাইয়-ভ্রমাইয় দেশে পাঠাইয়া দিল।
বিমল যাইতে চাহে নাই। কলিকাতা দেখার সাধ তাহার মেটে
নাই বলিয়া যে যাইতে চাহে নাই তাহা নয়, যাইতে চাহে নাই
কেমন এক অম্পন্ত শিশুমনের উপলব্ধির ইন্ধিতে। সমন্ত দিন
রাঙাদার অভুত পরিবর্তন তাহারও দৃষ্টি এড়ায় নাই। রাঙাদা
তাহার সহিত যাইতে পারিবে না, বলিয়াছে। রাঙাদা বলিয়াছে,
সামাল একটু কাজ সারিয়াই সে পরে যাইবে। কিন্তু বিমলের
তাহা কেমন যেন বিশ্বাস হয় নাই। সে তাই থাকিবার জল্ল জেদ
করিয়াছিল। রাঙাদাকে সঙ্গে লইয়া সেও পরে যাইতে চাম এই
ইচ্ছা জানাইয়াছিল। কিন্তু রাঙাদা এখানে কঠিন। বিমল. দশ্য
পর্যন্ত তেই হইল।

টেশনে গাড়ির ভিতর হইতে মৃথ বাড়াইয়া অশ্রকদ্ধ কঠে বিমল হঠাৎ বলিল—"জানি দব মিথ্যে কথা। তুমি আর দেখানে যাবে না, রাঙালা।"

এই আশকাই বৃঝি আর একদিন তাহার ব্যাকুল কঠে ধ্বনিত হইষাছিল। প্রভাোত সেদিনকার মতোই আজ আবার উত্তর দিল ১৪৮ — "না, ভাই বিমল, সভিত্যি যাব। এথানকার কাজ চুকলেই যাব!"
কে জানে, বিমল ভাহা বিখাস করিল কিনা। কিন্ত বিখাস
করিলেই বা ক্ষতি কি!
হয়তো সভাই প্রজ্যোভ আবার সেধানে ফিরিবে, অভীত
জীবনের প্রায়শ্চিত্ত সম্পূর্ণ করিয়া শুরু করিবে নৃতন জীবনের রচনা।

সমাপ্ত



আন্ধকালকার ছোটগল্প লেখকদের মধ্যে প্রেমেক্স মিত্র নি:সংশয়রূপে অগ্রগণা। তাঁর ছোটগল্প উপন্থাসের ছিল্ল অংশ নয়, নয় বা সরাসর সিধে রান্তার কাহিনী, একটানা বিবরণ। পদ্মপাতায় যেমন নিটোল সম্পূর্ণ শিশির্বিন্দু তেমনি তাঁর ছোটগল্প, আপনার বৃত্তের মধ্যে ঘনীভূত। এভটুকু চাঞ্চলা যেন তার পক্ষে অসহা। এই সংযম ও পরিমিতিবোধই প্রেমেক্স মিত্রের আশ্চর্য বৈশিষ্ট্য। এই বৈশিষ্ট্যের নির্মৃত পরিচয় পাওয়া যাবে তাঁর "পুতৃল ও প্রতিমা" বইয়ে। সচিত্র সিগ্নেট সংস্করণ, দাম আড়াই টাকা।